- Sj. Canesh Chosh:

তা যদি হয় তাহ'লে তার জন্য কত জমি নেওয়া হবে এবং কত কৃষক উচ্ছেদ হবে?

Si. Tarun Kanti Chosh:

জমি এখনও নেওয়া হয় নাই এবং কত কি হবে তা এখন বলা যায় না।

Sj. Biren Banerjee:

একথা কি সতা, সেখানে নোটিস জাতীয় কিছু দেওয়া হচ্ছে?

8j. Tarun Kanti Chosh:

কোন নোটিস দেওয়া হয় নাই, তবে একটা নোটিফিকেশন পার্বালশ করা হয়েছিল কোন কোন জায়গার জন্য। এখনও কোন ল্যান্ড নেওয়া হয় নাই।

8j. Biren Banerjee:

ঐ যে নোটিফিকেশন ইস্করা হয়েছিল, সেটা কত পরিমাণ জমির উপর?

The Hon'ble Dr. Bidhan Chandra Roy:

তা সেকশন ৪-এ করা হয়েছে, অনেকের জানা আছে।

Sj. Biren Banerjee:

কি পরিমাণ জমির উপর করা হয়েছে?

81. Tarun Kanti Chosh:

তা জানা নাই।

Appointment of agents for supply of fertilizers

- 93. Sj. Sudhir Chandra Das: Will the Hon'ble Minister-in-charge of the Agriculture Department be pleased to state-
 - (ক) এবছর সার সরবরাহের জন। পশ্চিমবঙ্গে কাহাকে নিযুক্ত করা হইয়াছে:
 - (খ) ইংা কি সত্য যে, এই বছর সার সরবরাহের বাবস্থা না থাকায় মফঃস্বলের বহু
 অণ্ডলে সার সরবরাহ হয় নাই;
 - (গ) এই বছর জনুলাই মাস পর্যক্ত কাঁথি মহকুমায় কি কি সায় কি পরিয়াল সয়বয়হ হইয়াছে: এবং
 - (ঘ) ১৯৫৪-৫৫ সালের জলাই মাস পর্যক্ত কাঁথি মহকুমায় কি কি সার কি পরিমাণ সরবরাহ হইয়াছিল?

Minister-in-charge of the Agriculture and Animal Husbandry Department (the Hon'ble Dr. Rafiuddin Ahmed):

- (ক) (১) মেসার্স জার্ডিন হেন্ডারসন লিঃ. (২) মেসার্স শ' ওয়ালেশ এন্ড কোঃ লিঃ. (৩) মেসার্স শিউবক্ষ সত্যনারায়ণ, (৪) মেসার্স বর্ধমান ডিড্টিক্ট কো-অপারেটিভ মালটিপারপাস সোসাইটি লিঃ. (৫) মেসার্স হ্র্ণলী এগ্রিকালচার্যাল এসোসিয়েশন, (৬) মেসার্স ইউনাইটেড্ সাংলায়ার্স।
 - (খ) না।

(গ) এবংসর জ্লাই মাস পর্যন্ত কাঁথি মহকুমায় নিন্দালখিত পরিমাণ সার পৌৰ্ণছয়াছে :--

				মণ।
অ্যমোনিয়াম	मान स्किं		•••	২,১৬০
মিশ্র সার		•••		5,040
(ঘ) অ্যামোনিয়াম	সালফেট	•••		१२४
স্বপার ফসযে	ग ्ठे	•••		৩৬৭
মিশ্র সার			•••	२, २89
3.40—3.50 p.m.]				

[3-40—3-50 p.

Si. Natendra Nath Das:

হাননীয় মন্ত্রীমহাশয় এই যে (ক) প্রশেনর উত্তরে বলেছেন, ৬টা ক্রোম্পানিকে সার সরবরাহ এর্জেন্সি দেওয়া হয়েছে. এটা কি পশ্চিমবাংলা **এলাকাকে ভাগ ক'রে করা হয়েছে, না ৬ জনকে** সর জায়গার এজেনিস দেওয়া হয়েছে?

The Hon'ble Dr. Rafiuddin Ahmed:

৬ জন সব জায়গাতেই করতে পারে: তার মধ্যে কোন কোন কোম্পানি বলেছে, আমরা খালি এক 🖟 লোকালাইজড পেলসএ করব। যেমন বর্ধমানের যারা তারা বাংলাদেশের অন্য জায়গায় যায় না।

31. Natendra Nath Das:

এই যে (গ) ও (ঘ) প্রশেনর উত্তর দিতে যে ফিগার দিয়েছেন, ১৯৫৪-৫৫ সালে মিশ্রসারের আর ১৯৫৫-৫৬ সালের, এই মিশ্রসারের পরিমাণ এত কম হল কেন তার কারণ বলতে পারেন?

The Hon'ble Dr. Raffuddin Ahmed:

ফিগারগর্নি আগস্ট মাস পর্যব্ত দেওয়া হয়েছে; তারপরে আরও পেণছৈচে।

5j. Balailal Das Mahapatra:

আপনি যে ৬টা করেছেন তাঁদের এই বছর করেছেন?

The Hon'ble Dr. Raffuddin Ahmed:

হা, এই বছর।

Sj. Balailal Das Mahapatra:

সাবের মধ্যে ভেজাল দেওয়া হয়েছে এরকম সংবাদ পেয়েছেন কি?

The Hon'ble Dr. Raffuddin Ahmed:

ना।

SJ. Balaila! Das Mahapatra:

এর পূর্বে যথন তাল,কদার কোম্পানি ছিলেন—

Mr. Speaker:

এখানে প্রশেনর ভিতর কোথাও তাল্মকদার কোম্পানির নাম নাই, সে প্রশন কেন?

Sj. Balailal Das Mahapatra:

এই যে ৬টা কোম্পানিকে এ বছর নিষ্কু করা হয়েছে—এর পূর্বে কোন্ কোম্পানিকে দিয়েছেন।

The Hon'ble Dr. Raffuddin Ahmed:

নোটিস চাই : তার মধ্যে তাল্কুদার একজন **ছিলেন, তারপরে বলতে পারি না।**

Sj. Balailal Das Mahapatra:

সারে ভেজাল থাকে কি না তা পরীক্ষা করা হয়?

The Hon'ble Dr. Raffuddin Ahmed:

আমাদের ডিপার্টমেন্টএ সমস্ত জায়গা থেকে স্যাম্পল নিয়ে টেস্ট ক'রে তবে ছাড়া হয়।

Sj. Balailal Das Mahapatra:

আপনার কাছে কি অভিযোগ এসেছে যে, সারের মধ্যে ভেজাল দেওয়া হয়?

The Hon'ble Dr. Raffuddin Ahmed:

এ বছর আসে নি।

8j. Biren Baneriee:

এই যে সার সাম্লাই কোম্পানি স্থির করা হয়, এ কি লোয়েস্ট টেন্ডার থেকে হয়?

The Hon'ble Dr. Raffuddin Ahmed:

হাঁ, লোয়েন্ট টেন্ডারএর উপর থেকেই হয়।

Si. Biren Baneriee:

এ বছর তাল্যকদার কোম্পানি দর্খাস্ত করেছিলেন কি?

The Hon'ble Dr. Raffuddin Ahmed:

এ বছর করেন নি।

Sj. Biren Banerjee:

সেই তালকেদার কোম্পানির বেনামদার এই ছ' জনের মধ্যে আছে কি না বলতে পারেন কি ?

The Hon'ble Dr. Raffuddin Ahmed:

না, তা বলতে পারি না।

Sj. Mrigendra Bhattacharjya:

মাননীয় মন্ত্রীমহাশয় জানেন কি যে, তাল কদার কোম্পানি পূর্ব বংসরের সরকারের অনেক টাকা মেরেছে তার জন্য দেওয়া হয় নি।

Mr. Speaker:

না, এ প্রশ্ন এ্যালাউ করা যায় না।

S). Balailal Das Mahapatra:

মাননীয় মন্ত্রীমহাশয় কি জানাবেন যে, ধণ্ডে সারের জন্য জনসাধারণের পক্ষ থেকে দাবি এসেছে, কিন্তু তা সাপ্লাই করতে পারছেন না?

The Hon'ble Dr. Raffuddin Ahmed:

ধণ্ডে বীজ পশ্চিমবাংলায় যথেষ্ট পরিমাণে দেওয়া হয়েছে এবং এরকম কোন খবর পাই নি যেখানে ধণ্ডে বীজ পায় নি।

81. Nalini Kanta Haldar:

একথা কি সতা যে, বহু, জায়গায় চাষ শেষ হবার পর সার গিয়ে পেণছেছে?

The Hon'ble Dr. Raffuddin Ahmed:

এটা সতা নয়: তবে দূ'-এক জারগায় সার কিছু পরে গিয়েছিল আমাদের ট্রান্সপোর্ট এব অভাবে।

Si. Balailal Das Mahapatra:

भारतत कता रा **थण रम** दश र भागे भागि फिरक पिरा आपात कता रत. अकथा कारतत कि ?

Mr. Speaker:

আপনার প্রশ্নে সাটি ফিকেটএর কথা নাই। সাটি ফিকেট—এটা এগ্রিকালচারাল দুপার্ট মেন্টএর নয়।

Sj. Sasabindu Bera:

মাননীয় মল্টীমহাশয় বলৈছেন যে, এখান থেকে সার সরবরাহ করার পূর্বে পরীক্ষা করা য়। এর পরে ডিলারএর কাছে পে[†]ছাতে রেলে বা অনারকমে বহুক্ষেত্রে ভেজাল করা হয়; দ সম্বন্ধে কি চেক করার কিছু ব্যবস্থা আছে?

Mr. Speaker:

এটা হাইপর্থেটিক্যাল—আর্পনি ধরে নিচ্ছেন—

Si. Sasabindu Bera: How?

Mr. Speaker:

আপুনি বলছেন ভেজাল করে, তাহ'লে তা জানেন। তা না হ'লে হাইপথেটিক্যাল হয়ে গেল।

The Hon'ble Dr. Rafiuddin Ahmed:

আমাদের এথান থেকে টেস্ট ক'রে পাঠানো হয়। তারপরে রাস্তায় যেতে বা অনা কোন জায়গায় যদি হয় তা বলতে পারি না, কেন না সর্বাই যে ভাল লোক আছে তা নয়; দ্'-এক জন হয়ত এরকম ক'রে থাকে, তবে থবর পেলে আমরা অন্সন্ধান করব।

Mr. Speaker: Questions over.

Notice of adjournment motion

- Sj. Jnanendra Kumar Chaudhury: Sir, I beg leave to move the following motion for adjournment of the House to discuss a matter of urgent hubble importance...
 - Mr. Speaker: What is your subject?
- Sj. Jnanendra Kumar Chaudhury: Famine condition prevailing in various unions of Dantan police-station (district Midnapore)
- Dr. Atindra Nath Bose: Sir, you did not announce that the questions were over.
 - Mr. Speaker: I did Perhaps you did not hear,
- Sj. Jnanendra Kumar Chaudhury: In Dantan there were deaths of three persons due to starvation. There was very scanty crop in 1361 B.S. and very insufficient rains this year. Famine conditions are prevailing in unions 1, 2, 5, 6, 15 of Dantan police-station. Sindhubala Jana (23) of village Kusturia (union No. 2) died of starvation on 26th Sraban 1362 B.S. Chandra Santhal of village Nagpara (union No. 6) and Bhuiya Kole of Sirin village (union No. 6) died recently of starvation.
- Mr. Speaker: I refused my consent to it because it was a continuous action, and there is no urgency.

We shall now take up the Sales Tax (Amendment) Bill.

COVERNMENT BILL

The Bengal Finance (Sales Tax) (Second Amendment) Bill, 1955.

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: I beg to move that the Bengal Finance (Sales Tax) (Second Amendment) Bill, 1955, as settled in the Assembly be passed.

8jkta. Manikuntala Sen:

স্পীকারমহাশয়, প্রত্যেক সেসনএই আমাদের একটা আশৎকা হয় এবার জনতাকে প্রীড়ন করবার জন্য ডাঃ বিধানচন্দ্র রায় কোন নৃত্ন পশ্ধতি অবিন্কার করবেন! সেদিক থেকে এবারকার সেসন স্মরণীয় হয়ে থাকবে। ইতিমধ্যে দৃ্' কোটি দশ লক্ষ টাকা জনগণকে শোষণ করবার জন্য বাবস্থা করেছেন চায়ের উপর ও ফলের উপর টাাক্স বিসয়ে; আরও প্রায় ১৬ লক্ষ টাকা তোলবার বন্দোবস্ত হচ্ছে চিনির উপর টাাক্স বিসয়ে। এই ট্যাক্স বিসয়ে জনতাকে শোষণ করবার যে বন্দোবস্ত করলেন তার জনাই এই সেসনটা স্মরণীয় থাকবে। সংগ্য সংগ্য আশে পাশের আবহাওয়ার চেহারাটাও তুলে ধরা দরকার। কারণ দৃ্টোর সংগ্যে সংযোগ আছে। এবং সেটা হচ্ছে সংগ্য সংগ্যে প্রালসের ব্যবস্থা বেশি কড়াকড়ি ক'রে তোলা। সিকিউরিটি এ্যাক্টএর মেয়াদ বাড়িয়েছেন, তা ছাড়া স্পোলল পর্লিস এ্যাক্ট পাশ ক'রে এমন কি মীরাদিকে পর্যন্ত প্র্লিস বানিয়ে ছেড়েছেন। এইরকম ক'রে যখন তখন যাকে তাকে খ্রিশ প্র্লিস করবার ক্ষমতা নিয়ে যে লোককে পাঁড়ন করবার ব্যবস্থা করছেন সেইটের প্রতিও আপনার দৃ্ছি আকর্ষণ করিছি। কারণ, একদিক থেকে মানুষকে যদি শোষণ করা হয় তাহ'লে সে শোষণের প্রতিবাদ উঠবে, এটা ধ'রে নেওয়া যায়; তারজনাই নিপাঁড়নের বন্দোবস্তটাও পাশাপাশি ক'রে রাখছেন, বাতে শোষণের পথ অব্যাহত থাকে।

এখন এই চিনির সংকটে আমর। একট্ব বিশেষভাবেই উদ্বেগ বোধ করছি। চিনির দাম এখনি তের আনা। দোকানদাররা বলছে টাক্সে বসালে চোন্দ আনা ত হবেই তার চেয়ে আরও বেশিও হতে পারে। এবং হওয়াই সম্ভব। বলা হচ্ছে যে, এগটে দি সোর্সা ট্যাক্স বসাবেন। হয়ত সের প্রতি তিন পয়সা বসাবেন, কিন্তু দোকানের খবর ইতিমধ্যেই চিনি চোন্দ আনা হয়েছে অর্থাৎ তিন পয়সা ট্যাক্সের সংগ্যে আরও এক পয়সা বেশি বেডেছে।

[3-50—4 p.m.]

স্তরাং চিনির দাম চোন্দ আনারও বেশি হ'তে পারে এইরকম আশৃৎকা রয়েছে। মুখ্যমন্দ্রী গতকাল বলেছিলেন যে, চিনির ট্যাক্স নিয়ে ভাবনা নেই, কারণ এটা ত সাধারণ লোকে বাবহার করে না, সাধারণ লোক বাবহার করে গড়ে। মিঠাইওয়ালারাই বেশির ভাগ চিনি বাবহার করে, তাই তাপেরই ট্যাক্সটো দিতে হবে। মিঠাইরের উপর ট্যাক্সত বসানোই আছে। আবাব যদি চিনির উপর বসানো হয় তাহ'লে সেটিও আবার পরোক্ষভাবে জনসাধারণের উপরেই আসবে। কিন্তু সেকথা না হয় বাদ দিছি। কিন্তু আমি বলতে চাই যে, চিনি শুধু মিঠাইওয়ালারাই বাবহার করে না, সাধারণে ঘরেও চিনি বাবহার করে। যারা চিনি বাবহার করে তাদের মধ্যে একটা বড় অংশ নিন্দ মধ্যবিত্ত, মধ্যবিত্ত এইসব লোক আছেন। ডান্তার হিসাবে মুখ্যমন্দ্রী নিজেও জানেন যে, শিশ্র খাদোর জন্য চিনির প্রয়োজন এবং রোগীর জন্যও চিনিটার বিশেষ প্রয়োজন রয়েছে। শিশ্ব এবং রোগীদের জন্য যে জিনিস অনিবার্যভাবে দরকার হয় সেই জিনিসের উপর ট্যাক্সটা ইচ্ছা করলেই তিনি বাদ দিতে পারেন। এমন কিছু বেশি টাকা এ থেকে আসবে না। মার্ট দশ লক্ষ টাকা উনি সংগ্রহ করতে পারবেন। এই টাকা চিনির উপর ট্যাক্স বিসয়ে না নিলেই কি তাঁর আর চলছিল না এমন কি অবস্থা পশ্চমবাংলায় হয়েছে যার ক্রে। উনি সামান্য চিনির উপরও ট্যাক্স ধার্য করছেন? এটা উনি আর একবার ভেবে দেখনে।

তারপর উনি বলছেন যে, টাাক্স এাটি দি সোর্স করা হয়েছে। স্তুতরাং অত ভাববার দরকার কি, সাধারণ মান্যকে ত আর বহন করতে হবে না। আগেই বর্লোছ, আজকেই দোকানদারেরা বললো চিনির দাম তের আনা থেকে চোল্দ আনা বাড়বে। কাজেই চিনির উপর টাাক্স করলে চায়ের দামই বেড়ে যাবে। কাজেই তিনি যা বলেন সেটা ওঁর স্বিধার জন্যই বলেন। তিনিও জানেন যে, সেই টাাক্স জনতাকেই বহন করতে হবে। ছেলেমান্যদের মত আমাদের ভুল বোঝাবার চেণ্টা উনি যেন না করেন। কারণ যেভাবে টাাক্স করা হচ্ছে তাতে গরীব মান্যদেরই সেই টাাক্স বহন করতে হবে। জনতাকে ভাওতা দেবার চেণ্টা না করাই ভাল। জনতা এত ছেলেমান্য নয় যে উনি তাদের ভুল বোঝাবেন। উনি বললেন যে, বিরোধী পক্ষ থেকেই এাটি দি সোর্স টাাক্স করার জন্য বলা হয়, আর এখন যখন সেটা করা হচ্ছে তারাই আবার বিরোধিতা করছে। এাট দি সোর্স করছেন ভাল কথা, কিন্তু জনতাকে কি প্রোটেকশন দিচ্ছেন? উনি

25

ক্রি বলবেন যে বাজারে কেউ বার আনার বেশি চিনি বিক্রি করতে পারবে না, তা তিনি বলবেন না। চোন্দ আনা, সাড়ে চোন্দ আনা কিন্বা তার চেয়েও চিনির দাম বেশি হ'তে পারে। সেটা कम कुतात हाना रमशात कान शाएंकिमन तारे। कार्किर वार्षे पि स्मार्भ कुतात एवं मुख्य रमों बन्जा रा भारव ना। आत बक्वात छेनि बड़े विषय्रों एटरव मिथवात राष्ट्री कतून बवर এটা তলে নেবার চেম্টা কর্ন। আর তা না হ'লে উনি বলুন যে গরীব মান্যদের মারা ছাডা আব অনা কোন পথ ওঁরা দেখছেন না।

মান্ত্রের সামান্য একট্ব পানীয় চা: চিনির দাম বাড়ার জন্য সে চায়ের দামটাও আরও বাডবে। ফলের ট্যাক্স করেছেন, চায়ের উপর ট্যাক্স করেছেন এখন চিনির দামটাও বাডাচ্ছেন। গরীব মান্যদের উপর ট্যাক্সের বোঝা আরও বাড়াচ্ছেন এবং সাধারণ মানুষ, গরীব মানুষের কাছ থেকে টাকা এইভাবেই সংগ্রহ করা হচ্ছে। উনি হয়ত বলবেন ডেভেলপমেণ্টএর জনা যদি টাকা তলতে হয তাহ'লে টাক্স বসিয়েই তা নিতে হবে। আমরা বরাবরই এবং আগেও অল্টার-নেটিভ পথের কথা বলেছি। উনি বলেন গঠনমূলক, কনস্টাকটিভ ক্রিটিসিজম যদি করা হয় তাহ লে নিশ্চয় উনি খুশি হবেন। আমরা জানি না, কনস্ট্রাকটিভ ক্রিটিসিজম আর কাকে বলে। আমরা নিশ্চয় দেখাতে পারি, এই দশ লক্ষা টাকা তোলধার জনা চিনির উপর টার্ক্স বাড়াবার দবকার হয় না। আমরা দেখিয়ে দিতে পারি টাকা কোথায় আছে এবং বহুপুর্বেই এই আইন-সভাতেই তা দেখিয়েও দিয়েছি। সেটা যদি কনস্ট্রাকটিভ ক্রিটিসিজম না হয়, আমরা জানি না, কনম্টাক্তিভ ক্রিটিসজম আর কাকে বলে। উনি থোলাথ্লিই বল্ন যে, গরীবদের মেরেই এটা ওঁকে করতে হবে, অনা কারও গায়ে হাত দিতে পারবেন না। সোজাস্বাজি বললে আমরা ব্রুত পাবি উনি যেন ধাপা দিতে চেণ্টা না করেন। আজ দেখিয়ে দিতে চাই, প্পীকারমহাশয়, টাকা কোথায় আছে। দশ লক্ষ টাক মাত্র উনি চিনির উপর থেকে তুলতে পারবেন। যারা টাাক্স ফাঁকি দেয় সেই সমসত ফাঁকি বন্ধ করতে পারলে উনি তা থেকে ১০ থেকে ১৬ লক্ষ টাকা পর্যন্ত পেতে পারেন। আবও বলা যায়, যেখানে টাকার কনসেনট্রেশন হচ্ছে সেখান থেকেও সংগ্রহ বরতে পারেন। সেখানে কনসেনট্রেশন যে হয়েছে সেকথা অস্বীকার করবার উপায় নেই। টাক্সেশন এনকোয়ারি কমিটির রিপোর্টএই তা পাওয়া যায়। যদিও ট্যাক্সেশন এনকোয়ারি কমিটির যে রিপোর্ট তার আমরা নিশ্চয় বিরোধিতা করি, তার সংখ্য একমত নই, কিণ্ডু সেই ট্যাক্সেশন এনকোয়ারি কমিটিও একটা কথা বলেছেন—"দি রিচ হ্যাজ বিকাম রিচার এ্যান্ড দি প্রয়োব হ্যাজ বিকাম প্রয়োরার" একথা টা**ল্কোশন এনকো**য়ারি কার্মাটকেও বলতে হয়েছে। সত্তরাং টাকার কনসেন্ট্রেশন অত্যন্ত সতা ঘটনা এবং সেই সত্যটাকে আমি ফ্যাক্ট্রস দিয়েই দেখাচ্ছি। ১৯৫০-৫১ সালে যারা ইনকাম ট্যাক্স দিত—পাঁচ হাজার টাকার ইনকাম গ্রুপ যাবা—ইনকাম ট্যাক্স দিত, তাদের সংখ্যা ২ লক্ষ ৩৬ হাজার ৮ শো ছিল। ১৯৫৩-৫৪ সালে তার সংখ্যা কমে গিয়ে হল ১ লক্ষ ৫৭ হাজার ৬১৯ এবং তাদের মোট বাংসারিক আয় ৬৩ কোটি ১৮ লক্ষ টাকা। দেখন কনসেনট্রেশন কিভাবে হচ্ছে। ১ লক্ষ এবং তার উপর যাদের ইনকাম তাদের মধ্যে যারা টাক্স দের তাদের সংখ্যা ১৯৫০-৫১ সালে ৪ হাজার ২ শো. ১৯৫৩-৫৪ সালে সেই সংখ্যা বেড়ে ৪,৯৫৫ হয়েছে এবং মাত্র এই ক'টি লোকের আয় হচ্ছে বাংসরিক ২৬৭ কোটি ৫৮ লক্ষ টাকা। স্তরাং দেখুন টাক্তেশন এনকোয়ারি কমিটি যে কথা বলেছেন-দি রিচ হ্যাজ বিকাম রিচাব এ্যাণ্ড দি প্রোর হ্যাজ বিকাম প্রয়োরার এটা সত্য। ইনকাম টাাক্স যেখানে জমা পড়ে সেখানকার হিসাব ক'রে দেখন, সেখান থেকে ব্যাপারটা আরও পরিজ্কার হয়ে যাচ্ছে যে, জাতীয় আয়ের যা হার তা এক:⊹ক থেকে ক্রমশঃ চলৈ যাচ্ছে আর একদিকে সেটা ক্রমশঃ পাহাড় হচ্ছে। এই হিসাবে যদি জাতীয় আয় বাড়ে তাহ'লে তা থেকে ঠিকভাবে জাতীয় আয়ের রূপ বোঝা যায় না। অন্ততঃ সাধারণ মান, ষেব আয় বাড়ে নি. এইট, কু স্বীকার করা উচিত। সঙ্গে সঙ্গে একটা কংক্রিট উদাহরণ দেওয়া যায়। যেমন গত চার বছরে একমাত্র ইঞ্জিনিয়ারিং শিল্পের ইন্ডাম্মিয়ালিস্টদের গত চার বছরের প্রফিট হয়েছে ১৪ কোটি টাকা। টাকার জন্য মুখামন্ত্রী সেখানে হাত দিতে পারেন না? এই সমস্ত জায়গায় যে বিরাট কনসেনট্রেশন হচ্ছে তা থেকে টাকা সংগ্রহ কেন করেন না? প্রফিট সিলিং করলে সেখান থেকে নিশ্চয়ই টাকা আদায় হতে পারে। চিনির উপর টাাক্স বসিয়ে নিচ্ছেন মাত্র ১০ লক্ষ্ণ টাকা। এই টাকা যাদের ঘর থেকে নিচ্ছেন তাদের মেরেই নিচ্ছেন। অথচ এর চেয়ে তের বেশি টাকা উনি পেতে পারেন প্রফিটএর উপর সিলিং করে. একসেস প্রফিট যারা করে তাদের উপর টাাক্স বসিরে, টাাক্স যা ফাঁকি দেয় তা বন্ধ করলে পরে। স্ত্রাং কেবল গরীবের উপর টাাক্স বসানোর পথেই টাকা পাওয়া যায় একথা যেন তিনি না বলেন। অলটারনিটিভ পথ নিশ্চয়ই আছে, সে পথ আমরা বহুবার দেখিয়েছি কিন্তু তাতে ডাঃ রায়ের অস্বিধা হয়, ওঁর সেকথা পছন্দ হয় না এবং উত্তর দেবার সময় তার ধারপাশ দিয়েও উনি যান না। বির্ম্থ পক্ষ থেকে অনেক কথাই বলা হয় কিন্তু অস্বিধা ব্য়লে তিনি তার জ্বাবও দেন না। আমরা প্রশনকরবো এই যে টাাক্সেশন, যাদের উপর বসানো হচ্ছে স্বিদিক থেকে, নীতির দিক থেকে, অর্থনীতির দিক থেকে, তাদের রক্ষা করার দায়িয় ওঁদের রয়েছে কি না। তিনি জ্বাব দিন আমাদের কাছে কি কারণে গরীবের উপর টাাক্স বসাচ্ছেন। সামান্য চিনির উপর উনি টাাক্স করছেন কিন্তু একসেস প্রফিট ছেড়ে দিছেন। সেথান থেকে ডেভেলপমেন্টএর জন্য টাকা তিনি নিতে পারছেন না কেন? আমাদের তরফ থেকে আমরা বলেছিলাম—মেডিসিনএর উপর থেকে ট্যাক্স ছেড়ে দিন, টেকস্ট ব্রকএর উপর ট্যাক্স ছেড়ে দিন। প্রত্যেকবার বাজেটএর সময় তিনি বলেন, ভেবে দেখবা, কিন্তু তা আজও হ'ল না। ওঁর কথায় বিশ্বাস কি? তিনি এখনও ভেবে দেখছেন, এদিকে গরীব বাপেরা ট্যাক্স দিয়ে যাছেন।

শুষধের উপর, কোন বইয়ের উপর সেলস্ টাাক্ক থাকাটা যে অন্চিত এতে ভাববার কি আছে? তিনি সোনার উপর টাাক্ক বসাচ্ছেন। গুঁরা বলছেন, এতে দেশের গরীব মান্য, সাধারণ মান্যের উপর চাপ পড়বে না। কিন্তু একটা জিনিস লক্ষ্য করা উচিত ছিল, সেটা মধাবিত গৃহস্থের কথা। এ'রা কেউ বিলাতের দেশের লোক নন, বাংলাদেশেরই মান্য, বাংলাদেশের সমাজব্যবস্থা এ'দের জানার কথা। আপনারা জানেন, মধ্যবিত্ত গরীব বাপের মেয়ে বিয়ে দিতে কিছু সোনা দিতে হয়। তাদের যে সোনা কিনতে হবে তাতে আগে যে দাম ছিল ভরি প্রতি তার চেয়ে ৩৮০ বেশি দিতে হবে। কাজেই সেই গ্রীবই উৎপীড়িত হবে। সেজনা ম্থামন্টাকে স্মরণ করিয়ে দিই হয়ত ভোটএর জােরে এই বিল পাস করিয়ে নেবেন, কিন্তু তাঁকে শেষবারের মত স্মরণ করিয়ে দিই যে শ্ভবা্ন্ধি উদয় হওয়াতে তিনি দেশলাই প্রভৃতির উপর টাাক্ক ছেড়ে দিয়েছেন সেই শ্ভব্ন্থির থেকে তিনি চিনির উপরও কর বসানাের চেড়া ছেড়ে দিন। যা করতে চাচ্ছেন তাতে গুঁর এমন কিছু আয় হবে না কিন্তু সাধারণ মান্য, গরীব মান্য উৎপীড়িত হবে। সেজনা এই শেষ মৃহ্তেও এটা ছেড়ে দিন। একদিকে ট্যাক্স চালানাে এবং অনা দিকে প্রলিসী পীড়নের ব্যবস্থা—এই দুই দণ্ড নিয়ে আর বেশিদ্রে যেন অগ্রসর না হন।

[4-4-10 p.m.]

8]. Haripada Chatterjee:

সভাপালমহাশয়, আমাদের প্রধানমন্ত্রী মহাশয় কি ক'রে সেলস ট্যাক্স বেশি পাবেন তা ভাল ক'রে আলোচনা করতে বলেছেন। এখানে তাঁকে ট্যাক্সএর খবর দিতে পারলে ভাল ক'রে প্রেক্তার দেবেন বলেছেন। আমি সেই কাজই করছি। কিন্তু উনি যা করছেন তাতে কিছ্রই লাভ হবে না বরং দরিদ্র লোকদের উৎপীড়ন বাড়বে। এটা তিনি সজ্ঞানে করছেন কি অজ্ঞানে করছেন জানি না, কিন্তু উনি যা করছেন তাতে এটাই ব্রুকছি যে, তিনি দরিদ্রদের বিরুদ্ধাচরণ করছেন এবং বড় লোকদের পক্ষে কাজ করছেন। আমি এখানে তাই দেখাবো, আমার যদি ভূল হয় তিনি যেন সংশোধন ক'রে দেন। আমি প্রথমেই সেই সোনার উপর, ব্লিয়ন এান্ড দেপিসএর উপর যে ট্যাক্স সে সম্বন্ধে বলবো—সেখানে দেখা যাবে কি হচ্ছে? তার ফল কি হবে? যদি ১০০ টাকার সোনা কেউ কেনে তাহ'লে ৪॥১০ তাকে বেশি দিতে হবে (গ্রীকালী মুখার্জিঃ কোথায় পেলেন, এটা বিলএর মধ্যে নাই।)। টাকায় তিন পয়সা হ'লে ১০০ টাকায় ৪॥১০ আনাই হয়: যে কোন তৃতীয় শ্রেণীর ছাত্র এটা অৎক ক'রে বের ক'রে দিতে পারে। আছ্যে, অনা প্রদেশে সোনার উপর কি টাক্স আছে সেটা ভাল ক'রে দেখা যাক। অদেপ্ত হয়েছে ওয়ান-ফোর্থ অফ ওয়ান পারসেন্ট অর্থাং ১০০ টাকায় চার আনা। উড়িষায় কোন টাক্স নেই আসামেও কোন টাক্স নেই। বিহারে টাকায় এক পয়সা অর্থাং ১০০ টাকায় ১॥০০। বোম্বেত দেখতে গ্রাক্স-ফোর্থ অফ ওয়ান পারসেন্ট অবার পারসেন্ট সেলস ট্যাক্সএর জেনারেল ট্যাক্সএর ওয়ান-ফোর্থ অফ

ক্ষান পারসেন্ট অর্থাৎ ১০০ টাকায় মোট আট আনা। বোন্বেতে দই, রকমই আছে অর্থাৎ সেলস ট্যাক্স ও পারচেজ ট্যাক্স। মাদ্রাজে মাল্টি-পরেন্ট সেলস ট্যাক্স আছে, কিন্তু সেকশন ৫(আই ডি) রেড উইথ সেকশন ৩ সোনার উপর সিঞ্চল পয়েন্ট ট্যাক্স ওয়ান-ফোর্থ অফ ওয়ান পারসেন্ট অফ দি টার্ন ওভার এ্যাট দ্যাট পরেন্ট অর্থাৎ ১০০ টাকায় মোট চার আনা। সতেরাং হবে কি? বড়লোকরা সোনা অন্য প্রদেশ থেকে আনবে, তাদের কোন অস্মবিধা হবে না কারণ তারা উড়িষ্যা ও আসাম কিংবা মাদ্রাজ বা বোম্বাই থেকে সোনা কিনে নিয়ে অসবে। কিন্তু মান্সিল হবে এখানকার জনসাধারণ সকলের—দরিদ্র বাণ্গালী, মধ্যবিত্ত বাণগালী এদের। তাদের একটা গহনা গড়াতে গেলেই এটা লাগবে। তাদের ১০০ টাকার সোনা কিনতে গেলেই ৪॥४० আনা দিতে হবে। কন্যাদায় যে কি দায় প্রধানমন্ত্রীর তা জানা নেই, কারণ তাঁর ও বালাই নেই। 'হাসা। মধ্যবিত্ত দরিদ্র বাঙ্গালী এমন কেউ নেই যাকে মেয়ের বিয়ে দেবার সময় এক-আধখান গহনা না গড়াতে হয়। তাদের মেরে কটা টাকাই বা পাবেন। বহু দরিদ্র লোক বাংলাদেশে গ্রহনা গড়িয়ে রুজি করে, মাঝের থেকে তাদের বেকার করবেন। যত আক্রোশ প্রধানমন্ত্রীর দরিদু ব্যুজ্যালীর উপর! তাঁকে সংঘ্রন্তি দিচ্ছি-এসব না করে সেলস টাব্রে ফাঁকি দেবার যেসব লপেহোল আছে সেগ্রলিকে বন্ধ কর্ন। এই ছিদ্র বন্ধ করতে পারলেই সেলস টাব্বিএর আদায় বহু গুণ বেড়ে যাবে। বড় বড় অবাণ্গালী ব্যবসাদাররা কিভাবে সেলস ট্যাক্স कृति निरुष्ठ टाउ कथा वर् वाउ अथारन वर्लाष्ट्र। अनाध् कर्म हाउतीता जाएनत এই कार्य नाराया করছেন। যেসব ধনী ব্যবসাদারর। এখানে লক্ষ্ণ লক্ষ্ণ টাকার ফলস ডিক্রারেশন ফর্ম দিয়ে ট্যাক্স ফাঁকি দিচ্ছে তাদের সপে যোগ রয়েছে কার? এই সমস্ত কর্মচারীর। আমি দু'টো ঘটনার কথা বর্লাছ। জেনেশনে এই সমসত কর্মচারীকে মাফ ক'রে দেওয়া হচ্ছে। এই সমসত কর্মাচার্বার যোগসাজনে ফলস ডিক্লারেশন ফর্ম বিক্লি হচ্ছে। এইখানেও বাণ্গালী অবাণ্গালীর পার্থকা করা হচ্ছে। অবাংগালী ধনী বাবসাদারদের ফাঁকি দেওয়ার কাজে সাহায্য করা হয়, আর নিদেশিয়া বাঙগালী বাবসাদারদেব অযথা হয়রানী করা হয়। সম্প্রতি একটা কেস হয়েছে। এডে+ট দেটার্স লিঃ-এর মালিক একজন বাঙ্গালী-মিঃ মুখার্জি-তাকে ৪০,৪৯০৮০ ট্যাক্স ধবেছেন, কাবণ তার কাছ থেকে ডিক্রারেশন ফর্ম দিয়ে রেজিস্টার্ড ডিলাররা মাল নিয়ে গিয়েছে, এখন দেখা যাছে এইসব ডিলারদের অহিতত্ব নেই। এখানে নাম করে দিতে পারি অবাংগালীরাই এইভাবে নিয়ে গিয়েছে। বাস্টেও প্রভৃতি তারা গভর্নমেন্টএর ডিক্লারেশন ফর্ম, অফিসিয়াল সিল, কমিশনার্স সিগনেচার প্রভৃতি দিয়ে তারপর মা<mark>ল নিয়ে গেছে। অথচ এখন</mark> তারা হাওয়া হযে গেছে, অর্থাৎ তারা গণেশ উল্টেছেন। অপরাধ করেছেন কে? যারা জেনইন ডিক্রারেশন ক্ম দিয়ে মাল নিয়ে গেল গভর্নমেন্টএর ডিক্লারেশন ফর্ম তাদের দায়ী না ক'রে এখন এই বাজ্গালী দোকানদারকে দায়ী করা হচ্ছে কেন? আপনারাই যাদের ডিক্রারেশন ফর্ম দিয়েছেন তাদের দায় কিবে তাদের কাছ থেকেই ট্যাক্স আদায় কর্ন। তা না ক'রে সেথানে সেই বাঙ্গালী ভদ্রলোক যার এজেন্ট স্টোর্স লিঃ, তার্কে দায়ী করছেন এই ৪০,৪৯০৮ আনার জন্য। অন্য ক্ষেত্র দেখুন, কোশোরাম কটন মিলস, ওরিয়েন্টাল পেপার মিলস এদের বেলায় কি হয়েছে। এন সি. বায় এদের কাছ থেকে কোটি টাকার সেলস ট্যাক্স আদায় করে দিতে পারতেন, কিন্ত তা ত তাঁকে কবতে দেওয়া হ'লই না উপরন্ত এই অপরাধে তাঁর চাকরি গেল। ইনকাম টাক্সে এনকোয়ারি কমিটিএব কাছে যা প্রকাশ পেয়েছে তাতে দেখা গেছে এন, সি. রায় যে সেলস ট্যাক্স ধরেছিলেন তা ঠিকমতই পরেছিলেন। সাপ্রেশন অফ সেলস ব্যাপারেই যে পরিমাণ করা হয়েছে তাতে একটা ওরিয়েন্টাল পেপার মিলসএর ব্যাপারেই দেখতে পাচ্ছি যে, ২৭ লক্ষ টাকা ফাঁকি দিয়েছেন। বিড়লা ব্রাদার্স এর কেশোরাম কটন মিলস ডিক্লারেশন ফর্ম দেখিয়ে এই লক্ষ লক্ষ টাকা ফাঁকি ^{দিয়ে}ছেন। যেসব রেজিস্টার্ড ডিলার্স এর কাছে এ'রা মাল বিক্রি দেখিয়েছেন তাদের খোঁজই পাওয়া গেল না। কিন্তু বড়ই আশ্চর্যের বিষয় এজনা কেশোরাম কটন মিলসএর কিছু হ'ল না। অর্থাৎ ব্রাহ্মণ মাকড়সা মারলে ধোকড় হয়, কিন্তু নাপিত মারলেই সাত মণ রসগোল্লা ধাওয়াতে হয় [হাস্য]। এখানেও যে সেই অবস্থা হচ্ছে। এখানেও বাণ্গালী অবাণ্গালীতে .সইরকম পার্থকা করা হচ্ছে। আগে সরকারি ডিক্লারেশন ফর্ম ছিল না, তখন বাবসাদাররা নিজেরাই ডিক্রারেশন ফর্ম তৈরি ক'রে দিতেন। কেশোরাম কটন মিলস সে ভূয়ো ডিক্লারেশন মর্ম নিজেরাই তৈরি করে দেন নি তার প্রমাণ কি? অথচ কেশোরাম কটন মিলসএর এজন্য কছই হ'ল না। যে সং কর্মচারী এ নিয়ে ঘাটাঘাটি করতে গেলেন তাঁর চাকুরি গেল। আর

এক্রেন্সি স্টোর্স লিঃ আপনাদের ইস্কৃড জেন্ইন ডিক্লারেশন ফর্ম দেখাছে, সেই ফর্ম দেবার দায়িত্ব আপনাদের। আপনারা যদি বাজে লোককে ফর্ম দেন আর সে যদি সেই ফর্ম ব্যবহার ক'রে মাল কিনে হাওয়া হয় তাহ'লে এজেন্সি স্টোর্স লিঃ-এর কেন অপরাধ হবে? বাঙ্গালী ব'লে বুরিঝ? আপনাদের কর্মচারীরা ঘ্রস নিয়ে বাজে লোককে ডিক্লারেশন ফর্ম বিক্রি করছে তা ধরবার আপনাদের ক্ষমতা নেই, পীড়নু করছেন কেবল সং ব্যবসায়ীদের। আপনাদের অসাধ্ব কর্মচারীরা কি করছে শ্রন্ন।

[4-10-4-20 p.m.]

আমি বর্লাছ, কারো নাম করবো না, নাম এখানে আমার কাছে আছে। আমার বহুব্য কোন ব্যক্তি নিয়ে নয়। আমি প্রধানমন্ত্রীকে সাহায্য করতে চাই কিন্ত তিনি এখন ফাইলএ মন দিয়েছেন. তাতে কিছু, নেই। আমার কথায় মন দিলে বেশি কাজ হবে। ওঁর বিডন স্ট্রিটএর কমাশিয়াল ট্যাক্স অফিসার ডিক্লারেশন ফর্ম বিক্রি করেছে ফুল রেসপন্সিবিলিটি নিয়ে বলছি। বিক্রি করেছে, ধরা পড়েছে, হাতেপায়ে ধরেছে। তাকে বর্ধমান ট্রান্সফার করা হয়েছে। কোন অসাধ, কর্মচারী যে সেলস ট্যাক্স ফাঁকি দেবার কাজে সাহায্য করেছে এবং তার নিজের ব্যক্তিগত লাভের জন্য কাজ করছে তাকে এগজেমম্লারি পানিসমেন্ট দেবেন না কেন? আর একজন— শিয়ালদহ কমাসি য়াল ট্যাক্স অফিসার—তিনি, তাঁরও নাম এখানে আছে, হি হ্যাজ বিন ফোস্ড ট্র রিটায়ার, কারণ ডিক্লারেশন ফর্ম বিক্তি করেছেন। আমি বলি রাড্রের কল্যাণের জন্য তিনি এইসব বন্ধ কর্ম। তিনি এদের ছেড়ে দেবেন আর গ্রীব বাঙ্গালী, মধ্যবিত্ত বাঙ্গালী তাদের গায়ে হাত দেবেন। আর একটা কথা রেলওয়ে রিসিট সম্বন্ধে। ব্যাপারটা হচ্ছে যারা এখানে সব বড বড় ব্যাবসাদার তারা অধিকাংশই অবাঙ্গালী। তারা সেলস ট্যাক্স বাঁচানোর জনা বলুবেন —আমরা এত এত এই ২।৪।১০ লক্ষ টাকা এক্সপোর্ট ক'রে দিয়েছি, একটা ফিকটিসাস রেলওয়ে রিসিট নাম্বার দিয়ে দেবেন। আইন অনুযায়ী এক্সপোর্ট এর উপর সেলস ট্যাক্স ধরতে পারেন না, কিন্তু সতাই সেটা এক্সপোর্ট হ'ল কি না সেটার খোঁজ করা দুরকার। সেটা সতিত **ठालान राग्न** कि ना स्मिठोत रथाँक रह पर्'-এक वहत भरत। स्मिट रत्नल थरा ति मिठी नाम्यात पिरा খোঁজ নিলে কেরাণীবাব, তখন বলবেন, কোথায় সেটা আছে মশাই তার পাত্তা নেই। বাস, সেখানেই সব শেষ হয়ে গেল। এই ব্যাপার ঘটেছে এটা আগেও জানিয়েছি। এটা বন্ধ করতে পারছেন না কেন? অন্যান্য প্রভিন্সএ যা সেলস ট্যাক্স সম্বন্ধে আইন আছে আমাদের সেই অনুযায়ী করা দরকার। অন্যান্য প্রভিন্সএ, যেমন বন্দেব, সেখানে আমাদের মত সেলস ট্যাক্সএর হিসাবপত্র, ভাউচার, রিটার্ন এগর্নি কর্নাফডেনসিয়াল। যে আইন আছে তাতে এই হিসাব অন্য প্রদেশকে দেখানোর নয়. বন্দেবতে একটা প্রভাইসো আছে। আমরা অন্য প্রদেশকে হিসাব দিতে পারি না, সেন্টাল গভর্নমেন্টএর কাছে শুধ্ব আমরা দিতে পারি। আর কাউকে দিতে পারবো না। কিন্তু বন্ধে সেকশন ৪২(৩)(সি) বন্ধে, ১৯৫৩-তে বলছে—

"Nothing in this section shall apply to the disclosure of any particulars referred to in sub-section (1) to any authority acting in exercise of the powers conferred on it by any law of the State imposing a tax on the sale or purchase of goods while it is necessary to disclose the same to such authority for the progress of the State law."

তার মানে আমরা যদি অর্থাৎ বাংলা যদি জানতে চার বন্দেবএর কাছে—দেখ. এই লোকটা তোমার ওখানে ৪ লক্ষ টাকার জিনিস পাঠিয়েছে বিক্রির জন্য সোটা সতি কি ? বন্দেবএর পক্ষে আমাদের তা জানাতে ল-তে বাধা নেই। অথচ আমাদের আছে। বন্দে যদি আমাদের ঐরকম জানতে চায়, তাহ'লে আমরা তাদের জানাতে পুরবো না। তখন আমরাই বা কি করে আশা করি বন্দেব আমাদের জানাবে? আমাদের হেমন ওরিয়েন্টাল পেপার মিলস, যারা ট্যাক্স ফাঁকি দিল, সে আমাদের বলল—"আমরা উড়িয়াতে বিক্রি করি"। উড়িয়াকে বলল, "আমরা বাংলায় বিক্রি করি"। জানতে চাইল বাংলায় ওরিক্রেন্টাল পেপার মিলস কি বিক্রি করে? সেখানে আমরা বললাম, আমাদের ল-তে বাধা আছে, জানাতে পারবো না। স্কুরাং উড়িয়াকে যদি আমরা

্রিজ্ঞাসা করি তাদের ওখানে কি বিক্রি হ'ল তাই বা তারা আমাদের বলবে কেন? এখানে ওয়েস্ট বেণ্গল সেকশন ১৯-এ আছে—রিটার্নস এটসেটরা ট্রু বি কর্নাফডেনসিয়াল। তারপর

"Nothing in this section shall apply to the disclosure for the purpose of prosecution of such acts to an officer of the Central Government as may be necessary for the purposes of enabling that Government to levy or realise any tax imposed by it."

এ ছাড়া স্টেট গভর্নমেন্টকে জানানোর কোন কথা নেই। আমরা এইভাবে বড়লোককে সাহায্য করি। বন্বেএর লোক যদি এখানে ৪ লক্ষ টাকার মাল বিক্তি করে আমরা তাদের বলবো না —এরকম সেকশন বদলানো উচিত। কেন বন্বে জানতে চাইলে তাকে সাহায্য করবো না? এই এক্সপোর্ট রুজএর মধ্যে বহু লুপহোলস রয়েছে এবং এব থু দিয়ে বড় বড় অবাংগালী সেলস টাক্সে ফাঁকি দিতে পারবে। অনা প্রদেশের সাহায্য আমাদের নিতে হবে, তাই আমাদের আইন বদলানো একান্ত দরকাব। সোর্সএ টাক্সে ধরের বাবস্থা করা দরকার। সাবান, বনস্পতি, ও সিগারেট মাত্র তিনটি জিনিসে সোর্সএ টাক্সে ধরে এক কোটি টাকা টাক্সে বেড়েছে। কাপড়ের উপর সোর্সএ টাক্স ধরা সম্বন্ধে উনি সেদিন যে কিসব বললেন তা আমরা ব্রেতে পাবলাম না। উনি বললেন কাপড়ের উপরে আমরা সোর্সএ টাক্সে ধবতাম। আমি বলেছিলাম যদি তা ধরতে পারেন অন্ততঃ ৪।৫ কোটি টাকা টাক্স পাবেন। উনি বললেন, আমি ধরতাম কিম্তু সেম্ট্রাল গভর্নমেন্ট দিতে চাইছেন না। কি তিনি সেম্ট্রাল গভর্নমেন্টকে লিখেছেন এবং কি তার জবাব ভারা দিয়েছেন সমেন্ট্রাক্স ত কাপড়ের উপর ধরাই আছে, এখন সেটা সোর্স এবরবেন, এতে বাধা কি স্পর্সাল্যকা গুডুস, ১৯৫২ এাক্টেএ কাপড়ের মধ্যে পড়েছে

hand woven handloom coarse and medium cotton cloth, fine cloth

পড়ে নি। কিন্তু কথা তা নয়। কাপডের উপর ত টাক্সি ধরাই রয়েছে, এখন সেটা তিনি সোস'এ ধব্বেন তা কেন পার্বেন না। Suggestio Falsi, suppressio veri কব্বেন না। goods declared essential for the life of the community

ব'লে পালামেন্ট যা ঘোষণা ক্রেছেন তার উপর ট্যাক্স ধরতে গেলে প্রেসিডেন্টএর অনুমতি নিতে হয়, যেটা আমি কনজিউমার গড়েসএর উপর ট্যাক্স ধরার সময় ঐ বিলএব থার্ড রিভিংএ বলেছিলাম। ফ্রেস এ্যান্ড ড্রায়েড ফুটেস এটা এর্মোন্সিয়াল ক্মোডিটিজএর মধ্যে পড়েছে, নৃত্ন ক'রে সেখানে ট্যাক্স ধরতে গেলে প্রেসিডেন্টএর অনুমতি নিতেই হবে। একটা ছোট্র পাখী আমার কানে কানে বলেছে- উনি চেন্টাও ক্রেছিলেন কিন্তু সেখানে তাঁরা বৃশ্ধাংগুটেই দেখিয়েভেন—

The Hon'ble Dr. Bidhan Chandra Roy:

আপনার পাখী ভুল বলেছে।

8]. Haripada Chatteriee:

আমার পাখী ভুল বলে না।

The Hon'ble Dr. Bidhan Chandra Roy:

সেই পাখার বালিতে ভলবেন না।

8j. Haripada Chatteriee:

আমার পাখী ঠিকই বলেছে। ফ্রেস এটাল্ড ড্রায়েড ফ্রন্ট্স এটা এসেন্সিয়াল কমোডিটিজ, তার উপর টাক্স প্রেসিডেন্টএর অনুমতি না নিয়েই ধরলেন! এমন কি গঠনতল্ডর ৩০৪(14) ধারার বাধা পর্যন্ত মানলেন না। এখন মিডিয়াম ক্রথ অর কোস্সা ক্রথ, ফাইন ক্রথ এগ্রন্থির উপর ১ টাক্স ধরাই আছে, সোস্থি সেই ট্যাক্স ধরতে কেন পারবেন না? আমরা বলছি, আপনি সেটা সোর্স্থ ধর্ন। উনি দোহাই দিচ্ছেন সেন্টাল গভর্নমেন্টএর বাধার। একথা মোটেই বিশ্বাস্থোগ্য নায়। কি লেখালিখি হয়েছে তা আমাদের দেখান। কর্নজিউমার গ্রুডসএর উপর আইন করতে গিয়ে গঠনতল্তের ৩০৪(বি)তে প্রেসিডেন্টএর স্যাংশন আনতে গিয়ে তাড়া খেয়ে লিগ্যাল রিমেম-রান্সারএর পরামর্শমত ৩০৪(এ) ধারায় ওটাকে ফেলে গভর্নরকে দিয়ে আইনটি বলবং ক'রে

নেবেন ভাবছেন, কিন্তু তা হবে না জানবেন, কোর্টএ গেলেই এ আইন বাতিল হবে। ধাপা দিতে আর্পান ওদ্তাদ। প্রেসিডেন্টকে এড়িয়ে গভর্নরকে দিয়ে কান্ধ সারবার তালে আছেন।

The Hon'ble Dr. Bidhan Chandra Roy:

এটাও কি পাখী ব'লে গিয়েছে নাক?

Sj. Haripada Chatterjee:

হাাঁ, ব'লে গিয়েছে। ব্রুক্স, পিরিয়ডিক্যালস, দেলট এ্যান্ড দেলট পেন্সিলসএর উপর আপনি সেলস ট্যাক্স ধরতে পারেন না, কিন্তু তাও ব্রুক্সএর উপরে সেলস ট্যাক্স ধরেছেন। প্রেসিডেন্টএর সাংশন নেন নি, অথচ এগ্র্লি পার্লামেন্টএর ১৯৫২ এ্যাক্ট অনুযায়ী থিজ্যস এসোনসয়াল ফর দি ক্যানুনিটি।

[4-20—4-30 p.m.]

আপনার যেখানে ইচ্ছা সেখানে যা খুশি তাই করছেন এবং যেখানে ইচ্ছা নেই সেখানে কিছুই করছেন না। নানারকম অজ্বহাত দেখাচ্ছেন। মোটের উপর কথা হচ্ছে আপনার টাাক্স ফাঁকি দেবার সমস্ত ল্পহোল বন্ধ করন্। আপুনি দেখন আমাদের বাংলাদেশে টার্নওভার হচ্ছে কিঞ্চিং অধিক ৬০০ ক্লোরস, আর বন্দেবতে হচ্ছে কিঞিং অধিক ৪০০ ক্লোরস এবং বন্দেব র্যাদ ১৬ কোটি টাকা সেলস ট্যাক্স আদায় করতে পারে, তাহ'লে আমরা সেই জায়গায় ২০ কোটি টাকা পেতে পারি। আপনি দয়া ক'রে গরীব বাজালীর উপর হাত দেবেন না। বড়লোকদের ধর্ন। আপুনি সোনার উপর ট্যাক্স বসাতে যাচ্ছেন। কিন্তু ধরুন, স্যাকরা সোনাব গ্রহনা বিক্রয় করলেন। যে সেই গ্রনা কিনলো সে সেলস ট্যাক্স দিচ্ছে ১॥১०, স্যাকরা বললে আমি সেলস ট্যান্ত্র হিসাবে ৪॥৮০ কেটে নিচ্ছি। এইভাবে ঐ সোনার গহনার উপর প্রথম সেলস ট্যাক্সএর দর্ন কিছ্ব টাকা বাদ গেলো। তারপর সে আবার যথন অন্য কাউকে ঐ গহনা িক্রয় করবে তখন সে বলবে তার উপর সেলস ট্যাক্স বাদ দিতে হবে। তাহ'লে কনজিউমারকেই কেবল घा ८५८७ २८४। मुख्ताः भतीयरक भीष्म ना क'रत आभनावा जाक काँकि एवत ल, भरनानम-গুলি বন্ধ করুন। এবং তা যদি বন্ধ করতে হয় তাহ'লে কেবল অফিসার বাড়িয়ে হবে না: এই যে নতেন ক'রে এ্যাডিশনাল কমিশনার চেয়েছেন এর কোন দরকার নেই। বাংলাদেশে প্রথম যথন সেলস ট্যাক্স প্রবর্তন করা হয় তথন আমাদের অবিভক্ত বাংলায় একজন মাত্র কমিশনার ছিল এই সেলস ট্যাক্সএর জন্য এবং তিনি এর সংগ্রে সংগ্রে এগ্রিকালচাবাল ইনকাম ট্যাক্স আদায়েরও কাজ করতেন, এবং তখন সেদিনের সবকার প্রতিশ্রুতি দির্য়োছলেন যে এই টাক্সিএর টাকাটা দেশের গঠনমূলক কাজে বায় হবে, সেলস ট্যাক্সএর টাকাটা জেনারেল রেভেনিউতে যাবে না। আমি প্রোসিডিংস থেকে প'ড়ে শুনিয়ে দিতে পারতাম, কিন্তু এতে সময় যাবে। কংগ্রেস তখন কি পরিমাণে চে'চামেচি করেছিল এই সেলস ট্যাক্সএর বিরুদ্ধে। সেদিনের সরকার যে প্রতিশ্রতি দিয়েছিলেন আজ তাও রক্ষিত হচ্ছে না। এই বাবদ আদায়ী টাাক্স জাতি গঠনমূলক কাজে বায় না হয়ে প্রলিসের জনাও বায় করা হচ্ছে। সেলস টাাক্স আদায়কারী অফিসারের সংখ্যা পূর্ব থেকে অনেক বেডেছে কিল্ত সেলস ট্যাক্স আদায় বাডে নি। আজ কভজন বড় অফিসার দেখা যাক। এখন আমাদের এগ্রিকালচারাল ইনকাম টাক্সিএ আছেন একজন কমিশনার, সেলস ট্যাক্সএর জন্য আলাদা কমিশনার, দু'জন স্পেশাল অফিসার: তার উপরও আবার এখন চাওয়া হচ্ছে আর একজন এাডিশনাল কমিশনার। তা ছাড়া, এখানে প্রশন করলে জবাব পাওয়া যায় না, প্রশনগর্বলি ডিসএ।ালাউড করে দেন। জিজ্ঞাসা করি. কতগর্বল এর্গাপল এরা সকলে মিলে ডিসপোজড অফ করেছেন? পূর্বে কত এ্যাপীলএর শুনানি হ'ত? এখন এইসব বড় বড় অফিসাররা কাজ করছেন, না খালি ছড়ি ঘুরিয়ে বেড়াচ্ছেন? আগে মাত্র একজন কমিশনার ছিলেন। তিনি কতগুলি এ্যাপীল দেখতেন, এ্যাসিস্টান্ট কমিশনার কতগুলি এমপীল দেখত আর এখন আরও লোক বাড়ানো হয়েছে— তাঁরা কি করছেন? এতে যদি রাট্রের ক্ষতি হয় তাহ'লে না হয় খবরটা প্রকাশ নাই করলেন। কিন্তু আপনি এটা অনুসন্ধান ক'রে দেখুন। কেন আপনি এ্যাডিশনাল কমিশনার বাড়াবেন? थता वार्ष वीमर्क समाम हो। अ वामाम्र-समरे वन् भारत करम। थता भारत वाष्ट्राता मा আমাদের কথাগুলি একটা শুনুন। এয়াডমিনিস্ট্রেশনএর ভিতর যে ঘুন ধরেছে সেটা বন্ধ

করতে হবে। কর্মচারীরা সব অসাধ, তাদের মধ্যে সাধৃতা ফিরিয়ে আন্ন। সকলের মধ্যে সাধুতা ফিরিয়ে আনতে হবে। আপনি অবিচার করেছেন সাধ্ব অফিসারকে বিতাড়িত করে। মিঃ এন, সি, রায়কে ফিরিয়ে আন্ন, তাহ লে এ্যাডমিনিস্টেশনএর টোন ফিরে যাবে। আমি वलव आभूनाता योप मुख्ये वाम्छद्व सम्म हो। अ आपास कत्रद्ध हान, स्मीक एमवात मान्यदान বন্ধ করতে চান, তাহ'লে তাঁকে ফিরিয়ে আন্ন। আমি যতকাল এখানে থাকব, ততদিন এ কথা বলব। বিলএর থার্ড রিডিংএ আমি এই কথাই পুনরায় বলছি—আপনি এন, সি. রায়কে অনায়ভাবে ডিসমিস করেছেন, তাঁকে ফিরিয়ে আন্ত্রন, আপনাদের সেলস ট্যাক্স আদায়ে যথেক্ট সাহায়া হবে। স্বাধীন দেশের সরকার নিজেদের গরজে সাধতাকে পরেষ্কৃত করেন। তাঁরা র্ঘদি ডিফু-সকে, মরিসকে ফিরিয়ে আনতে পারেন তাহ'লে মিঃ এন, সি. রায়কে কেন ফিরিয়ে আনতে পারবেন না। মিঃ এন, সি, রায়ের বিচারক যিনি কোয়াসি ক্রিমিন্যাল ব'লে বিচারের ব্যাপারে এক নতন তথা সূচ্টি করলেন তিনি পর্যন্ত মিঃ এন, সি, রায়কে সাধ্ কর্মচারী ব'লে স্বীকার করেছেন এবং তাঁকে ডিসমিস করতে নিষেধ করেছেন। সাবধান ক'রে বলেছেন এই সাধ, কর্মচারীকে ঐ দণ্ড দিলে অসাধৃতা প্রশ্রয় পাবে। হয়েছেও তাই। তাই বলছি আর্পান কেন তাঁকে ফিরিয়ে আনবেন না? নিজেদের গরজে তাঁকে ফিরিয়ে আন্.ন। তাঁকে ডিসমিস না করার সে কথা আপনি ধামা চাপা দিয়ে তাঁকে অন্যায় ক'রে ডিসমিস করেছেন। না হয় আপনি তাঁকে অনা জায়গায়ই সরিয়ে দিতেন, ডিসমিস করলেন কেন? অসাধ্ কর্মচারীর যোগসাজ্সে যে ব্যক্তি রেজিস্ট্রেশন ফর্ম চরি ক'রে বিক্রয় করেছিল তাকে আপনারা দ্রাম্পকার ক'বে পাঠিয়ে দিলেন বর্ধমানে: আর যে সাধ্য কর্মচারী-এন, সি. রায়, যে একযোগে এক কোটি টাকা তলে দিতে চায় তাকে ডিসমিস করেন,--এ ধর্মে সইবে না। এতে রাণ্টের অকলাণ হবে। আমি কোন দলীয় মত নিয়ে নয়, খালি আমার প্রিয় রাণ্টের উন্নতি করবার জনা এই কথা বর্লাছ। আপনি কর্মচারীদেব মধ্যে সাধৃতা ফিরিয়ে আনুন এই জাতির সর্বাদেশর ঘা সারান। আমি রাডেট্র কল্যাণের দিকে চেয়েই বলছি, আর্পান মিঃ এন, সি, রায়কে ফিরিয়ে আনুন ট্যাক্স এটি দি সোস কর্ম এবং যেখানে যত লপ্রেলে আছে বন্ধ কর্ম। তাহ'লে টাক্সি ব্যক্তিয়ে আমাদের দেশের গরীব জনসাধারণের গায়ে আর হাত দিতে হবে না।

8j. Rakhahari Chatterjee:

নাননীয় প্রতিব্যাহাশয়, গত দ্' দিন যাবং এই বিলএর দীর্ঘ আলোচনা হয়েছে- সেলস টাক্সএর গলদ কোথায় তার উর্যাতি করা কিভাবে সম্ভব, সে সম্বন্ধে আমাদের পক্ষের বহু মাননীয় সদস্য তার প্রমাণ, যুক্তি দিয়েছেন।

আমার বস্তবা হচ্ছে এই, এবং এটা সকলেই স্বীকার করবেন যে, কোন দেশে মানুষের নিত। বাবহার্য জিনিস, বিশেষ ক'রে খাদ্যদ্রব্যের উপর, সেলস ট্যাক্স থাকা মোটেই উচিত নয়। কালকে মাননীয় মুখামন্ত্রী বললেন-বিরোধী পক্ষ ১৯৫২ সাল থেকে ব'লে আসছেন যে, সোর্সত এই টাাক্স করা হোক : কিন্তু এখন যখন সোর্সত ট্যাক্স করা হচ্ছে তখন আবার আপত্তির কারণ কি আছে? আমি বলতে চাই, এই টাাক্স সোর্সাএর উপরেই হোক বা রিটেলএই হোক না কেন, শেষ পর্যন্ত এই ট্যাক্স দিতে হয় জনসাধারণকে। চিনি একটা এমন জিনিস—সবচেয়ে আপত্তি হচ্ছে এই চিনির উপর সেলস ট্যাক্স ধার্য করাতে। চিনি তো গরীবে খায় না, বড়লোকে খায় –এই কথা কেউ কেউ কালকে বলেছেন। আমি বলব, বড়লোক, বিশেষ ক'রে কলকাতা শহরের বড়লোক, গ্রাঁর চিনি তো খান না। তাঁদের একটা বড়রকম রোগ আছে - ডায়ারেটিস। পঙ্গাগ্রামের লোক চিনি খায়। পঙ্গাগ্রামের লোক শুখু চা নয়, তাতে অনাবশ্যক চন্দ্রবিন্দ্ সংযোগ করে বলেন চা – সেইরকম দ্রব্যের সঙ্গে তাদের চিনি থেতে হয়। যদি মনে করেন কংগ্রেস-সরকারের নামটাত তাঁরা সকালবেলা চা পান করবার সময় 'পশুকন্যাং স্মর্রোগ্রতাং' এর সংগ্য স্মরণ করবেন, এই যদি সরকার চান তাহ'লে এই ব্যবস্থা করবার জন্য চিনির উপর টাক্সে কর্ন, সেটা স্বতন্ত কথা। এই কথা ছেড়ে দেখুন চিনির উপর টাক্সে ধার্য করলে পর রেভেনিউএর এমন একটা কি বিরাট অধ্ক বাড়বে তার কোন নিশ্চয়তা নেই এবং এটা আদায় করবার পর আর বিশেষ কিছ, লাভ থাকবে না। সেই অবস্থায় চিনির উপর ট্যাক্স ধার্য করা অতান্ত অসমীচীন বলে মনে করি। কিছু দিন যাবং টাাক্সএর পাল্লা দেখতে পাই তাদের ট্যাক্স ঠেলে বেড়েছে। এখানে দটো জিনিস দেখতে পাচ্ছি যার জন্য চিরকাল তাদের নাম থাকবে। কেন

না, ফলের মধ্যে কলা ট্যাক্সএর বহিত্তি আর মিণ্টামের মধ্যে মোলাসেস, অর্থাৎ ঝোলাগড়ে। বাণগালীর কপালে রইল কলা আর ঝোলাগড়ে—এই দিয়ে যদি বাণগালীর অসীম উপকার হবে ব'লে আনন্দ অনুভব করেন তাহ'লে স্বতক্ষ কথা। আমি অনুরোধ করব, অন্ততঃপক্ষে চিনির উপর ট্যাক্সটা বন্ধ কর্ন। যেমন আপনার স্বৃত্তি হয়েছে ব'লে কেরোসিন এবং সরষের তেলের উপর থেকে সেলস ট্যাক্স তুলে দিলেন; অবশ্য এর ম্লীভূত কারণ যেটা সেটা বিবেচনা ক'রে করেছেন কি না জানি না। তবে এটা এমন জিনিস যে, আগামী নির্বাচনে বেগ পেতে হবে, তাই বোধ হয় কেরোসিন ও সরষের তেলের উপর ট্যাক্স বন্ধ করলেন।

অবশ্য আপনাদের হাতে ক্ষমতা আছে। আপনি যা ইচ্ছে তাই করতে পারেন, এই বিলও পাশ করিয়ে নেবেন—সেটা ভিন্ন কথা। আমাদের আরও ক্ষতি কর্ন, আপনাদের আরও জয় জয়কার হোক। দয়া করে চিনির উপর টাক্সে ধার্য করবেন না।

তারপর সেলস ট্যাক্স আইন সম্বন্ধে বলা হয়েছে যে, এটা সোর্সএ করলে ভাল হয়।
মাননীয় ম্থামন্দ্রী মহাশয় বলেছেন, বহু লোকে সেলস ট্যাক্স ফাঁকি দেয়। সেইজন্য ওরিজিন্যাল
এ্যাক্টএর সেকশন (৪)-এ এই ন্তন কুজ এ্যাড করতে হচ্ছে। কিন্তু তার সংগ্য সংগ্য তাঁর
ভাবা উচিত ওরিজিন্যাল এ্যাক্টএর সেকশন (৪) কুজ (৩)-তে যেটা রয়েছে তাতে হার্ডশিপ হয়
কি না । এইদিক দিয়ে কুজ (৩)-তে একেবারে যদি সেলস ট্যাক্স ধার্য হয়ে যায় বাবসার উপর
এবং তারপর টার্মপ্রভার বা কোয়ান্টাম হোক বা না হোক, তিন বছর উপরি উপরি তাকে সেলস
ট্যাক্স দিতেই হবে। স্তরাং সেকশন ৪এ, এই আইন থাকা উচিত কি না সেটা বিবেচনা
করবেন—সেইদিক দিয়ে আমি মুখামন্ট্রী মহাশয়ের দুণ্টি আকর্ষণ করি।

[4-30-4-40 p.m.]

আর তিনি এই কথা বলেছেন যে, এই আইনের দ্বারা পথটা স্গম করা হচ্ছে যে দ্বার আর ট্যাক্স লাগবে না। কয়লায় একবার লাগ্রে, বাই ইলেকট্রিসিটি লাগবে না। এই দ্বারম না লাগে এইজনাই করেছেন। আবার কৈফিয়ৎ দিয়েছেন, সোনার গয়নার উপর ট্যাক্স লাগবে না, সেইজনা সোনার উপর লাগবে—ভাল কথা। কিন্তু সেইভাবের অন্যান্য জিনিসের উপবত ট্যাক্স রয়েছে, যেমন বাসন-বাবসায়ীদের কথা ধর্ন। তাদের সর্বনাশ হচ্ছে, একেবারে র মেটিরিয়ালস কিনতে ট্যাক্স দিতে হয় আবার বাসন তৈরি করে যথন বিক্রয় করে তার উপরও ট্যাক্স। মুখামন্ট্রী মহাশয় বলেছেন যে, দ্বার ট্যাক্স দিতে হবে না, কিন্তু যে বিধানের ফলে বাসন্বাসায়ীদের ডবল ট্যাক্স দিতে হয় সে বিধি সংশোধনের তো এর মধ্যে কিছু দেখতে পাই না। গভর্নমেন্ট কৃটির শিল্পের জনা লক্ষ লক্ষ টাকা বায় বরাদ্দের কথা বলেন, তাহালে চিন্তা কর্ন যে বাসনশিল্পীয়া গভর্নমেন্টএর কোন সাহায্য না নিয়ে নিজেদের সংস্থান নিজেরাই করে নিয়েছে উপরন্তু অন্যকেও সাহা্য্য করছে। এই কৃটিরশিল্পীদের যদি বাঁচান তাতে সরকারের কোন দায় গ্রহণ করতে হচ্ছে না।

সোনার সম্বন্ধে বলেছেন, সোনার বহু বাবসায়ী তাঁর সঞ্চো দেখা করেছে। তাহ'লে কি আমাদের ব্রুতে হবে--যে সমস্ত বাবসায়ী তাঁর সঞ্চো দেখা করবার স্যোগ ও সৌভাগ্য লাভ করে এবং যারা হরতালও করতে পারে তারাই মাত্র অনুগ্হীত হয়, আর যারা তা করতে পারে না তারাই বঞ্চিত হয়? কোন রাণ্ট্রেই এরকম নীতি হওয়া উচিত নয়।

তারপরে স্কার। স্কার হচ্ছে একটা অলরেডি প্রটেকটেড ইণ্ডাণ্ডি। গভর্নমেন্ট অফ ইন্ডিয়া চিনি-শিল্পকে রক্ষা করবার জন্য যথেন্ট টাকা দিয়েছেন যাতে বাইরে থেকে আমদানি করা না হয়। ভাল কথা। দেশীয় শিল্পের উন্নতির জন্য বিদেশী মাল বর্জন দেশের সমস্ত লোকই সেটা করতে চান এবং সেটা স্ব্বিধর কাজ। কিন্তু দেখন এই যে স্কার, যার উপর একটা স্পোল প্রোটেকশন দিয়ে রাখা হয়েছে, তার উপর ন্তন কর ধার্য করা হয়, এখনই তো তার অনেক বেশি দাম, তার উপর আবার ট্যাক্সএর ঠেলা! তাহ'লে চিনির দাম কোথায় যাবে তা নিশ্চয়ই সকলে ব্রুকতে পারছেন।

আমি আর প্রোনো কথা ব'লে আপনাদৈর বিরন্ধি উৎপাদন করব না। আমি শুধ্ এইট্কু বলব, মুখামন্ত্রী মহাশয় যেন জনসাধারণের মত বিবেচনা ক'রে চিনির উপর থেকে ট্যাক্স তুলে দেন, আমরা সকলেই তাহ'লে আনন্দিত হব। আর সোনার সন্বন্ধে বলতে গেলে ডাঃ রারের সে বালাই নাই। ডাঃ রারের কন্যা নাই, স্তরাং কন্যাদারের বিপদও নাই। কিছু, প্রে এই পরিষদ কক্ষে একটা ডাউরি নিবারণ আইনের কথা, পণপ্রথা বন্ধ করার কথা হরেছিল। তাতে তিনি বলোছিলেন কেন্দ্রীয় সরকার এ বিষয়ে একটা আইন করছেন এবং পার্লামেন্টএ শীন্তই এ বিষয়ে আইন পাস হবে। কিন্তু এক বছরের মধ্যে যদি তারা এরকম আইন পাস না করেন তাহ'লে আমরা বিবেচনা করব। অবশ্য যদি তিনি এই ডাউরি প্রথা বন্ধ করতে পারেন তাহ'লে দেশের যা অবস্থা বিয়েতে পর্যন্ত ব্যাক মার্কেটিং আসবে। সেটা পরে দেখা যাবে যে সামলানো যার কি না।

তারপরে মাননীয় সদসারা যে বলেছেন যে, নাম নাই, অন্তিত্ব নাই এরকম লোক টাাক্স ফার্কি দিয়ে ব'সে আছে। স্তারাং প্রথম যেদিন লাইসেন্স দেবেন সেই দিনই এগর্নলি স্থির হ'লে পর ভাল কাজ হবে। বিরোধী পক্ষে যাঁরা আছেন তাঁরা নাম দিতে পারেন, কিন্তু নাম দিয়ে অনেক ক্ষেত্রেই দেখেছি তা কোন স্বিধাজনক হয় নাই। আপনি যদি চান জানতে কোন কোন বাবসায়ী টাকা এইরকম ফাঁকি দিছে আমরা সে বিষয়ে সাহায্য দিতে প্রস্তুত আছি —মুখ্যমন্ত্রী মহাশয় যদি সে বিষয়ে বিশেষ অবহিত হন।

Sj. Sasabindu Bera:

নাননীয় সভাপতিমহাশয়, সেল ট্যাক্স এামেন্ডমেন্ট বিলএর তৃতীয় পর্যায়ের আলোচনায় আমি এই বিলটাকে জনসাধারণের স্বার্থের পক্ষে ক্ষতিকর বলে এটা উঠিয়ে নেবার জন। অনুরোধ করি। এ বিলএ চিনির উপর এবং সোনার উপর সেল ট্যাক্স চাপানো হলো। ফলে সোমার উপর সেল <u> हेराक्</u>र চাপানোর সাধাবণের পক্ষে যে অস্ববিধার সৃষ্টি হবে সে কথা নিয়ে অনেক আলোচনা হয়েছে। চিনির সম্বন্ধে বিশেষ ক'রে আরও বলতে চাই যে, চিনি দরিদ্র জনসাধারণের একমাত্র লাকসারি জিনিস বললেই ৮লে। মিখি বলতে দোকানের মিখি তারা কিনতে পারে না, তারা চিনি দিয়ে সেই অভাব প্রেণ করবার চেণ্টা করে। এই চিনি যা সাধারণ মানুষের দৈনন্দিন বাবহারে লাগে তার ব্যাপক প্রয়োজনীয়তার কথা বিবেচনা ক'রে এবং এই ট্যাক্স ধার্যের ফলে অধিকাংশ লোকের বিশেষতঃ মধ্যবিত্র ও দরিদ জনসাধারণের উপর চাপ খবে বেশি পড়বে এই কথাটা বিশেষভাবে বিবেচনা করা উচিত। সোনার ব্যাপাবে আমরা প্রবিতী বক্তাদের আলোচনায় দের্থোছ যে, এর দ্বাবা বড্লোকেরা অস্মবিধায় পড়বেন না; তার দ্বারা <mark>আঘাত পাবে দরিদ্র এবং মধ্যবিত্ত</mark> জনসাধাবণ।

তারপুর নতেন সেকশন ৪(এ) যা আনা হয়েছে তার আলোচনাপ্রসংগ্রে সরকার পক্ষ থেকে এই হাজি শানলাম যে, সেল ট্যাক্স ইভেশন বন্ধ করবার উদ্দেশ্যেই এই সেকশনটা আনা হয়েছে। ইভেশন বল্ধের চেষ্টায় আপত্তি করা উচিত নয়। <mark>যারা সেল টাক্সে ইভেড করে</mark> তাদের ধরবার উপায় আছে এবং সরকার চেণ্টা কর**লেই সেগর্নল ধরতে পারেন।** তার দুন্টোন্ত এথানে <mark>অনেক</mark> তলে ধরা হয়েছে এই হাউসএর সামনে যে কিভাবে যারা মোটা টাকা মূনাফা করে তারা সরকারের টোখে বলা দিয়ে সেল টাক্সিএর মোটা মোটা অংশ ফাঁকি দেয়। কাজেই যেখানে ফাঁকি দিচ্ছে এই বড় বড় বাবসাদারেরা তাদের সেই ফাঁকি রোধ করবার জন্য চেণ্টা না ক'রে এই ন্তন সেকশর্নাট এনে যারা দরিদ্র ডিলার তাদের উপর সেল ট্যাক্স চাপাবার ব্যবস্থা করা হচ্ছে এবং ভাতে সরকারের আয়ের পক্ষে বিশেষ সূরিধাজনক তো হবেই না, বরং ছোটখাটো বাবসায়ের পক্ষে বিশেষ ক্ষতিকর হচ্ছে। সেইদিক থেকে বিচার ক'রে দেখলে এই সেকশন ৪(এ) মারফ। ১০ হাজার টাকার কম মাল যারা আমদানি বা ম্যানফ্যোকচার করবে তাদের উপর এই টাক্সে ধায করা গহিতি হয়েছে। বড় ব্যবসায়ীদের সরকার ধরতে পারেন না, সরকারের এই দর্বেলতা, এই অক্ষমতার জনা দেশের দরিদ্র ব্যবসায়ী ভূগবে এ অত্যন্ত অম্ভূত যান্তি ব'লে মনে হয়। এ সেকশন না আনলেই ভাল হ'ত। সরকারের উচিত ছিল বড় ব্যবসায়ীরা যেভাবে ট্যাক্সকে ফাঁথি দেয় সেই পথকে রুম্ধ করবার চেণ্টা করা। এবং র্যাদ তাঁরা সির্নাসয়ারিটির সঙ্গে সেটা রো করবার চেণ্টা করতেন তাহ'লে সে রোধ করা তাঁদের পক্ষে অসম্ভব হ'ত না। কিন্তু সরকারে মনোভাবের পরিচয় আমরা সর্বাদিকেই পেয়েছি। <mark>যারা</mark> বড়লোক, বড় বড় ব্যবসাদার, তাদে ফাঁকি দেওয়ার সাযোগ সরকার দিয়েছেন এবং তাঁদের সেই অনাায় কাজের জন। সাধারণত

ষারা কম মুনাফা করে, যারা কম টাকার ব্যবসা করে তাদেরই উপর বোঝা চাপানো হছে। কাছেই এই আইন হ'লে দরিদ্রদের দিক দিয়ে বলতে পারি তাদের বিশেষ ক্ষতিগ্রুস্ত হ'তে হবে। কাছেই এ আইনে আমাদের দেশের মণ্যল কিছুই হবে না, সরকারও যে বেশি অর্থ পাবেন ব'লে মনে করছেন তা তাঁরা পাবেন না। কারণ সরকার বত বেশি কর্মচারী নিয়োগ কর্ম না কেন. তাদের ভিতর যে দ্মীতি প্রবেশ ক'রে আছে সেই দ্মীতির ফলে সমস্ত চেন্টাই বানচাল হয়ে যাবে। এবং এই সেকশন ৪(এ) অনুসারে সরকারকে ট্যাক্স আদায় করবার জন্য অসংখ্য ন্তন অফিসার নিয়োগ করতে হবে; তাদের পিছনে যে বিরাট অর্থ বায় হবে তার ফলে পরিণামে দেখা যাবে যে, ছোটখাটো ব্যবসায়ী, যাদের টাকা কম, তাদের কাছে যা টাকা টাক্স হিসাবে পাওয়া যাবে তা অত্যুক্ত কমই। কাজেই এতে সরকারের কোন লাভ হবে না, বরং ক্ষতিই হবে।

চিনির উপর ট্যাক্স ধার্য হচ্ছে বটে কিন্তু তার ফলে জনসাধারণ আরও একটা অস্বিধায় পড়বে। এই ট্যাক্সএর ফলে যেখানে চিনির দাম দ্' পয়সা বেশি হচ্ছে সেখানে গ্রামবাসীরা, ধারা নিচের দিকের দরিদ্র ও মধ্যবিত্ত লোক, তাদের কাছে যখন চিনি পেণিছাবে তখন তাদের দ্ব' পয়সার জায়গায় চার পয়সা বেশি দিতে হবে। কাজেই, সরকারের এই অন্যায় নীতির ফলে জনসাধারণকে বিশেষ অস্ববিধায় পড়তে হবে এবং তাতে দেশের মঞ্চল হবে না। কাজেই আমি এই বিলকে অনাবশ্যক ব'লে মনে করছি।

[4-40-4-50 p.m.]

8j. Nagendra Dalui:

মাননীয় দপীকারমহাশয়, দেশের উন্নয়নের জন্য টাকার দরকার এবং তার জন্য নির্মহাশয় অনেকগ্রিল জিনিসের উপর সেলস ট্যাক্স বসাতে যাচ্ছেন। কাজেই এই ট্যাক্স সদন্দেধ আমি বলতে চাচ্ছি যে, দেশের মানুষের দিনের পর দিন ক্রয়ক্ষমতা ক'মে যাচ্ছে। তার উপর ঘদি ওষ্ট্রের উপর ট্যাক্স, ফলের উপর ট্যাক্স, চিনির উপর ট্যাক্স করেন একেই তো দেশের মানুষের ক্রয়ক্ষমতা কমে গিয়েছে, তারা জিনিসপত্র কিনতে পাচ্ছে না, তার উপরও তাদের উপর ঘদি ট্যাক্স বসান তাহলে খুব অন্যায় হবে।

তারপর আমি বলতে চাচ্ছি যে, টাকার দরকার একথা সতা এবং টাকা না হ'লে দেশের কোন কাজ হ'ত পারে না। আমরা দেখতে পাচ্ছি, আমাদের দেশের মন্তিসংখ্যা ৩০।৩২ জন এবং তাদের অনেকেরই কোন কাজ নেই। এদের সংখ্যা কমিয়ে দিলে প্রচুর টাকা পাওয়া যেতে পারে এবং তার দ্বারা অনেক কাজ হ'তে পারে। তারপর কংগ্রেসের বহুঘোষিত নাঁতি ছিল পাঁচ শত টাকার উপর কারও মাহিনা থাকবে না। এই যে যে সমদত বড় বড় অফিসার সরকারের আছে তাদের মাহিনা যদি কমিয়ে দেওয়া যায় তাহ'লে প্রচুর টাকা পাওয়া যেতে পাবে। কিন্তু সেদিকে সরকারের কোন দৃণ্টি নেই। আমি আবার এখানে বলছি, ৩০ জন মন্ত্রী থাকার কোন দরকার নেই, মন্তিদের মাহিনা কমিয়ে দেওয়া হোক এবং তাদের যে বড় বড় অফিসারস আছে তাদের মাহিনা কমিয়ে দেওয়া হোক এবং তাদের যে বড় বড় অফিসারস আছে তাদের মাহিনা কমিয়ে দেওয়া হোক। তা থেকে অনেক টাকা পাওয়া যেতে পারে।

আর একটা জিনিস—জমিদারদের থেসারত দেবার কি প্রয়োজন ছিল । তাদের খেসারত দেওয়া বন্ধ করা হোক। তারপর আমি বলছি যারা ট্যাক্স ফাঁকি দের তাদের দিকে সরকারের কোন দ্বিট নেই। কাজেই আমি বলতে চাচ্ছি, চিনির উপর ট্যাক্সটা তুলে দেওয়া হোক। আমি আর বিশেষ কিছু বলব না এই ব'লে আমি আমার বন্তব্য শেষ করছি।

8j. Janardan Sahu:

মাননীয় স্পীকারমহাশন, চিনিকে আমরা সকলে চিনি। এই চিনি আমাদিগকে সকলের কাছে ভালভাবে চিনিরে দেবে। আমি পঙ্গীগ্রামের কথা বলাছ, কলকাতার কথা ভাবছি না। পঙ্গীগ্রামে একটা ভাবের দাম তিন আনা সাড়ে তিন আনা গরীবের বাড়িতে রোগীকে হয়তো ভাঙার খেতে বলেছে ভাব। কিন্তু ভাব থাবার মত পয়সা নেই। তথন চিনির জল খেতে দেওরা হয়। কিন্তু সেই চিনির দাম কিরকম বৈড়ে যাবে চিন্তা করে দেখন। এখন চিনির সের ৮০ আনা —৩০ টাকা মণ। সের প্রতি দ্ব' পয়সা বদি বাড়ে, মানে ৮১০ আনা সের হয়, তাহ'লে কিছ্বা? যথন একজন লোক এক সের চিনি খরচ করছে তথন তার দাম হবে ৮১০, যথন সে

আধ সের খরচ করবে তখন তার দাম দিতে হচ্ছে । ১৫। কিন্তু একজন এক পোয়া চিনি যখন খরচ করবে, আধ প্রসা বাজারে নাই তাই তখন তার দাম হচ্ছে ১৩ প্রসা, ५/০ হয়ে গেল--৩২॥০ টাকা মণ। একজন যখন আধ পোয়া খরচ করবে তখন তার দাম হ'ল ५४० আনা সের। অর্থাং মণের দাম ৩৫ টাকা। যখন নাকি সে এক ছটাক থরচ করবে তখন এক ছটাকের দাম 🗸 আনা এবং মণ হয় ৪০ টাকা। গরীব লোক যারা তারা অলপই কিনবে এবং পল্লীতে সংখ্যায় তারা খবে বেশি। সূত্রাং তাদের বেলা ৪০ টাকায় মণ হয়ে গেল। আপনি চিন্তা ক'রে দেখনে. আপুনার মাধামে এই হাউসএ মুখামনতী মহাশয়কে বলছি—পল্লীগ্রামের গরীব লোকদের কথাই আমি চিন্তা করছি। যথন গ্রীব লোকেরা এক প্রসা চায়, আমি শহরে দেখেছি, তখন তাদের এক পয়সা ছডে দেওয়া হয় এবং তাই তারা নেয়। হয়তো কোন একজন গরীব লোক বডলোককে নমস্কার করছেন তিনি ডান হাত না তুলে বাঁ হাতটাই তুলে দিলেন। সেই গরীবের উপরই আপনারা কর চাপাচ্ছেন, তাদের জনা কোন চিন্তা করছেন না। সাধারণ কথায় বলতে গেলে সেই গ্রাবদেরই ৩০ টাকাব জায়গায় ৪০ টাকা দাম দিতে হবে। এটা চিন্তা করে দেখুন। এদের রক্ষার জনা বাবস্থা কর্ন। আমি রোগীর কথা বলছি। যখন আমাদের দেশে চিনি খোলা বাজারে একেবারে ছিল না. কন্টোল ছিল, তখন আমাদের গ্রামের একটা ফুড কমিটি ছিল যাতে আমি ছিলাম একটি মেম্বাব। সেই কমিটির মিটিং একদিন বসত। একদিন আমি বিরস্ত হয়ে তাদের বললাম, গরীব লোকেরা চিনি পাচ্ছে না আর তোমরা ব্লাক মাকেটিং করছো। তোষাদেব ছেলে মরবে এইসব গালাগালি দিলাম। তারপর তারা মিটিংএর জনা এমন দিন একটা ধার্য কবল, যেদিন আমি থাকতে পারব না। সতেরাং চিনির কথাই আপনারা বলছেন অবস্থাপ্রদেব এক প্রসা, দু; প্রসা, তিন প্রসা মাত্র বাড়বে। কিন্তু যারা গরীব লোক, যারা এক ছটার কারে কেনে, তাদের ৩০॥৮০ স্থলে ৪০ টাকা কারে দাম দিতে হবে। কিন্তু তাহ লেও এই এক প্রাসাটাই গরীব লোকেব কাছে অনেক বড জিনিস। মুখামন্ত্রী মহাশয়কে অনুরোধ করছি চিনিব উপর আর কব বসাবেন না। আমার নিজের কথা বলছি না, এখন কোন জায়গায় কি দাম হয়েছে সেটা দেখে নেবেন কিছ, দিন পরে। কলকাতায় একটা জিনিসের দাম এক প্যসা বাড্লে পল্লীগ্রামে সেটা কত বেশি বাড়ে, মণকরা অনেক বেড়ে যায়। স্তরাং পল্লীগ্রামের গুরীব লোকদের অবস্থা চিন্তা ক'বে দেখুন তাদের কি হারে দাম দিতে হবে। ভাই আমার অনুবোধ হচ্ছে চিনির উপর কর বসাবেন না।

Sj. Balailal Das Mahapatra:

মাননীয় স্পীকারমহাশয়, একের পর এক যে সকল বিল আসছে তাতে সতিসতি আমরা আত্তিকত হর্মোছ। কয়েকদিন পূর্বে ফলের উপর টাক্স ধার্য হ'ল, তারপর আবার চিনির উপর হচ্চে। আমি মনে করি যে, সরকার যেমন স্বেদিধর পরিচয় দিয়েছেন তেলের উপর. দিয়াশালাইয়ের উপর ট্যাক্স ধার্মের প্রস্তাব প্রত্যাহার ক'রে নিয়ে, এইভাবে চিনির উপরও যদি কর ধার্য না ক'রে স্বুর্ন্ধির পরিচয় দিতেন তাহ'লে আমরা খুনি হতাম। ডাঃ রায় বলেছেন যে, বাহির থেকে এক লক্ষ টন চিনি আমদানি হয় আর আট হাজার টন উৎপন্ন হয় আমাদের পশ্চিমব্ডে। এবং গরীব লোকেরাই গড়ে বেশি ব্যবহার করে, কাজেই চিনির উপর ট্যাক্স হ'লে বড়লোকদের উপরই ট্যাক্স হবে। আমি তাঁকে বলতে চাই, চিনির উপর যে ট্যাক্স ধার্য করতে যাচ্ছেন সহান,ভূতির সঙ্গে যদি বিবেচনা করেন তাহ'লে দেখবেন প্রকৃত অবস্থায় গরীবদের উপরই টাাব্রু ধার্য হবে। আজ আমাদের চিনির বহু প্রয়োজন। ডাঃ রায় জানেন যে, এনার্জি বাড়াবার জন্য চিনির প্রয়োজন। তা ছাড়া, শিশ, রোগীদের জন্য এবং এইরকম বহু, প্রয়োজনেরও চিনির দরকার হয়। উনি বলতে চান, ১৯৪১-৪২ সালে যে পরিমাণ চিনি পাওয়া যাচ্ছিল তার চেয়ে দু' আড়াই গুণ বেড়ে গেছে, কিন্তু আমার বন্তব্য হচ্ছে পশ্চিমবাংলার আড়াই কোটি মানুষের জন্য জনপ্রতি আধ ছটাক হিসাবে ধরলেও ২ লক্ষ ৭৫ হাজার টন চিনির বছরে প্রয়োজন। আর দামের দিক দিয়ে আমি জানতে চাই কমেছে কি চিনির দাম? উনি বলতে চান, আজ চিনির দাম বার আনা হয়েছে, কিল্তু আমি বলতে চাই মফঃম্বলে এক টাকার কমে চিনি বিক্রি হয় না। অথচ চিনির দাম ১৯৪১-৪২ সালে ছিল চার আনা নাত্র। ডাঃ রায় হিসাব দিচ্ছেন টাকায় দ্ব'-তিন প্য়সা বেড়ে গেলে কি আর অস্ক্রিধা হবে? কিন্তু উনি জানেন না যে, কলকাতায় এক পয়সা দাম বাড়লে মফঃস্বলে চার পয়সা বাড়বে।

[4-50-5 p.m.]

কাজেই আমি এই কথাই বলতে চাই রসগোল্লা, পানতোয়ার উপর ট্যাক্স বাড়ছে এটা ঠিক নয়। এতে বাস্তবিকই দরিদ্রদের উপর ট্যাক্স বাডছে। এখানে একান্ত প্রয়োজনীয় জিনিস, যেমন ঐষধপত্র খাদাদ্রবা, ফল, চিনি ইত্যাদি যেটা স্বাস্থোর জনা, জাতির উন্নতির জনা দরকার, করম.ত করা সম্বন্ধে ভাবা উচিত। তিনি যদি বিলাসদ্রব্যের উপর ট্যাম্ম করতেন তাহ'লে আমরা আপত্তি করতাম না, বরং বিরোধী পক্ষ থেকে আমরা তা সমর্থনই করতাম। তিনি যেসব অসাধ, ব্যবসায়ীদের ধরতে চাচ্ছেন তার আগে ঘর সামলান। যে সমস্ত অসাধ, কর্মচারী আছে তাদের না সামলাতে পারলে অসাধ্য ব্যবসায়ীদের শায়েস্তা করতে পারবেন না। সেইজন্য আমি অনুরোধ কর্রাছ যে, যাদ সভাই অর্থনৈতিক সমস্যার সমাধান করতে হয় তাহ'লে অন্য পরিকল্পনা ক'রে তা কার্যকরী করনে, দরিদ্রকে শোষণ ক'রে পীডন ক'রে এটা সম্ভব হবে না। মন্তিমহাশয় মনে করছেন যে, শতকরা ৮০ ভাগের মঙ্গলের জন্য তাঁরা এই টাকা নিচ্ছেন, কিল্ত এই ৮০ ভাগের যদি ব্যবস্থা করতে হয় তাহলে এদের উপর অত্যাচার করলে মণ্গল হবে না। বড় বড় ধনী যারা আছে, যারা ট্যাক্স ফাঁকি দিচ্ছে, তাদের ধরুন। আপনারা সংবিধানের নামে কেন্দ্রীয় সরকারের ট্যাক্স ধার্যের নীতির কথা বলেন কিন্তু যাতে আপনারা চায়ের উপর, জুটএর উপর, কাপডের উপর উৎপাদন ট্যাক্স ধার্য করতে পারেন অথবা কেন্দ্র হ'তে ন্যায্য প্রাপ্য পেতে পারেন সেকথা সেন্টারকে জোর ক'রে বলনে। তাহ'লে আপনারা কোটি কোটি টাকা পাবেন। এখানে অসাধ, ব্যবসায়ীদের আর দরিদ্রের উপর ট্যাক্স ধার্যের প্রয়োজন হবে না। ট্যাক্স ফাঁকি ধরবার জন্য অসাধ, কর্মচারীদের সুযোগ দিচ্ছেন। এদের দ্বারা অসাধ, ব্যবসায়ীদের ধরা সম্ভব হবে না। আপনার এনফোর্সমেন্ট ডিপার্টমেন্ট ।আছে, এর্যান্ট-করাপশন ডিপার্টমেন্ট আছে, অথচ তার মধ্যে কতটা করাপশন আছে সে কথা আপনার অজানা নেই। এইগ্রালির সংশোধনের জন্য আগে বাবস্থা কর্ন। দরিদ্রা যাতে নিপাঁড়িত না হয় তার জন্য দিয়াশালাই, কেরোসিন তেলের উপর থেকে যেমন ট্যাক্স বাদ দেওয়া হ'ল, সেই কারণে এই চিনির উপর ট্যাক্স বাসয়ে আর তাদের সর্বনাশ করবেন না। ইচ্ছা করলে অনাভাবে আপনারা প্রচুর টাকা সংগ্রহ করতে পারেন, এবং আমি বলি সেই বাবস্থা কর্ন। আমি আবার অনুরোধ করছি যেমনভাবে কংগ্রেস সদস্যদের সংপারিশে দিয়াশালাইকে ট্যাক্স হ'তে বাদ দিয়েছেন তেমান এই চিনিটাকেও ট্যাক্সএর আওতা হতে বাদ দেন। হরিপদদা বলে গিয়েছেন যে, কেরোসিন তেলের উপর ট্যাক্স বসালে কংগ্রেস সদস্যদের আর পাড়াগ্রামে ঢুকতে দিত না। সেইজন্য আমিও বলব যে, আগামী ইলেকশনএ যাতে তাঁরা ভোট পান সেদিকে চিন্তা ক'রে ফলের উপর বা চিনির উপর ট্যাক্স করবেন না। এটা করলে জনসাধারণের আম্থা আপনাদের উপর থাকবে না। সেদিক থেকেও চিন্তা ক'বে আশা করি মাননীয় মন্তিমহাশয় এটা প্রত্যাহার ক'রে নেবেন।

Si. Saroi Roy:

তারপরের কথা হচ্ছে বর্ডার দ্বিপ সম্পর্কে। দেখা যাবে যে, যেদিন থেকে এখানে এই প্রস্তাব আলোচনা আরম্ভ হয়েছে তারপর থেকেই সরকারী প্রালস আটজনকে গ্রেম্তার করেছেন, এটা আমরা জানি। শুধু এখানে নয়, সেন্ট্রাল গভর্নমেন্টও ওখানে কিছু গ্রেম্তার করেছেন, আমরা দেখতে পাছি অনেকে ফোর্জড় কাগজপত্র দাখিল করেছেন। আমরা জানি এখানে প্রস্তাব আসবার পরেই অফিসিয়ালদের এ বিষয়ে দ্বিট আকর্ষিত হয়েছে। স্তারাং এ বিষয়ে ভালভাবে ভেরিফাই করার জন্য আমি তাঁদের অনুরোধ করব। তারপরের কথা হচ্ছে, এই সমস্যা যে জাতীয় সমস্যা এ সম্পর্কে কোন সন্দেহই নাই, সেজনাই আমরা এাডভাইসার কমিটি করতে বলেছিলাম এবং এটা করলে ভাল হত। সেদিক থেকে আমি মনে করি, যদি এই এ্যাডভাইসার কমিটি দলমতানির্বাশ্যে করতেন তাহালে প্রকৃত সমস্যার সমাধান হ'ত এ বিষয়ে সন্দেহ নাই। তব্ আমি একথা বলব যে, আমাদের হাত আমরা সব সময়েই এগিয়ে রাখব। সকল দলই এতে সহযোগিতা করবে। তারপর যে সংশোধনী প্রস্তাব আনা হয়েছে আমি তার ভীষণভাবে বিরোধিতা করিছ এবং আমাদের এই সংশোধনী গ্রহণ করা হোক এই কথা বলেই আমি আমার বন্ধবা শেষ করিছ।

Mr. Speaker: I put first the amendment of Sj. Jyotish Joarder.

The motion of Sj. Jyotish Joarder that the following be added at the end of the resolution, namely:—

- (a) Displaced persons who are unable to produce circumstantial evidence in support of their pre-partition citizenship for grounds beyond their control shall be given the benefit of Government-level deals between Pakistan and the Indian Union for the purpose of verifying their claims to the above history of citizenship.
- (b) The displaced persons of the above description shall be protected by the State Government pending aforesaid verification against any disturbance whatsoever to their present holdings subject to alternative rehabilitation.
- (c) In absence of other evidence to the effect certificates issued under the seal of M.L.As., M.Ps. and Gazetted Officers and bona fide refugee organisations on the one hand, and declarations on affidavit on the other shall be held valid for the above purpose of Governmental protection within the meaning of item (b) above."

was then put and lost.

[4-30-4-40 p.m.]

The motion of Sj. Ananda Gopal Mukherjee that in lines 1 to 4, for the words beginning with "slow progress" and ending with "to execute the policies of the Government" the following be substituted, namely:—

"fact that although good progress has so far been made to rehabilitate
East Bengal refugees, the continuous influx of migrants into
West Bengal in large numbers and the paucity of land in the
State have created a situation which makes it impossible to
rehabilitate any more refugees within the borders of the State"

and that for the paragraphs (1) and (2) the following be substituted, namely:—

- "(1) that the Government of West Bengal should urge upon the Central Government to set up a Committee consisting of officials and responsible non-official social workers to solve the problem of rehabilitating East Bengal refugees in other States as speedily as possible; and
- (2) that the Government of West Bengal should set up a committee with officials and non-officials to assist in the implementation of new schemes for the development of refugee colonies.",

was then put and a division taken with the following results:-

AYES-119.

Abdul Hameed, Janab Hajee Sk. Abdullah, Janab S. M. Abdus Shokur, Janab Abul Hashem, Janab Bandopadhaya, SJ. Khagendra Nath Bandyopadhyay, SJ. Smarajit Banerjee, SJ. Profulla Barman, The Hon'ble Syama Prasad Basu, Dr. Jatindra Nath Basu, Sj. Satindra Nath Basu, The Hon'ble Satyendra Kumar Beri, Sj. Dayaram Bhattacharjes, 8j. Shyamapada Biswas, Sj. Raghunandan Bose, Dr. Maltreyee Brahmamandal, Sj. Debendra Chakravarty, Sj. Bhabataran Charravarry, Sj. Bhabataran Chatterjee, Sj. Bijoylal Chatterjee, Sj. Satyendra Prasanna Chatterjee, Sj. Dhirendra Nath Chattopadhya, Sj. Brindabon Chattopadhyay, Sj. Sarojranjan Chattopadhyay, Sj. Ratanmoni Das, 8]. Banamali
Das, 8]. Bhusan Chandra
Das, 8]. Kanai Lal (Dum Dum)
Das Adhikary, 8]. Gopal Chandra Das Adhikary, 8j. Gopal Chandra
Das Gupta, The Hon'ble Khagendra Nath
Dey, 8j. Haridas
Dhar, The Hon'ble Dr. Jiban Ratan
Digar, 8j. Kiran Chandra
Dutta Gupta, 8jkta. Mira
Faziur Rahman, Janab S. M.
Gahatraj, 8j. Daibahadur Singh
Gayen, 8j. Relindahan Gayen, Sj. Brindaban Ghose, Sj. Kshitish Chandra Ghosh Maulik, Sj. Satyendra Chandra Giasuddin, Janab Md. Gupta, 8). Jogesh Chandra Gupta, 8j. Nikunja Behari

Haldar, Sj. Kuber Chand Halder, 8j. Jagadish Chandra Hansdah, 8j. Bhusan Hasda, 8j. Lakshan Chandra Hasda, 8j. Loso Hazra, Sj. Amrita Lal Hazra, Sj. Parbati Hembram, Sj. Kamala Kanta Jha, 8j. Pashu Pati Kar, Sj. Sasadhar Lahiri, Sj. Jitendra Nath Let, Sj. Panchanon Lutfal Hoque, Janab Mahammad Ishaque, Janab Malti, Sj. Pulin Behari Majhi, Sj. Nishapati Majumdar, 8j. Byomkes Mal, Sj. Basanta Kumar Malick, Sj. Ashutosh Mandal, Sj. Annada Prasad Mandal, Sj. Umesh Chandra Misra, Sj. Sowrindra Mohan Mitra, Sj. Keshab Chandra Modak, Sj. Niranjan Mohammad Mumtaz, Maulana. Mohammed Israil, Janab Mohammed Israli, Janab Mojumder, Sj. Jagannath Mondal, Sj. Baldyanath Mondal, Sj. Dhajadhari Mondal, Sj. Sishuram Moni, Sj. Dintaran Mukharji, The Hon'ble Dr. Amulyadhan Mukherjee, Sj. Sambhu Charan Mukherji, The Hon'ble Ajoy Kumar Mukherji, Sj. Pijush Kanti Mukhogadhyav. Sikta. Purabi Mukhopadhyay, Sikta. Purabi Murarka, Si. Basant Lali Muraw, Si. Jadu Nath Naskar, The Hon'ble Hemchandra Pal, Dr. Radhakrishna Panigrahi, Sj. Basanta Kumar

Panja, The Hon'ble Jadabendra Nath Paul, 8j. Suresh Chandra Pramanik, 8j. Mrityunjoy Pramanik, 8j. Aajani Kanta Pramanik, 8j. Sarada Prasad Rafiuddin Ahmed, The Hon'ble Dr. Ray, 8j. Jajneswar Ray, 8j. Jajneswar Ray, 8j. Jyotish Chandra (Haroa) Ray, The Hon'ble Chandra (Haroa) Roy, 5j. Bhakta Chandra Roy, 7the Hon'ble Dr. Bidhan Chandra Roy, 8j. Bigwanath Roy, 8j. Biswanath Roy, 8j. Hanseswar Roy, 8j. Prafulia Chandra Roy, 7the Hon'ble Radhagobinda Roy, 8j. Ramhari Roy Singh, 8j. Satish Chandra

Saha, Dr. Sisir Kumar

Santal, Sj. Baidya Nath
Saren, Sj. Mangal Chandra
Sen, Sj. Blieth Chandra
Sen, Sj. Narendra Nath
Sen, Sj. Narendra Nath
Sen, Sj. Priya Ranjan
Sen Gupta, Sj. Gopika Bilas
Sharma, Sj. Joynarayan
Shaw, Sj. Kripa Sindhu
Singha Sarker, Sj. Jatindra Nath
Sinha, Sj. Durgapada
Tafazzai Hossain, Janab
Tarkatirtha, Sj. Bimaiananda
Tripathi, Sj. Hrishikesh
Trivedi, Sj. Goalbadan
Wangdi, Sj. Tenzing
Yeakub Hossain, Janab Md.
Zainal Abedin, Janab Kazi
Zaman, Janab A. M. A.

NOE8-57.

Baguli, SJ. Haripada
Banerjee, SJ. Biren
Banerjee, SJ. Bubodh
Basu, SJ. Amarendra Nath
Basu, SJ. Hemanta Kumar
Basu, SJ. Jyoti
Bera, SJ. Sasabindu
Bhandari, SJ. Sudhir Chandra
Bhattacharjya, SJ. Mrigend a
Bhattacharya, Dr. Kanailal
Bhowmick, SJ. Kanai Lal
Bose, Dr. Atindra Nath
Chakrabarty, SJ. Ambica
Chatterjee, SJ. Haripada
Chatterjee, SJ. Haripada
Chatterjee, SJ. Rakhahari
Chaudhury, SJ. Jonendra Kumar
Chaudhury, SJ. Subodh
Chowdhury, SJ. Subodh
Chowdhury, SJ. Benoy Krishna
Dal, SJ. Amulya Charan
Dalui, SJ. Nagendra
Das, SJ. Nagendra
Das, SJ. Natendra
Chosal, SJ. Rajpada
Das, SJ. Sudhir Chandra
Chosal, SJ. Hemanta Kumar
Chose, SJ. Bibhuti Bhushon
Ghosh, SJ. Amulya Ratan
Chosh, SJ. Amulya Ratan
Chosh, SJ. Ganesh

Ghosh, Sj. Jatish (Ghatai)
Ghosh, Sj. Narendra Nath
Haldar, Sj. Nailni Kanta
Hazra, Sj. Nailni Kanta
Hazra, Sj. Monoranjan
Joarder, Sj. Jyotish
Kar, Sj. Dhananjoy
Khan, Sj. Madan Mohon
Kuar, Sj. Gangapada
Mahapatra, Sj. Balailai Das
Mondal, Sj. Bijoy Bhuson
Mondal, Sj. Sudhir
Mukherji, Sj. Bankim
Mulliok Chowdhury, Sj. Suhrid Kumar
Naskar, Sj. Gangadhar
Panda, Sj. Rameswar
Pramanik, Sj. Surendra Nath
Ray, Dr. Narayan Chandra
Ray Chaudhuri, Sj. Sudhir Chandra
Ray Chaudhuri, Sj. Sudhir Chandra
Roy, Sj. Jyotish Chandra (Falta)
Roy, Sj. Provash Chandra
Roy, Sj. Saroj
Saha, Dr. Saurendra Nath
Sahu, Sj. Janardan
Sarkar, Sj. Dharani Dhar
Satpathi, Dr. Krishna Chandra
Sen, Sjkta. Mani Kuntala
Sinha, Sj. Lalit Kumar
Tah, Sl. Dasarathi

The ayes being 119 and the noes 57 the motion was carried.

The motion of Sj. Suhrid Kumar Mullick Choudhury, as amended by the motion of Sj. Ananda Gopal Mukherji,

- "that in view of the fact that although good progress has so far been made to rehabilitate East Bengal refugees, the continuous influx of migrants into West Bengal in large numbers and the paucity of land in the State have created a situation which makes it impossible to rehabilitate any more refugees within the borders of the State, this Assembly is of opinion—
 - (1) that the Government of West Bengal should urge upon the Central Government to set up a Committee consisting of officials and responsible non-official social workers to solve the problem of rehabilitating East Bengal refugees in other States as speedily as possible; and

(2) that the Government of West Bengal should set up a committee with officials and non-officials to assist in the implementation of new schemes for the development of refugee colonies.".

was then put and agreed to.

Ruling of Mr. Speaker

Mr. Speaker: Before I go on to the next item on the agenda, I shull deliver my ruling which I reserved on the point raised by Sj. Jyoti Basu the other day.

On the 30th August, 1955, I gave a considered ruling on the point of privilege raised by Sj. Jyoti Basu on the question of withholding certain informations by the Finance Minister in answer to certain supplementary questions with regard to the State Industrial Finance Corporation. Since then Shri Basu has again raised the point and invited my attention to a report of the Industrial Finance Corporation of India published and circulated to Members of Parliament in which the names and amounts of loans granted by the Industrial Finance Corporation have been published. Shri Basu was also good enough to hand over to me for my perusal and consideration the Sixth Annual Report of the Industrial Finance Corporation of India. In the Sixth Annual Report I find that it has elaborately dealt with the report of an enquiry committee appointed by the Government of India to enquire into certain criticisms about the working of the Corporation made in both Houses of Parliament. The report published in extenso the full and complete and very exhaustive decision of the Government of India in the Ministry of Finance being the action taken on the report of the Industrial Finance Corporation Enquiry Committee. In that exhaustive resolution of the Government of India which was published in the "Gazette of India" it was inter alia stated "that Government have also decided to direct the Corporation to publish the names of borrowing concerns to whom loans have been sanctioned". In pursuance of that sanction in the Sixth Annual Report in Appendix "D" for the first time there is a full list of the statement of loans sanctioned by the Industrial Finance Corporation of India to different companies since its inception, from the 1st July 1948 to the 30th June, 1954. It appears that in the Lok Sabha too the Government in the first instance decided to withhold the information about the names and the amount of loans. In connection with the discussions of the Industrial Finance Corporation (Amendment) Bill, 1952, after these disclosures were withheld during the questions, the Prime Minister of India stated on the floor of the House that these particulars should not be withheld from the Members. The Prime Minister was justified in making the statement because under the Indian Companies Act certain affairs of public companies are matters of public knowledge and particularly under section 109 of the Indian Companies Act a mortgage or charge by a public company or any of its undertakings or floating assets has immediately to be registered before the Registrar of Companies and the public are entitled to have inspection thereof on payment of requisite searching fees.

Therefore what under the provisions of a law the public are entitled to know should not have been withheld from the Members of the Legislature. The Central Industrial Finance Corporation Act deals only with public companies whereas the State Financial Corporation Act has been empowered to deal with private companies as also partnership concerns and individual proprietorship firms. I find with greatest diligence no law by which public may have access to affairs of such private concerns. Therefore applying the principles of Indian Companies Act by which the State Financial Corporation Act is governed, I gave the aforementioned ruling

on the 30th August, 1955, and I do not see any justification for revising my previous ruling.

But I may request the Finance Minister to consider the report of the Industrial Finance Corporation Enquiry Committee as also the elaborate resolution of the Ministry of Finance, Government of India, dated the 23rd December, 1953, on the subject, and to consider whether so far as the information of names is concerned the State Government cannot fall in line with the Central Government also so far as these two particular informations are concerned. As I feel that although the principles of the Banking Law applies to all the constituents of the State Industrial Finance Corporation, who take loans, viz., public companies, private companies, partnership concerns and individual proprietorship firms and if following the provisions of Indian Companies Act the names of public companies and the amounts of their loans are disclosed whether it would be impolitic to disclose before the legislators the names of other categories of its constituents. But as the law now stands I find that I cannot by my ruling ask the Government to disclose those informations as the present position under the Banking Law stands.

Si. Jyoti Basu: Sir, can I get a copy of the ruling?

Mr. Speaker: Yes.

COVERNMENT BILL.

The West Bengal Estates Acquisition (Amendment) Bill, 1955.

8j. Natendra Nath Das:

মাননীয় সভাপাল মহাশয়, আমাদের মন্দ্রীমহাশয় এই সংশোধনী বিল বখন আনলেন, তখন বলেছেন যে, এন্টেটস এ্যাকুইজিসান এ্যাক্ট, চাপটার ভি-আই এ যে ভেফিনসনএ ইন্টার্মাডিয়ারি বলা হয়েছে, তার সংগ ওরিজিনাল এ্যাক্টএর ইন্টার্মাডিয়ারি এক করবার জন্য ও অন্যান্য কতকগ্রিল অস্বিধা দ্রে করবার জন্য এই সংশোধনী এনেছেন। আমি ব্রুতে পারছি না, এই যে নৃত্রন সংশোধনী বিল এসেছে, তাতে আমি দেখতে পাছি, সেকসন ৫০ ও ৫১-এই দ্বিট তুলে দেওয়া হয়েছে। তারপর যে উনি ৫২ সেকসন নৃত্রন করে করলেন তার ফলে দাঁড়াল সমস্ত রায়ত এবং আন্ডার-রায়তদের সকলকে নিয়ে ইন্টার্মাডিয়ারি করে দিলেন। আমি জিজ্ঞাসা করি, ল্যান্ড রিফর্মস বিলএ যে জিনিসটা করবার চেন্টা করছেন যে, রায়তকে একটা প্রপ্রাইটার রাইট দেওয়া হবে। রায়তের রেন্ট থাকল না, তাকে রেভিনিউ দিতে হবে। অবশ্য এখনও সে আইন পাশ হয় নাই, কেবলমার্চ সিলেক্ট কমিটি থেকে এসেছে এ জিনিসটা। কিন্তু সেই ন্পিরিট এই সংশোধনীতে থাকবে। সেখানে রায়ত ও আন্ডার-রায়তকে ইন্টার্মাডিয়ারি করে দেওয়া হল এবং তাদের যে প্রপ্রাইটারি রাইট দেবেন বলা হয়েছিল, সেটা থাকল না। কারণ এখন সেকসন ৪৯ অনুযায়ী র্যেদন ছায়ণা করবেন, সেদিন থেকে সমস্ত রায়ত ও আন্ডার-রায়তএর সম্পত্তি গভন্নিযেন্টে ভেন্টেড হয়ে যাবে। কাজেই তাদের বে প্রপ্রাইটার রাইট দেওয়ার কথা

[4-40—4-50 p.m.]

হরেছিল, তাদের রেন্টকে রেভিনিউ করার কথা হয়েছিল, এই সংশোধনীতে তা অস্বীকার করা হচ্ছে। আর একটা স্ক্লের জিনিস দেখা ধায়, আগের ক্লফে ছিল সেকসন ৫২তে

consequences of notification. The provisions of Chapters II to V of Chapter VII shall with such modification as may be necessary apply mutatis mutandis to raiyats and under-raiyats.

আগে যেটা ছিল চ্যাপটারস ট্ আই-ভি তাতে চ্যাপটার আই ভি-টাকে বাদ দেওরা হয়েছে।
চ্যাপটার আই ভিতে, মাননার স্পাকার মহাশর, আপনার জানা আছে মাইনস্ এ্যান্ড মিনারাল্স
—তা যদি ই ঐপ্রেক্তির্মান্তের রাখতে পারে তাহলে রায়ত ও আন্ডার-রায়ত চ্যাপটার আই ভিতে
যাদের জাের ক'রে হন্টার্কিডিয়ার্লের করতে চাইছেন, তা যদি হয় তাহলে আগের চ্যাপটার
যে স্বিধা ক'রে দেওয়া হয়েছে সেখানে কেন চ্যাপটার আই ভিকে বাদ দেওয়া হ'ল। তাহলে
ইন্টারমিডিয়ারির জমি যা ছিল, তাদের মাইনস্ এ্যান্ড মিনারাল্সএর উপর আগে রাইট যা
ছিল এখন আন্ডার-রায়ত ও রায়তদের মাইন্স এয়ান্ড মিনারাল্সএর উপর এই আইন পাশ
করার সংগ্য সংগাই চলে যাবে।

ঘন ঘন সংশোধনের ফলে আর একটা অবস্থার সৃষ্টি হয়েছে। কেন এ ফোরসাইট থাকল না? গতবারে রায়তকে জমি রাখবার বাবস্থা ক'রে দিয়েছেন; সেটাতে যাদের ইন্টারমিডিয়ারি করেছিলেন তাদের করেছিলেন ৩৩ একর। এবারে সেটা করলেন ২৫ একর। এই আইন পাশ করার এক বছরের মধোই এই ২৫ একর হ'ল। এক বছর আগে ২৫ একর ছিলে না। এখন কেউ যদি ৫।৭ একর কিনে থাকে তার সেই জমিগ্লোর অবস্থা কি হবে? গভর্নমেন্টের এই অবাবস্থার জন্য, আইন সম্পর্কে ঘন ঘন পরিবর্তনের জন্য, লোকের কি বিশ্বাস থাকবে আইনের উপর? আপনারা ব'লে দিলেন ৩৩ একর রাখতে পারে, হঠাং আইন করে দিলেন যে না, ওটা ২৫ একরই হবে। কোন পরিবহম্পনা নাই। তাড়াতাড়ি আইন করার ফলে যা হবার তা হয়েছে। চ্যাপটার ভি আইএ ইন্টারমিডিয়ারি সম্বন্ধে প্রথম যখন আলোচনা হয়েছিল, যখন মলে আইনটা আনা হয় তখন আমি বলেছিলাম যে, এটা ঠিক হচ্ছে না, এটায় একই আইনের মধ্যে একবার তার ভেফিনিসন দিলেন সেকসন ২তে, আর একবার চ্যাপটার ভি আইতে ইন্টারমিডিয়ারি করলেন যে, ফর দি পার্পাস অফ দিস চ্যাপটার—এ অম্ভূত জিনিস, আর তার জন্যই এই অম্ভূত ব্যাপার দাঁড়িয়েছে।

আর একটা কথা বলি। আপনারা এখানে যা বলেছেন—যখন দুই কুজ এক হ'ল—তখন দেখছি বন নিয়ে নিচ্ছেন, আর এখন দান্তিলিংকে বাদ দিচ্ছেন-সেখানে যত জমি ইন্টার-মিডিয়ারির আছে সব থাকবে। জমি পাবার দরকার অন্য জায়গায়, সেখানে যেন নয়, সেখানে জমি সব থাকবে. যেন সেথানে গরীব লোক নাই এবং সেখানে গরীব লোকে কোনকালেই পাবে না। এটা কেন করা হ'ল? মন্দ্রীমহাশয় তাঁর বক্ততার সময় বললেন যে, পাহাড়ের উপর জায়গায় তাদের টেরেসিং করতে হয় এবং সেজনা অনেক জমি নন্ট হয়। টেরেসিংএর জন্য ভাল ফসল হয়। বাঁকুড়া ও মেদিনীপুরে যেসব হিলি পোরসন আছে সেইসব জায়গা থেকে দাজিলিংএর হিলি পোরসনএ ঢের বেশী ফলন হয়। তাহলে বাঁকুড়া ও মেদিনীপরে সহরের लाटक रत्र त्रारां भारत ना रकन? रत्र क्रीयों जाता भारत ना रकन? এ क्रिनिनां कारक সম্তুষ্ট করবার জন্য করেছেন? যদি করতেই চান তাহলে হিলি পোরসন সব জায়গায় বাদ যাবে তার বাবস্থা কর্ন অথবা একটা ফিক্সড কোয়ানটিটি কর্ন যে এতটা ল্যান্ড পাবে। কিন্তু এখানে করেছেন যত ল্যান্ড আছে সব থাকবে। তারপর ট্যান্ক, ফিসারি সেটা বাদ দিলেন, সেটা निर्मान ना, भू, प्राप्त करत्र को किया निर्मान, के किया जिल्ला ना । अ मन्यस्थ ताथ होत-বাব, এবং স,বোধবাব, বলেছেন, আমিও জানি, আমার অভিজ্ঞতা থেকে বলতে পারি যে, আডাই राजात विचा कमित कना मोहित जाना रासाहर 80 राजात गोका भत्र करत वाल एक जात जिला আবাদ করার ব্যবস্থা হয়েছে, কিন্তু যেই এই আইনের ব্যবস্থা হ'ল, অর্মান জল ঢুকিয়ে দিয়ে মেছো एवती रात्र राम । जारान ১৯৫० मार्ल या रात्राष्ट्र जाउ ताथराज भातरा ना। जा क ফিশারীতে—কতটার যে ট্যাষ্ক ফিশারী হবে—তারও সংজ্ঞা কিছু নেই।

তারপরে টি গার্ডেনস এবং ডেয়ারি সম্বন্ধেও করলেন। টি গার্ডেনএর বেলা নিয়ম করলেন গভর্নমেন্ট যতটা দরকার মনে করবেন ততটা রাখবেন, কিন্তু অর্চার্ড এর বেলা কিছু হ'ল না। একজনের বিদ ৫০০/ বিঘা আমবাগান থাকে ত তা থাকবে কেন? জমির বেলা—বিদ এগ্রিকালাচারাল ল্যান্ড না হয় তাহলে ২০ একরস ইনকুডিং ৫—আর অর্চার্ড এর বেলা এরকম থাকবে কেন? ট্যাঞ্চ ফিসারি আর অর্চন্ড কেন তার ভিতরে আনা হবে না? বন্ধুরা বলেছেন মালান্হকে সম্ভূষ্ট করবার জন্য রাখা হয়েছে। আমি বলি, এটা গরীবের জন্য বিদ হয় তাহলে অর্চার্ড এর বেলা কিছুই নয় কেন?

আর একটা সর্বনেশে কথা ঢুকিয়েছেন—চ্যারিটেবল অর রিলিজিয়াস পারপাস। রিলিজিয়াস পারপাস। সম্পারপাস সম্বশ্যে যথেন্ট সন্দেহ আছে। আমার ব্যক্তিগত এবং আইনজাবী হিসাবে ও নিজ অভিজ্ঞতা থেকে জানি রিলিজিয়াস মানে যেসমস্ত ঐ উদ্দেশ্যে এন্ডাউমেন্ট আছে তার শ্র্যু অপব্যবহারই হয়় নানারকম মঠ ইত্যাদির খবর যাঁরা জানেন তাঁরা জানেন যে, করাপসন সেখানে কত বেশী। কাজেই রিলিজিয়াস ছেড়ে দিয়ে চ্যারিটেবল দেওয়াতেই ঠিক হয়়। শ্র্যু রিলিজিয়াসকে ছেড়ে দেওয়া ঠিক নয়। রিলিজিয়াস এয়ন্ড চ্যারিটেবল—তা থাকলে পর দিতে পারেন। কিন্তু সেখানে আলাদা পার্সান বললেন কেন? আগে যে আইন করেছিলেন তাতে বলেছিলেন যে, অম্কুক অম্কুকে দিলে সম্বাবহার করবে, ১৯৫৩ সালের প্রের্বির যে দেবোন্তর তা ব্রুলাম, কিন্তু ১৯৫৩ সালের পরে বহুলোকের জমি দেবোন্তরের নামে হয়েছে এবং সেখানে নিজেরা শ্র্যু সেবায়েত হয়ে আছে সেইসব জমির ব্যাপারে কি করবেন? অম্প রেন্ট দিচ্ছেন। অর্থাণ্ড জমিদারদের সব রকম স্বিধা দেওয়া হ'ল। কলিকাতাকে আগেই ছেড়ে দেওয়া হয়েছে, এখন দার্জিলিংকে ছেড়ে দেওয়া হ'ল, পরে ঠাকুরের নাম করে বাদ দেওয়া হ'ল—রেন্ট ফ্রি করা হ'ল —খাজনা দিতে হবে তা আগে থেকেই বলে দিলেন।

মোট কথা বহু গলদ নিয়ে আমাদের সামনে এই বিল এসেছে এবং বহু গলদ সৃষ্টি করা হয়েছে এবং এ থেকে হবে।

[4-50-5 p.m.]

8j. Kanai Lal Bhowmick:

মাননীয় স্পীকার মহাশয়, এই এস্টেটস একুইজিসন এ্যাক্টের যে সংশোধনী আমাদের সামনে এসেছে সেই সংশোধনীটি প্রধানতঃ বাংলাদেশের বড় বড় জমিদার জোতদারদের রক্ষা করবার জুনা আনা হয়েছে এবং যাতে করে জুমি বিলি সমস্যাটা আরও জুটিল করা যায় এবং জুমি বিলি সংক্রান্ত সমস্যার কোন সমাধানে না পে'ছানো যায় তার জন্য এই সমস্ত এাামেণ্ডমেন্ট করা হয়েছে। যদি এটা দেখেন তাহ'লে দেখবেন যে, এখানে প্রথম দিকে যেসমস্ত এ্যামেন্ডমেন্ট করা হয়েছে তাতে বিশেষ করে মধ্যস্বত্বাধিকারীদের সমস্ত জমিগ্রাল ছেড়ে দিচ্ছেন অর্থাৎ এই আইনের মধ্য দিয়ে তাদের অনেক রকম স্ববিধা ক'রে দেওয়া হচ্ছে। আমরা দেখতে পাচ্ছি মধ্যস্বত্বাধিকারীরা একদিকে ২৫ একর জমি রাখতে পারবেন আবার সঞ্চো সঞ্চো দাজিলিং এলাকায় তাদের যেসমুহত জুমি আছে তার সবকিছুই রাখতে পারবেন, অর্থাৎ বাংলাদেশের যেসমুহত মধ্যুসবুছাধিকারীর দার্জিলিং এলাকায় জমি আছে তারা অত্যুক্ত ভাগাবান, কেন না, তারা এই ২৫ একর জমি ত রাখতে পারলেনই অধিকন্ত অন্যাদিকে হিল ট্রাক্টসে জমি রাখতে পারলেন। র্যাদ এইরকম হত যে, বাংলাদেশে এমন মধ্যস্বদাধিকারী আছে যাঁদের দান্তিলিংএ হিল এরিরার জমি ছাড়া আর জমি নেই, সেক্ষেত্রে না হয় এই এ্যামেন্ডমেন্টের অর্থ ব্রুতে পারতাম। কিন্ত মন্ত্রীমহাশয় এইরকম তথা আমাদের কাছে হাজির করতে পারেন না. দেখাতে পারেন না যে. এমন মধাস্বত্বাধিকারী আছে যাদের হিল এরিয়ায় ছাড়া আর কোথাও জমি নেই, স্কুতরাং এই-গ্রিল ছেড়ে দেওয়া দরকার। এতে বাস্তবিক পক্ষে জমিদাররাই স্ববিধা পাবে। তারপরে ধরুন যে, একজন মধ্যস্বভাধিকারীর হিল এরিয়ায় জমি আছে ৫০ একর আর অন্য অঞ্চল জমি আছে ১০ একর, তাদের ক্ষেত্রে কি হবে? এই সমস্ত নানা প্রশ্ন, নানা পার্সিয়ালিটির কোয়েশ্চেন, নানারকম অস্ক্রবিধার কেয়েশ্চেন এখানে উঠবে। তা ছাড়া অন্যান্য সমস্ত সদস্যই বলেছেন যে, এতে চাষীদের অনেক অস্ববিধা হবে কারণ ষেসমস্ত চাষী এই সমস্ত জমি চাষ करत जारात रकान मर्गिवधा शरव ना वतः जाता छरह्म शरा यारव—रम मम्भरक विरायकना कतात्र আছে।

মাননীয় স্পীকার মহোদয়, তারপরে এই যে সংশোধন করা হচ্ছে এফ জি ৬ নম্বর সেকসনের প্রিন্সিপ্যাল এয়াক্টের তাতে বাছাই বাছাই কতকগর্থলি জিনিস বাদ দেওয়া হচ্ছে— fishery, tanks, orchard, livestock breeding, poultry farming, etc. এইসবগর্থলি বাদ দেওয়া হচ্ছে। কতকগর্থলি জারগা তারা এখানে বাদ রেখে দিছেন যার মাধ্যমে আরও বেশী জমি মধ্যস্বত্বাধিকারীরা রেখে দিতে পারবেন। স্কুতরাং আমরা দেখতে পাছিছ

 व. यथान्यचािथकातौरमञ्ज वाँठायात सनाटे এই সংশোধনী कता टक्क कात्रण এই সংশোধনীর মধ্যে কতকগুলি জিনিস না রাখার জন্য মধাস্বত্বাধিকারীরা অনেক বেশী জমি ঐভাবে রেখে দিতে পারবে, তারপর সবচেয়ে বেশী মারাত্মক হচ্ছে, বাকী বকেয়া খাজনা আদায় সম্পর্কে ষে मरागाधनी **এনেছেন। এই সংশোধনী যে কত অন্যায় এবং অবিচারমূলক** তা সহজেই ব্রুতে भाता याग्र। आर्थान, मात्र, यीन प्रत्थन ठाश्लाहे वृत्यत्व भातर्यन पर, शिन्मिभाल आरहेत ४ তাঁৱা কিভাবে **সুংশো**ধনী করছেন। ৮ নম্বর ধারায় কি ছিল-না যদি কোন মধাস্বভাষিকারীর কিছু, থাজনা, সেস প্রজার কাছ থেকে वाकी थाटक जाराम स्मर्थे नमञ्जान जाँता नत्रकात्रक पिरम जापाम कत्रवात रुखे। कत्रक भारतन मत्रभाम्य कत्राप्त भारतन्, हेर्गामि। किम्य अथन जाँता कि वलाहन, ना भाकना, रामा मासा नामand other amounts lawfully recoverable by-

অর্থাৎ খাজনা, সেস্ ছাড়াও কোন মধ্যস্বত্বাধিকারী তার প্রজার কাছ থেকে অন্যান্য যা কিছ্ব পাবে সম্মত বিষয় সরকার আদায় করে দেওয়ার ভার নিচ্ছেন এবং সেই সম্মত আদায় হবে সার্টিফিকেট পম্পতিতে এবং এইভাবে নানারকম জ্বুল্ম তাদের উপর চলবে। আর এখানে যেটা বলছেন—

and other amounts lawfully recoverable by-

কোন কোন জিনিস তার মধ্যে আসবে—মহাজনের দেনা কি তার মধ্যে আসবে, মর্টগেজের দেনা কি তার মধ্যে আসবে—কি কি জিনিস তার মধ্যে আসবে সে সম্পর্কে কিছুইে বলেন নি। এই আইন থেকে বোঝা যাচ্ছে যে. মধ্যন্বভাধিকারী প্রজার কাছ থেকে যা কিছ্ । পাওনা সমস্ত জিনিসই আদায় করে দেওয়ার ক্ষমতা সরকারের থাকবে। আপনি একবার বিবেচনা করে দেখন. কোন প্রজা হয়ত বাকী বকেয়া খাজনা দিতে পারছে না—এইভাবে তার বাকী বকেয়া খাজনা বেড়েই যাচ্ছে এবং সেইজনা তার জমি নীলাম হয়ে যাচ্ছে এবং নানারকমে সে অস্বিধায় পড়তে। তার উপর মহাজনের কাছ থেকে বা মধ্যস্বত্যাধিকারীর কাছ থেকে টাকা ধার করেছে বা নানারকম ওরিগেসনের মধ্যে টাকা ধার করেছে, সেই সমস্ত টাকা যদি সরকারকে দিয়ে আদায় করবার সংযোগ জমিদারদের দেওয়া হয় তাহলে ক্যকদের উপর প্রজাদের উপর কি রকম চাপ পড়বে সেটা একবার বিবেচনা করে দেখন এবং মহাজনদের ক্ষেত্রে যে রকম সূবিধা দেওয়া হয়েছে তাতে সিভিল কোর্ট প্রভৃতিতে প্রজাদের যেসমস্ত স্ক্রিধা ছিল তা থেকে বঞ্চিত করা হবে। তা ছাড়া একসংখ্য বাকী বকেয়া খাজনা ও অন্যান্য যা কিছু পাওনা, সমস্ত কিছুই **क्षकारमंत्र काष्ट्र स्थरक** जामास करावात वावन्था यीम मतकातरक मिरा कतारना द्या जाटरन भन्न ধারা সন্মির্বোশত করা হয়েছে সে ধারা বাংলাদেশের ক্রমকের পক্ষে এবং কৃষিব্যবস্থার পক্ষে যে অত্যন্ত মারাত্মক সে বিষয়ে আমি আপনার দুডি আকর্ষণ করছি। সেইজন্য আমি বলতে চাই, এই সংশোধনী বাংলাদেশের পক্ষে অত্যন্ত মারাত্মক হবে। এই সংশোধনীর সঞ্জে সঞ্জে স্পাতি রাখবার জন্য তাঁরা ৬ নম্বর সেকসনে অল সামস প্রভৃতি কথাগুলি বলবার চেন্টা করেছেন এবং সেই অল সামস সরকার আদায় করে নেবেন এবং তার জনা সরকার মান ২০ ভাগ খরচ নেবেন। এ সম্বন্ধে মিনিমামটা তাঁরা বলেছেন, কিল্তু ম্যাক্সিমামটা সম্বন্ধে তাঁরা কিছুই বলেন নি। এইরকম অনেক মারপ্যাঁচের মধ্য দিয়ে সমস্ত পাওনা প্রজাদের কাছ আদায় দায়িত্ব থেকে করবার সরকার कारकरे मधाञ्चलाधिकातीता र यन रय. जाता चरत वरमरे रकानतकम यारमना ना भारेरा ४० जान টাকা সরকারের কাছ থেকে পাবেন এবং সপো সপো সরকার সার্টিফাই করে এই খাজনা আদায়ের জন্য অনেকরকম ব্যবস্থা করবেন। তাছাড়া এই আইনে আর একটা পরিবর্তন করছেন। প্রিন্সিপ্যাল এ্যাক্টের মধ্যে ছিল যে, যেদিন থেকে এই মধ্যস্বত্ব গভর্নমেন্টের হাতে ভেস্ট করবে সেদিন থেকে মাত্র ৬ মাসের মধ্যে জমিদারেরা তার বাকী বকেয়া খাজনা যাতে সরকার আদায় করে দেয় সেইজন্য দরখাস্ত করতে পারবে। কিন্ত সেই সময়টা আবার ৬ মাস বাড়িয়ে দিচ্ছেন। তাঁরা এখন আইনের মধ্যে করেছেন ১২ মাস। পূর্বের আইন অনুযারী ৬ মাস যদি থাকত, তাহলে ১৩৬২-সালের বৈশাখের পর থেকে আন্বিনে অতিবাহিত হরে বাওরার কথা। সরকার দরাপরবশ হরে বেসমস্ত বড বড জমিদার জ্বোতদার আছে তাদের স্বার্থ রক্ষা করবার জন্য এই সময়টাকে আরও ৬ মাস বাডিরে দিলেন। এর স্বারা জমিদারদের জ্বন্ম আরও বাড়বে। তারা খাজনা আরও জোর করে আদায় করবার চেন্টা করবে। এখন দ_্ডিক্ষের সময়, অভাবের সময়, ৬ মাস ধরে আরও তারা প্রজ্ঞাদের উপর অত্যাচার চালাবার স্বোগ পাবে এবং যেসমুহত জমিদার এখন দরখাস্ত করেন না, তাঁদের আবার দরখাস্ত করবার স্বোগ সরকার করে দিচ্ছেন।

মাননীয় স্পীকার মহাশর, তারপরে তাঁরা ৬ নন্বর ধারা চাপেটার সিক্স পরিবর্তন করবার চেন্টা করছেন। চ্যাপটার সিক্সে প্রিসিপ্যাল এ্যাঞ্টের মধ্যে ছিল সরকার একটা সময় নির্দিষ্ট করে দেবেন যে সময়ের মধ্যে সমস্ত জোতদার জমি সরকারের হাতে ভেস্ট করবেন সারা বাংলাদেশে। কিন্তু তাঁরা এখন কি করছেন, এখন তাঁরা করছেন ডিন্টিক্ট বাই ডিন্টিক্টেই চ্যাপটার সিক্স প্রয়োগ করবেন। এই ডিন্টিক্ট বাই ডিন্টিক্ট প্রয়োগ করার ব্যাপারে আমাদের অভিজ্ঞতা হচ্ছে এই যে, সাধারণভাবে প্রাইমারী এডুকেশন এ্যাক্ট ১৯৩০এর কথা যদি ভাবি তাহলে আমরা জানতে পারি যে, ঐ রকম আইন ডিন্টিক্ট বাই ডিন্টিক্ট সরকার স্ক্রিবামত প্রয়োগ করবে এবং এইজনাই প্রাইমারী এডুকেশন এ্যাক্ট যেটা পাশ হরেছিল জান্মারী ১৯৩০ সালে সেটা আমাদের মিদনাপ্রে ডিন্টিক্ট প্রযোজ্য হয়েছে ১৯৫৪ সালে। কাজেই চ্যাপটার সিক্স প্রয়োগ করার ব্যাপারে যে ধারা রাধছেন সে ধারার মধ্য দিয়ে দীঘদিন ধরে যাতে জোতদারেরা সম্পত্তি নির্বিবাদে ভোগদখল করতে পারেন তারই পথ খুলে দেওয়া হছেছে। সেইজন্য কেন সরকার একটা সময় বে'ধে দিছেন না? তাঁরা যদি সতাই মনে করেন যে, গরীব কৃষকদের জমি দিতে হবে, যদি তাঁরা সত্যই ক্যি-সমস্যার সমাধান করতে চান, তাহলে কেন তাঁরা চাপেটার সিক্স প্রয়োগ করার ব্যাপারে একটা নির্দিন্ট তারিথ ঘোষণা করেন না? আগের বার করেন নি, এবারও হোল না।

মাননীয় স্পীকার মহাশয়, এইভাবে এই বে এ্যামেণ্ডমেণ্ট এখানে আন্য হয়েছে এটা বাংলা-দেশের কৃষিব্যবস্থার পক্ষে অতান্ত মারাত্মক এ্যামেণ্ডমেণ্ট এবং এটা কৃষকদের জীবনে অত্যন্ত ক্ষাত করবে। সেইজন্য আমি এই এ্যামেণ্ডমেণ্টগুলির তীব্র বিরোধিতা কর্ছি।

[5-5-10 p.m.]

3j Bibhutl Bhusan Chose:

মাননীয় স্পীকার মহাশয়, তৃতীয় দফে আইনমন্ত্রীমহাশয় আমাদের কাছে ভূমিসংস্কার বিলের সংশোধনর্প দাখিল করেছেন। বার বার তিনবার এই ভূমিসংস্কার বিল আমাদের সান্তন উপস্থাপিত করা হল। প্রথম বখন ভূমিসংস্কার বিল আইনমল্টীর মাধায় এল তখন র্যাদ তিনি ধীরস্থিরভাবে স্বাদক বিবেচনা করে পশ্চিম্বশেগর এই জটিল ভূমিস্মস্যার প্রতি দ, ঘিউপাত করতেন, তাহ'লে আজকের এই প্রহসন আপনার সামনে হতে পার^ত না। তিনবার এই ভূমিসংস্কার বিলের সংশোধন প্রস্তাব উপস্থিত করা হয়েছে। বার বার আমরা চেণ্টা করেছি যাতে কৃষিপ্রধান পশ্চিমবংগার এই জটিল ভূমিসমস্যার একটা প্রকৃত সমাধান করা যায়, যাতে তাড়াহ ডো না করে মনঃস্থির করে এবং স্বদিককার যুক্তি নিয়ে স্বদিক বিচার করে আইনমন্ত্রী একটা আইন প্রণয়ন করেন। কিন্তু আমাদের সেই চেন্টা ব্যর্থ হয়েছে। তাড়া-र. इ. करत এर आर्टेनो निरा आजवात करन आकरक कि प्रथा गाएक? প्रथम यथन विम अन এবং এখন যখন এই এ্যামেন্ডমেন্ট হতে চলেছে তখন আমরা মনে করেছিলাম যে, আজকে ষে ব্যাপক উচ্ছেদ হচ্ছে তার বিরুদ্ধে ন্তন এ্যামেণ্ডমেণ্ট আনবেন—আজকে যে অবৈধ হস্তান্তর হচ্ছে তার বিরুম্থে বৃঝি বা এামেণ্ডমেণ্ট আনছেন। আজকে যথন রেকর্ড করবার ক্ষেত্রে প্রত্যেক গরীব চাষী হররাণি হচ্ছে—তখন আমরা মনে করেছিলাম যে, তার প্রতিকারের বাবস্থা ক'রে গরীব চাষীকৈ স্বস্তির নিঃশ্বাস ফেলতে সুযোগ দেবার জন্য এই বিল আনছেন। কিন্তু তা নর, চাষীর ঘাড়ে ক্ষতিপরেণের বোঝা চাপিয়ে দিয়ে মধ্যস্বন্ধভোগীকে আরও স্লোরদার করার জনা এই বার্থ প্ররাস করছেন। জানি না মন্দ্রীমহাশর এটা করতে কেন প্রগোদিত হয়েছেন। এই বিলএর স্টেটমেণ্ট অফ অবজেক্টস এয়ণ্ড রিজনসএর ভিতর এটা স্পন্ট ফুটে উঠেছে যে. মধ্যস্বস্থভোগী এবং বড় বড় জমিদাররা এই আইনের ফাঁক দিয়ে বেরিয়ে যাবেন— বড় বড় রাষববোয়লরা যাতে এই আইনের জাল থেকে বেরিয়ে যেতে পারে তার ব্যবস্থা এর মধ্যে রয়েছে। আমি জানি না, কে তাঁর মাথায় এই বৃদ্ধি ঢুকিয়েছে। আমরা এর বিরোধিতা না করে পারি না। মধ্যস্বন্ধভোগীরা এই আইনের নানা ফাঁক দিয়ে বিরাট বিরাট জাম রেখে

দিতে পারবেন। আমি এখানে পরিম্কার ক'রে জিজ্ঞাসা করতে চাই—এই যে ২৫ একর করে জমি দিচ্ছেন, তা দিলে পশ্চিমবঙ্গে আর কতটা জমি থাকবে। ৬ লক্ষ একর জমি থাকে। আমি মনে করি, তাঁর হিসাবে গল্তি হয়েছে। এটা দিয়ে দিলে পশ্চিমবংশার ভূমিসংস্কার করে আর কি করবেন। পশ্চিমবশ্গের গরীব, ভূমিহীন চাষী, ক্ষেতমজ্বর এবং যারা সত্যিকার চাষের কাজ করে তাদের কি করে ভূমি দেবেন মন্ত্রীমহাশয় ব্রবিয়ে দেবার চেষ্টা করবেন কি? আমি একথাও তাঁকে জিজ্ঞাসা করি, দাজিলিংএর কয়েকটা মানুষের হাতে ২৫ একরের বেশী জমি দেবার কি কারণ থাকতে পারে। আমরা জানি সেখানকার জনসাধারণের মধ্যে অল্পসংখ্যক লোকের হাতে ২৫ একর জমি আছে। মন্দ্রীমহোদয় করলেন কী-দাজিলিংএর সমস্ত জমি এই আইনের আওতা থেকে বাদ দিয়ে দিলেন। এর একমাত্র উদ্দেশ্য হতে পারে বে, দাজিলিংএর চাবাগানের মালিকদের, কিম্বা সেখানকার বড় বড় যারা কোম্পানি—মালিক আছেন তাদের আরও একটা বেশী ক'রে রসদ যোগাবার চেণ্টা করছেন। যেসব জিনিস এই আইনের আওতার মধ্যে আনা উচিত ছিল তাসব এক্সকুড করে দিলেন। মন্দ্রীমহাশয়কে একথা বলব বে, তিনি যদি মনে করে থাকেন সকলে তাঁর চোখে দুনিয়াকে দেখবেন তাহলে তিনি ভূল করছেন। সেজনা আমরা প্রতিবাদ না করে থাকতে পারি না। তারপর, দেবোত্তর সম্পত্তি। পশ্চিমবশ্গের সকলেই জানেন দেবোত্তরের নাম দিয়ে জমিদাররা কিভাবে আইনকে ফাঁকি দেবার চেণ্টা করেন—দেবদেবীর নামে মান,্ধকে ঠকাবার চেষ্টা নামে যে ব্যাপক অধিকার দিয়ে দেওয়া হ'ল মধ্যস্বত্বভোগীদের, দাবী সেইসব জমি আইনের আওতার মধ্যে নিয়ে আসতে হবে। আইনজ্ঞ হিসাবে মাননীয় মন্দ্রীমহাশয়কে বলব, তিনি কি তাঁর বিবেকের বিরুদ্ধে কাজ করছেন না। আজকে যখন পশ্চিমবাংলার সমুস্ত মানুষ—বিশেষ করে কৃষিবহুল পশ্চিমবাংলার ক্ষেত্মজুর, দিন্মজুর, তার ভাগচাষী এবং অন্যান্য ছোটখাট চাষী এই কংগ্রেস সরকারের কাছে, মন্দ্রীমহাশরের কাছে অনেক বড় আশা করেছিল যখন তারা শ্নেতে পেল ল্যান্ড রিফর্মস বিল এ্যান্ড এন্টেটস এ্যাকুইজিসন বিল পশ্চিমবংগ আইনসভায় উত্থাপিত হতে যাচ্ছে। কিন্তু আজকে তারা দেখতে পাচ্ছে যে, এতে কিল্ডু তাদের কিছুমার উপকার হবে না। পশ্চিমবংশ্যের ভূমিহীন চাষী ক্ষেত্মজুর ভেবেছিল হয়তো তারা চাষের জমির মালিক হবে। কিল্ড আজকে আইনের পর আইন হলেও স্তিতাকার গরীব চাষী ক্ষেতমজ্বর ভাগচাষীকে ফাঁকি দেবার একটা প্রচেষ্টা চলছে। এই প্রচেষ্টার স্বারা কোর্নাদন প্রকৃত ভূমিসংস্কার হবে ব'লে আমি মনে করি না। যদি সত্যিকারের ভূমিসংস্কার বিল আনতে হয় তাহলে দরদী মন নিয়ে আইনমন্ত্রীকে সত্যিকারের চেষ্টা করতে হবে। কি মনে রাখতে হবে তা উপরতলার মানুষের দরদী মন নয়।

[5-10-5-20 p.m.]

সতিকারের যদি ভূমিসংস্কার বিল নিয়ে আসতে হয় তাহলে একট্ দরদী মন নিয়ে আইন্মন্টী একট্ চিন্তা করবেন। সে চিন্তা কিন্তু উপরতলার মান্বের জন্য হয়। সে চিন্তা করবেন যারা হাতেনাতে চাষ করে, যারা মাথার ঘাম পায়ে ফেলে চাষ করে, যারা জমির সপ্পে লড়াই করে ফসল ফলায় সেই নীচেরতলায় মান্বদের জন্য একট্ দরদী মন নিয়ে তাদের দৃঃখদ্দালাঘব করার জনা চিন্তা করবেন। আমরা জানি তিনি যে চোখ দিয়ে দেখছেন তাতে রণিগন চশমা দিয়ে নীচেরতলার লোকদের প্রতি দৃষ্টি দেওয়া চলে না। কিন্তু যেভাবে ভূমিসংস্কার বিল নিয়ে এসেছেন তাকে প্রহসন ছাড়া কিছ্ই বলব না এবং আমি অন্রোধ কর্রছি, আপনারা এই প্রহসন বন্ধ কর্ন। আজকে এমন আইন, নিয়ে আস্ন যাতে ব্যাপক উচ্ছেদের বির্দেধ আইন কার্যকরী হতে পারে, তা না করে আজকে যে আইন করছেন তাতে জমিদার জোতদারদেরই আরও বেশী স্বিধা করে দেওয়া হবে। সেইজনাই আমি আপনাদের দৃষ্টিভগণী বদলাতে বলছি এবং যে আইন এখানে এনেছেন তাতে গরীব চাষীদের উপকার হবে, এটা আমি বিশ্বাস করি না।

8]. Sudhir Chandra Das: -

মাননীর স্পীকার মহাশর, আমি এই বিল যা এখানে আনা হয়েছে ভূমি দখল সম্বন্ধে, এ ব্যাপারে আমরা আশা করেছিলাম যে, ভূমিদখল করে ভূমি বন্টন করার উদ্দেশ্যেই এই বিল রচনা করা হয়েছে। কিন্তু আমরা এখানে দেখছি যে, এখেট এ্যাকুইছিসন বিল ক'রে যাতে জামদার জোতদার এবং কংগ্রেসের পেটোয়া লোকদের হাতে জমি সংরক্ষণ করার চেন্টাই হছে। বিশেষ করে আমি বলব দাজিলিংএ যেখানে খাস জমি রাখার অধিকার দেওয়া হছে সে সম্পর্কে মন্দ্রীমহাশর এমন কোন তথা উপস্থিত করতে পারেন নি, এর কি বিশেষ কারণ থাকতে পারে। সেখানে কি বর্গাদার ও ভূমিহীন লোক নাই? কি কারণে তিনি সেখানকার ব্যাপারটা বিশেষভাবে বিবেচনা করছেন তা আমরা ব্যুতে পারছি না। বর্ধমানে যেখানে খাসজমি রাখা সম্ভব হয় নি—আমরা কানাঘুযা শ্রুতে পাছি যে, বর্ধমানের মহারাজার দাজিলিংএ বহু খাস জমি আছে, এটা কি যেমন ক'রে কলকাতাকে কেড়ে নেওয়া হরেছিল সেই একই উদ্দেশো দাজিলিংকে বাদ দেওয়া হছে। দ্বিতীয় কথা হছে, অর্চার্ড সম্বন্ধে যা করা হছে তার কারণও তিনি প্রকাশ করেন নি। এখানে কি বিশেষ রাজনৈতিক দলের স্বার্থারক্ষার জন্য চেন্টা করা হছে। আমরা আশা করেছিলাম যে, নদীয়া, মালদহ, ম্বির্দাবাদ ইত্যাদি জায়গায় যেসমঙ্গত বড় বড় বাগিচা আছে সেগ্রিলর জমি একটা নির্ধারণ করে দেবেন। কিন্তু তাও কিছ্ব দেখছি না।

আজকে তারা মাছের চামের জন্য জমি রাখতে পারবে, তার জন্য বহু জমি বাদ রাখছেন। সর্বপ্রথম আইনের মধ্যে দেখতে পাছি জমিদার জোতদাররা যাতে আরও বেশী করে জমি রাখতে পারে, সেই ব্যবস্থা করা হয়েছে। অথচ ভূমি দখলের মূল উদ্দেশ্য ছিল—এই এন্টেট এ্যাকুইজিশন আইনের মূখ্য উদ্দেশ্য ছিল যাতে করে বেশী পরিমাণ ভূমি পাওয়া যায় দরিদ্র ভূমিহীন ভাগচাষীদের মধ্যে বিলি করবার জন্য। আমি মনে করি, সেই উদ্দেশ্য এই এন্টেট এ্যাকুইজিসন এ্যামেণ্ডিং বিলএ একদম বার্থা হয়েছে। একটা ভয়ানক প্রতিক্রয়াশীল এ্যামেণ্ডিং বিল আনা হয়েছে। এটাও যদি ভাল করে আনতেন, তাহলে অনেক ভাল জিনিস হতে পারত।

অনেক বন্ধ্ অনেক কথা বলে গেছেন এই দেবোত্তর সম্পত্তি সম্বন্ধে। এ সম্বন্ধে আমি দ্'-একটা কথা বলতে চাই। বহু সম্পত্তি দেবতার নামে ব্যক্তিগতভাবে দিয়ে দিয়ে তাঁরা আত্মরক্ষা করবার চেন্টা করেছেন। স্কৃতরাং এ বিষয়ে বিবেচনা করে এই আইনের মধ্যে কিছ্ব বলা উচিত ছিল বলে আমি মনে করি। আমি মন্দ্রীমহাশয়কে অনুরোধ করব, এই বিলটা অত্যন্ত থারাপভাবে আনা হয়েছে। এই যে জমিদার জোতদারদের রক্ষাকবচ হিসেবে যে ভূমিরক্ষা বিল করছেন, এই বিলের আমরা তীব্র প্রতিবাদ করি। কি কারণে দান্ধিলিং হিল ট্রাক্টএর জন্য বিশেষ স্কৃবিধার কথা ঘোষণা করছেন, তার তথা যতিদিন না আমরা জানতে পারি ততিদিন এই বিলটা জনমত সংগ্রহের জন্য পাঠান হোক। কোন বিশেষ জেলার লোককে বিশেষ স্কৃবিধা বা কেন ক্ষমতা দেওয়ার পক্ষপাতী আমরা নই।

[5-20-5-30 p.m.]

Si. Subodh Choudhury:

মাননীয় দপীকার মহাশর, আমরা আশা করেছিলাম যে, দ্ব বছরের অভিজ্ঞতা থেকে শিক্ষালাভ করে মন্দ্রীমহাশর যে সংশোধন প্রস্তাব নিয়ে আসলেন, তাতে সত্যিকারের প্রচুর পরিমাণ জমি বিলি করবার জন্য পাওয়া যাবে এবং চাষীদের মঞ্চল করবার যে উদ্দেশ্য নিয়ে ভূমি-সংস্কার করতে যাচ্ছেন, সেই উদ্দেশ্য সিন্ধ হবে। কিন্তু যথন দ্ব বছর আগে '৫০ সালে এই বিল নিয়ে আসা হয়েছিল, তথনই সতর্ক করে দিয়েছিলাম যে, ইন্টারমিডিয়ারিদের হাতে প্রচুর পরিমাণ জমি দিয়ে দেওয়া হচ্ছে। তারপর অবশ্য ও নন্বর চ্যাপটার সংশোধন করবেন ঠিক করেছেন। কিন্তু এই ও নন্বর চ্যাপটারএ জোতদার নিজে চাষ করবার জন্য যে প্রচুর, পরিমাণ জমি রাখবার বাবস্থা করা হয়েছে, তাতে গ্রামাণলে সর্বনাশ ডেকে আনা হবে, সে বিষয়ে কোন সন্দেহ নাই। আমরা দেখেছি ব্যাপকভাবে ২৯ লক্ষ ভাগচাষীকে তাদের জীবিকার সংস্থান থেকে বিশ্বত করা হয়েছে, জমি থেকে উচ্ছেদ করা হয়েছে। গ্রামের মধ্যে মধ্যবিত্ত চাষীর ও ভাগচাষীর সাথে এমন নিরোধ উপস্থিত হয়েছে যে, তাতে গ্রামের শান্তি অক্ষ্মে রাখা অসম্ভব হয়ে পড়েছে। এইভাবে জমিদার ও জোতদারদের সন্তুন্ট করবার জন্য যে ব্যবস্থা করা হয়েছে, তাতে গ্রামের লোকের মধ্যে যে ভালবাসা ছিল তা নন্ট হয়ে গেছে। এন্টেট এ্যাকুইজিশন বিলএর মধ্যে ও এই

সংশোধনী বিজের মধ্যেও দেখা বার, মন্ত্রীমহাশর ইন্টারমিডিয়ারিস-জমিদার ও জোতদারদের —সম্ভণ্ট করবার চেণ্টা করেছেন ও করবার ব্যবস্থা করছেন। একজন ইন্টারমিডিয়ারি কত বিষা করে জমি রাখতে পারবেন? প্রথম নন-এল্লিকালচারাল ল্যান্ড ১৫ একর, তারপর হোমন্টেড ৫ একর এবং এগ্লিকালচারাল ল্যান্ড ২৫ একর। এ ছাড়াও বাগান, ডেরারি ইত্যাদি বাবদ বহু, পরিমাণ তাঁরা রাখতে পারবেন। প্রায় স্বশূর্ম্ম মিলিরে ইন্টারমিডিরারি দেড্শো বিষা জমি রাখতে পারবে—এটা আইনে স্বীকৃত হরেছে। এর পর ৰ্বাদ আপনারা বলেন, আপনারা জমি পাবেন, জমি বিলি করা যাবে, তাহলে আমি বলব, এটা সম্পূর্ণ ধাপ্পা! काथा थ्यंक रन क्रीम जानत? काथा थ्यंक क्रीम नित्त এইভাবে বিनि कता मण्डव श्रव? সেটা মল্ট্রীমহাশরকে বিবেচনা করে দেখতে বলি। বখন এন্টেট এ্যাকুইঞ্জিসন বিল নিয়ে আসা হরেছিল, তখন আমরা বলেছিলাম, বড় বড় জমিদারদের জমি দেওয়ার কোন অধিকার নাই বা দরকার নাই। অবশ্য যদি ছোটখাট জমিদার নিজে জমি চাষ করেন, তাহলে কিছ জমি তাকে দেওয়া বেতে পারে। তা না হলে ২৫ একর নন-এগ্রিকালচারাল, ল্যাণ্ড তাদের দেওয়ার প্রয়োজন নাই। সেকথা তখন তিনি শোনেন নাই। সকলকে সমান করে দিরেছেন। এত পরিমাণ জমি ইন্টারমিডিয়ারিরা রেখে দিয়েছেন, তাঁরা শুধু, ২৫ একর জমি নিয়েই সন্তন্ট মন তারা আজকে ব্যাপকভাবে বেনামীতে জমি হস্তাস্তরিত করছেন। এ শব্ধ আমাদের অভিজ্ঞতা নয়, ওধারে বাঁরা বসে আছেন, তাঁরাও সেকথা জানেন, তাঁরাও নিশ্চর এটা স্বীকার করবেন। জমিদাররা এই আইনের সুযোগ নিয়ে, এই আইনকে ফাঁকি দেবার জনা নানারকম-ভাবে চেন্টা করছেন—শুধু নয়, পরিবারের বিভিন্ন ব্যক্তির নামে প্রচুর পরিমাণ জমি হস্তান্তর कर्राष्ट्रन । भूपः जारे नम्र आवश्यानकाम थ्याक स्व नमण्ड काम्रशा नाधान्तरात्र वावशान्तरात्रा वर्ष পরিচিত হয়ে এসেছে, সর্বসাধারণে যা ব্যবহার করেছে সেই সমস্ত জারগা থেকে সাধারণকে উতখাৎ করে জমিদাররা সেসমুস্ত জমি নিজেদের বেনামী করে বিলি করবার চেষ্টা করছেন. হস্তাম্তর করছেন।

মন্দ্রীমহাশয় ১৯৫৩ সালে একটা সংশোধন প্রস্তাব নিয়ে এসে বলেছিলেন যে ম্যালাফাইডি ট্রান্সফার বন্ধ করা হবে। তাঁর সে কথা কার্মে পরিণত হয় নাই, সে সন্বন্ধে কোনা কার্মে করী ব্যবস্থাও এ পর্যন্ত হয় নাই। আমি মন্দ্রীমহাশয়কে জিল্ঞাসা করি, এ সন্বন্ধে কোথাও কি কোন এনকোয়ারি করবার জন্য কোটে বসান হর্মেছিল? কোথায়ও কি কোন ম্যালাফাইডি ট্রান্সফারএর জন্য একজন লোককেও সাজা দেওয়া হয়েছে? তা তাঁরা করেন না। তিনি বলবেন—রেকর্ড দেখলে সব ঠিক হয়ে যাবে। আমরা জানি যেসমস্ত জমি বেনামীতে হস্তান্তর হয়ে গেছে, যেখানে সেটলমেন্ট হয়ে গেল, সেখানে সমস্ত জমি বেনামী করে রেকর্ড করে দিছে। প্রথম বেনামীতে চাষী উচ্ছেদ হ'ল। আবার তাঁরা যুক্তি উত্থাপন করেন যে, না, এরকম আর হবে না, ভবিষাতে সব রেকর্ড অফ রাইট হবে। এই ম্যালাফাইডি ট্রান্সফার ফিরিয়ে নিয়ে আসা হবে বলছেন, তাহলে আমি বলব, একবার যাদের উচ্ছেদ করেছেন, আর একবার তাদের উচ্ছেদ করবেন আবার হস্তান্তর করে।

তারপর আবার যে ভূমিসংস্কার আইন আনছেন, তাতে আবার ন্তনভাবে জমি হস্তান্তর হবে, আবার ন্তনভাবে কৃষক জমি থেকে উচ্ছেদ হবে। এটা ঠেকাবেন কি করে? আবার তাঁরা বলেন, এইভাবে জমি পাব। তাঁরা যে জমি পাবেন তার কতট্বকু আবাদী চাষযোগ্য জমি পাবেন, তা বলতে পারি না। আমাদের জেলার হিসাব দিতে পারি। আমাদের বর্ধমান জেলা বাংলাদেশের একটা সম্স্থ জেলা। সেখানে চাষের জমি যা আছে, সেখান থেকে এই প্রসেসএ নিরেছেন—৪০ হাজার বিঘা, তার মধ্যে মাত্র তিন হাজার বিঘা আবাদযোগ্য চাষের জমি। স্কুতরাং এই বে-আইনী হস্তান্তর বদি বন্ধ করা না যায়, তাহলে বিলি করবার জন্য ন্তন কোন জমি পাওয়া বাবে না।

তারপর রেন্ট সম্বন্ধে একট্র বলতে চাই। এই রেন্ট সম্বন্ধে বে ব্যবস্থা করেছেন, বে সংশোধনী প্রস্তাব নিম্নে এসেছেন, ফ্রাতে জমিদারদের আরও ছয় মাসের জন্য সমর বাড়িয়ে দেওয়া হয়েছে। আগে আদার করে দিলে ৫০ ভাগ পেত, এখন সেখানে ৮০ ভাগ বাতে পেতে পারে তার ব্যবস্থা করা হয়েছে। ্রান্তর্ভাবে সাবিধা না দিয়ে চাষীদের সাবিধা হবে, তার কি ব্যবন্ধার জন্য কংগ্রেস এই সাংশোধনী নিয়ে এসেছেন? তাঁরা আজকে ন্তন ন্তন ট্যান্থ বসিয়ে পশুবার্থিক পরিকাশনার জন্য অর্থসংগ্রহের চেণ্টা করছেন। বড় বড় জমিদার ঘাদের ৫০ হাজারের উধের্ব জাতিপ্রথ দেওয়া হবে, তাঁদের আবার যখন এত পরিমাণ জমি দেওয়া হবে, তার উপর আবার কেন তাদের জাতিপ্রণ দেওয়া হবে? ঐ টাকার কেন আমাদের দেশের উর্লাতর জন্য পশুবার্থিক পরিকাশনকে কার্যকরী করা হবে না—ব্রথতে পারি না। অবশ্য তাঁরা বলছেন বে, ৩০ বছরের মধ্যে বাই ইনভালমেন্ট টাকা দেবেন, কিন্তু যাঁরা ৫০ হাজার টাকার বেশী পাবেন তাঁদের দশ বছরের মধ্যে কেন ক্ষতিপ্রণ দেওয়া হবে? ১০ বছর পরে ইনস্টলমেন্টএ দিলে অবশ্য আলাদা কথা। তবে, যারা ছোট ছোট এবং গরীব জমিদার, তাদের টাকা দিতে কারও কোন আপত্তি নাই। কিন্ত বড় বড় জমিদার ও জ্যোতদার যারা তাদের টাকা পরে দেওয়া হেছে।

আমি বলতে চাই, মন্দ্রীমহাশয় যে সংশোধনী প্রস্তাব এনেছেন তার স্পেট্রেমট অফ অবজেক্ট্রস এরাণ্ড রিজন্স দেখলেই বোঝা যায় যে, তার প্রত্যেকটি ধারা ইন্টার্ক্রিট্রেমটের্ক্রের সূর্বিধা করার জনা, ইন্টারমিডিয়ারিদের রক্ষা করার জনা, তাদের স্বার্থকে বাড়িয়ে দেবার জনাই এটা এনেছেন, চাষীদের রক্ষা করবার জনা বা তাদের কল্যাণের জন্য কোন ব্যবস্থাই করেন নি।

[5-30-5-40 p.m.]

8j. Sambhu Charan Mukherjee:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের বিরোধীপক্ষের বন্ধ্দৈর কাছ থেকে শ্নলাম যে, সরকারের আইনে জমিদার ও জোতদারদের জমি ধরা হচ্ছে না। সত্যই বদি তাই হয়, তাহলে আইনকে আরও কঠিন করা উচিত যাতে তাঁরা জমি বেশী না রাখতে পারেন। তাঁদের আর একটা কথা হচ্ছে যে, দু বছরের মধ্যেই এত সংশোধনী কেন এসেছে এই আইনের উপর।

আমি আপনার মাধ্যমে তাঁদের কাছে নিবেদন করছি এই কথা, যে বাংলাদেশের বুকে সবচেয়ে যে জগণ্দল পাথরটা চেপে ছিল সেই জগণ্দল পাথর অপসারণের জন্য এই আইন আনা হয়েছে। সেই জগণ্দল পাথর অপসারণের যে কাজ সে একবারেই সম্পাদিত করা যায় নি.। সমস্ত খাটিনাটি জিনিস একবারেই শেষ করে আইনকে সর্বাণগস্ক্রের করা যায় না. যথন যে রকম প্রয়োজন হয়, সেই সময় সেই রকম সংশোধনী প্রস্তাব নিয়ে এসে, সেটা আইনে সাম্বর্গেশত করে আইনকে সর্বাণগস্ক্রের করতে হয়। আমাদের জানা আছে—১৮৮৫ সালে প্রথম টেনান্সি আাইএর প্রবর্তন হয়, কিন্তু এই সেদিন পর্যাস্তও বেণাল টেনান্সি আাইএর সংশোধন হল, তাতে দেখা যায় প্রায় ৭০।৮০টা এই বেণাল টেনান্সি এটাইএর এামেন্ডমেন্ট হয়েছে। কাজেই আমাদের বিরোধীপক্ষের কথার উত্তরে আমি বলব, একটা সিণাল এটেম্পটএ একটা সিণাল এটাইএ এতিদনের গলদ যা রয়েছে তার স্কুট্ভাবে সমাধান করা যায় না।

তারপরে আমাদের সংশোধনী প্রস্তাবে যে ২২ উপধারা সন্নিবেশিত করা হয়েছে, সেই কথা নিবেদন করব। আমাদের বিরোধীপক্ষের অনেক বন্ধরা বলেছেন, যে রিলিজিয়াস এয়াণ্ড চ্যারিটেবল ট্রাণ্টস থেকে ইন্টারমিডিয়ারিদের স্বার্থরেক্ষা করা হবে। কিন্তু আমি তাঁদের বলব —তাঁরা যদি দয়া করে একট্ব লক্ষ্য করে দেখেন, দেখবেন সেখানে এই কথা আছে— exclusively for religious and charitable purposes or both.

त्म तातम्भा त्य

Trust exclusively religious and charitable purpose

এ না হবে—সেখানে এ আইন খাটবে না। অর্থাৎ কতকটা সংসার খরচের জ্বন্য এবং কতকটা দেবতা প্জার জন্য বদি থাকে তাহলে এ আইন সেখানে কার্যকরী হবে না। আপনারা অনেকেই বোধ হয় দেবোত্তর আইনের কথা এবং দেবোত্তর সম্পত্তির কথা জাটনন। মুসলমান আইনে এইরকম ধরনের আইনকে ওয়াকফ বলে। সেখানে ওয়াকফ আওলাদে এইরকম ধরনের আলাদা দ্বীট্ট আছে। সেইরকম ধরনের বদি কোন ট্রান্ট হয় তাহলে সেখানে ইন্টারমিডিয়ারির এই আইনের হাত থেকে রক্ষা পাবার কোন উপায় নাই। আমার মনে হয়, ভারতের সভাতা, কৃষ্টি এবং সংস্কৃতির সপো সম্পতি রাখবার জনাই এই উপধারাটা সনিবেশিত করা হয়েছে। আমার মাননীর বন্ধ্ব বিনর চৌধ্রী অনেক দ্যাটিসটিক্স কাল আমাদের সামনে উপস্থিত করেছেন। আমার মনে হয় সে সমস্ত স্ট্যাটিসটিক্স ঠিক নর। তিনি বলেছেন—বি আই রেজিম্মীতে বেসমস্ত দেবোত্তর রেকর্ড বা স্থেক ইম্ভুট হয়েছে সেগ্রিল ছাড়া হয়ে বাবে। তা কখনো হতে পারবে না, যদি তা

exclusively for religious and charitable purpose

এ না হয়, শ্বেষ্ বি আই রেজেম্মীর অর্ল্ডডুর আছে বলেই ছাড়া পাবে না।

তারপরে তিনি চাঁনের ভূমিব্যবস্থার ভূরসাঁ প্রশংসা করেছেন। আমরাও অবশ্য চাঁনের ভূমিব্যবস্থার প্রশংসা করি। কিন্তু আমি তাঁকে স্মরণ করতে বাল, সমগ্র চাঁনের ভূমির পরিমাণ এবং পাঁচমবংশের ভূমির পরিমাণের কথা। আমি তাঁকে স্মরণ করতে বাল পার সেকায়ার মাইল পপ্রেলসন যা আছে চাঁনে, এবং যা আছে পাঁচমবংশে, তার কথা। তাঁকে আর একবার মনে করিরে দিতে চাই বে, সমগ্র পাঁচমবংশ ৩০ হাজার বর্গমাইল এবং সমগ্র চাঁনের যা এরিরা সেটা তাঁকে একবার মনে করতে বাল। এইজন্য আমার মনে হর লোকসংখ্যা ও ভূমির পরিমাণ পরিদ্ধে ভূমিব্যবস্থা প্রণয়ন করা উচিত। সেখানে ভূমির পরিমাণ খ্ব, কাজেই সেখানে ঐ ব্যবস্থা করা অসমাচাঁন নর। আমার মাননায় বন্ধ্ব স্বোধবাব্ ম্লধনাটদের চলে যাবার জন্য বলেছেন। ইণ্ডিভিজ্মাল ইউনিট নয়, ফ্যামিলি ইউনিট করা হোক, সেটা বর্তমান ব্যে অচল। তিনি আর একটা ভূল করেছেন—সাঁজা প্রজাদের সম্বন্ধে। আমার মনে হয় সাঁজা প্রজা কাদের বলে সে সম্বন্ধে তাঁর বিশেষ কিছ্ জ্ঞান নাই। সাঁজা প্রজা আর রায়তের মধ্যে বিশেষ কোন তফাং নাই। তফাং শ্ব্রু এই যে, রায়ত পেজ রেন্ট ইন ক্যাস আর সাঁজা প্রজা পেজ ফিক্সড প্রভিউস রেন্ট। তারপরে আর যা রাইট তা প্রায় দ্বজনেরই সমান। কাজেই সে কখনও উচ্ছেদ্যোগ্য নয়।

এখানে ৮ ধারা সম্বন্ধে একটা বলতে হয় যে, ৮ ধারায় with interest and all other legal dues

পেমেন্ট করবার কথা বলা হয়েছে এবং জমিদারদের জোতদারদের যাদের রেভিনিউ বাকী আছে স্টেটের কাছে, তাদের কাছ থেকে সমস্ত কিছু আদায় করবার ব্যবস্থা করা হয়েছে। কাজেই আদায় করবার ক্ষমতা তাদের দেওয়া উচিত। শেষকালে এই কথা বলে আমি আমার বস্তব্য শেষ করছি যে, এই আইনের সংশোধনী প্রস্তাবগ্রনি আমি সম্প্রব্পে সমর্থন করি।

[5-40-6-5 p.m.]

Dr. Krishna Chandra Satpathi:

মাননীয় স্পীকার মহাশয়, এই এন্টেটস এ্যাকুইজিসন বিলের এ্যামেণ্ডমেণ্ট সম্বন্ধে কিছু বলবার আগে ম্ল এ্যাক্টটা সম্বন্ধে ২।১টা কথা আলোচনা করাটা বোধহয় অপ্রাসন্থিক হবে না।

Mr. Speaker:

যেগর্বালর সম্পর্কে এ্যামেন্ডমেন্ট আনা হয়েছে সেগর্বাল সম্পর্কে বল্লন।

Dr. Krishna Chandra Satpathi:

ঐ সংক্রান্থ কিছু বলতে গেলে মূল এাই সম্বন্ধে কিছু বলার দরকার আছে, সাার। মূল এাই পাশ হয়ে যাবার পর প্রায় প্রতি বছরই নয়, প্রতি সেসনে একটা করে এ্যামেন্ডমেন্ট আনা হছে। এ থেকে বোঝা যাছে যে, এই বিলটা বহু চুটিপূর্ণ এবং বহু গলদ এর মধ্যে রয়ে গ্যেছে। এ থেকে বোঝা যাছে যে, এই বিলটা বহু চুটিপূর্ণ এবং বহু গলদ এর মধ্যে রয়ে গ্যেছে। তাই বারে বারে সংশোধনী প্রস্তাব আনতে হছে। কাজেই মূল এাইটাকে শতছিদ্র কলসীর সংগা তুলনা করা যেতে পারে। কারণ মূল এ্যাক্টে যে লক্ষ্য ছিল—স্থার রায়চৌধুরী মহাশয় বলেছেন—তাথেকে সরকার ক্রমশঃ বহুদ্রে সরে যাছেন। প্রথম, কলকাতাকে বাদ রাখা হয়েছে। এখন আবার দাজিলিংক্রেও বাদ দেওয়ার দরকার হয়ে পড়েছে। এই এ্যামেন্ডমেন্টের প্রধান উন্দেশের মধ্যে দেখছি দাজিলিংকে বাদ দেওয়ার বাবস্থা হছে, কিন্তু কেন হছে? এই এাটে পাশ হয়ে যাবার পর চারিদিকে তুমূল সমালোচনার ঝড় উঠেছিল এবং তাতে করে

সরকারের মাথা গরম হয়ে গেল, তাঁরা দোড়ালেন দান্ধিলিংএ মাথা ঠান্ডা করতে। কিন্তু সেখানে দেখলেন গ্রেখা লীগ সেখানকার আবহাওয়া এমন প্রচণ্ড তণ্ড করে তুলেছে এবং সংগ্য সংগ্র সেখানকার যেসব রাজা, জমিদার যাদের সম্পত্তি কলকাতার বাইরে ছিল তারাও আবার এমন গুলতান স্বর্ করে দিয়েছে যে, দাজিলিং বাংলাদেশের চাইতে গরম হয়ে উঠেছে শুধু নয় এমন কি. বাংলাদেশ থেকে বাইরে চলে যেতে চাচ্ছে। কাজেই তাদের মাথা ঠাণ্ডা করতে হবে। किन्छ भाशा ठान्छा करतात উপारा ना পেरा मार्किनः वनाकारक वरे वारहेत वनाका श्रारक नाम দিয়ে যাতে করে "ভেন্টেড ইন্টারেন্টদের" স্বার্থ সেখানে বজায় থাকে—সেইজনা এই ব্যবস্থা করা হয়েছে। আচ্ছা, তা যদি না হবে আমি জিজ্ঞাসা করতে পারি কি যে, এই কলকাতা এবং দান্তি লিংএ যাদের সম্পত্তি রয়ে গেল তাদের ঐখান ছাড়া কলকাতা এবং তার বাইরে আর কোন সম্পত্তি এমনকি ২৫ একর সম্পত্তি রাখতে পারবেন না, একথা মন্দ্রীমহাশয় বলবেন কি? কাজেই দেখা যাচ্ছে যে, ঐসব ভেন্টেড ইন্টারেন্টদের প্রতি আগ্রিত বাংসলা দেখাবার জনা मार्किनिः वनाकारक वाम प्रनुशा श्राहर आभन्ना कानि या, आर्टेशन कार्य नवारेरक नमान দেখা উচিত। কিন্তু যদি দাজিলিংকে বাদ দেওয়া যায় তাহলে বাংলাদেশের যেসব জায়গা, বিশেষ করে, দক্ষিণ-পশ্চিমে যেসব "হিলি" জায়গা আছে, যেমন বীরভূম, বাঁকুড়ার কথা একট আগে নটেনবাব, বলেছেন, সেইসব জায়গা বাদ যাবে না কেন? মেদিনীপ্র জেলার ঝাড়গ্রাম সাবডিভিসন এবং সদর সাবডিভিসনের পশ্চিমাংশ অত্যন্ত অনুর্বর—কাজেই যে কারণে আইনান, সারে "হিলি এরিয়াকে" বাদ দেওয়া হয়েছে সেই কারণে ঐসব অংশগর্নল বাদ যাবে না কেন? তারপরে যদি আন্দোলন করলেই এই আইন থেকে বাদ পড়ে তাহলে মেদিনীপুর জেলার গোপীবল্লভপুর এবং নয়াগ্রাম অণ্ডলে যারা আন্দোলন করছে তাদের জন্য কি আবার আলাদা আইন করতে হবে?

আর দ্বিতীয় কথা, দেবোত্তর সম্বন্ধে অধিকাংশ সদস্যই আলোচনা করলেন। এই দেবোত্তরের কথা সরকারের মনে লেগেছে, খ্ব ভাল কথা, তাঁদের দেবতার প্রতি মতিগতি হয়েছে খ্বই ভাল, কিন্তু তার সংগ্য সঙ্গো "ফিসারী বাইট" সেখানে কেন বাদ দেওয়া হচ্ছে? পশ্চিমবঙ্গে জলসেচের বাবস্থা অত্যন্ত অপর্যাণত যার জন্য কৃষিবাবস্থা বহুলাংশে বাাহত হয়। আমি আমার মেদিনীপ্র জেলার কথা হিসাব করে দেখোছ তার বোধ হয় ই অংশ চাযযোগা জিম ফিসারী রাইট থাকায় যদি জল দিতে না পারা যায় তাহলে যথেণ্ট ক্ষতিগ্রন্থত হবে। গত্রুনরে যেভাবে অনাব্দিট গিয়েছে তাতে দেখেছি বড় বড় প্রেরুর মালিকরা সেখানে প্রজাদের জল নেওয়া সেটেলমেন্ট রেকর্ডভূক্ত স্বত্ব থাকলেও মাছ নট হয়ে যাবে বলে জল নিতে দেন নি। সেখানে ১৪৪ ধারা, ১৫৪ ধারা প্রভৃতি ছাড়াও বহু কিছু দাণ্যা স্ব্রু হয়ে গেছে। কাজেই দেবোত্তরের কথা যাই বলুন না কেন, কিন্তু "ফিসারী রাইট" যদি———

[At this stage the blue light was lit.]

ন; মিনিট সারে, "ফিস রা রাইট" যদি পাদ দেওয়া হয় ভারতে সভিজ্ঞারের চায়ীদের ক্ষিবাবস্থার ক্ষতি করা হবে। তৃতীয়তঃ আমি কলছিলাম এই যে, সর্বোচ্চ ২৫ একর জমি ধরা হয়েছে, এটা অভারত অয়োজিক এবং অবৈজ্ঞানিক। আমরা ভেবেছিলাম এই এামে-ডমেনেট সরকার এটার পরিবর্তান করবেন, কিন্তু এখানে ২৫ একর জমি উচ্চসীমা নির্দিষ্ট করে দেওয়া হয়েছে। একটা "ফামিলিভে" হয়ত দুইজন লোক থাকতে পারে আবাব একটা "ফামিলিভে" ৩০ জন লোকও থাকতে পারে। কাজেই এই ২৫ একর সকলেব ক্ষেত্রে সমানভাবে প্রযোজা হবে এটা খুব অয়োজিক। কাজেই এই "এমে-ডমেনেটর" মধ্যে যদি অন্ততঃ মাথাপিছা হিসাব করে ঘতটাকু দেওয়া সম্ভব তাই দেওয়ার ব্যবস্থা হ'ত তাহলে ব্রুতাম স্থিতাকারের "এমেনেডমেন্ট" করা হয়েছে।

[At this stage the red light was lit.]

স্যার, চতুর্থ একটা কথা—ভাগচাষীদের সম্পর্কে অনেকে আলোচনা করে গেছেন। কেবলমার একটি কথা আমি সরকারের কাছে বলতে চাই যে, সেখানে শ্রেণী সঞ্ঘর্য সূত্র, হয়ে গেছে। জমির মালিক এবং ঐ ভাগচাষী, সাঁজা চাষী মৌখিক বন্দোবস্ত যাঁরা করেন তাঁদের মধ্যে ইতিমধোই শ্রেণী সঞ্ঘর্য সূত্র, হয়ে গেছে। কাজেই এই "এ্যামেণ্ডমেণ্টের" দ্বারা জমির মালিকদের প্রতি এবং চাষীদের প্রতি স্ববিচার করা হবে না বলেই আমি বলব ষে, তাহাদেরও মত প্রকাশের স্বযোগ দেওয়া উচিত এবং সেইজন্য এই বিলটা জনমত সংগ্রহার্থে প্রচার করবার কথা আমি বলেছি।

[At this stage the House was adjourned for 15 minutes.]

(After adjournment.)

[6-5-6-15 p.m.]

Sj. Hemanta Kumar Chosal:

এটা আমাদের পক্ষে মারাথক জিনিস, জানেন না তো গ্রামের মধ্যে কিরকম অবস্থার সালি হবে। বহু, লোকের ঘর বাড়ি, জমি নদীর জলে ভেসে যাবার পর, তারা এখন জপালে এসে আশ্রয় নিয়ে বাস করছে। এই সমসত জমি জমিদারের কাছ থেকে বন্দোবসত করে নিয়ে, জপালগুলি কেটে পরিক্টার কবে, আবাদী জমিতে পরিণত করে, সেখানে চাষাবাদ করে আসছে। কিন্ত জমিদাররা তাদের ওয়ার্কিং স্ল্যানএ এই সমগ্ত জমিগুলিকে ফরেস্ট বলে দেখিয়েছেন। এখন সেখানে যে সেটেলমেন্ট হচ্ছে, তাতে এইভাবে জমিদাররা যেসমুহত জমি বিলি, বন্দোরহেত দিয়েছিলেন এবং যাহাতে অনেক দিন ধরে চাষাবাদ হয়ে আসছে, এখন সেগুলিকে সেটেলমেন্টএ জণ্গল বলে ধরা হচ্ছে। সেথানকার জনসাধারণ তাদের নিজেদের যথাসর্বাহ্ব টাকা, পয়সা খরচ করে, সেই সমস্ত জ্পাল পরিক্লার করে ভাল আবাদী জমিতে পরিণত করেছেন: এবং এই সমুস্ত জমিতে যারা বসবাস করছে তাদের অধিকাংশই হচ্ছে দরিদ্র আদিবাসী, এবং ক্ষুদ্র চাষী সম্প্রদায়ের লোক। স্ত্রাং আজকে সেই সমস্ত আবাদী জমিকে যদি ফরেস্টের আওতা থেকে বাদ দেওয়া না যায়. তাহ'লে সেথানকার সমসত আদিবাসী ও ছোট চাষীরা একেবারে উম্বাস্ত হয়ে যাবে, তাদের চাষ করবার কোন জমিই আর থাকবে না। আমি জানি, নয়াগ্রাম থানা এলাকায় বহু, লোকের জমি এইরকমভাবে রাখা হয়েছে। অতএব আমার বন্তবা--যেসকল জমিতে তিন বছরের অধিক কাল ধরে চাষ হয়েছে, অন্ততঃ সেগ্রালকে এই ফরেন্টের আওতা থেকে বাদ দিন। এইটকে গ্রহণ করতে আপনাদের আপত্তি কেন? যেসমুহত জুমিতে বর্তমানে চাষ হচ্ছে সেগুলিকে আপনারা জুঞ্চল বলে রেকর্ড করতে যাচ্ছেন কেন? জমিদারগণ গ্রামবাসীদের ম্র্থতার স্যোগ নিয়ে, জাম বন্দোবসত দিয়েছেন। সাধারণ আদিবাসী, তারা অতানত মুর্খ, তারা কিছুই জানে না, বোঝে না; তাদের বন্দোবস্তের পর যে জমি চিহ্নিত করে দেওয়া হয়েছে, তাই তারা চাষ করে আসছে, এবং তার খাজনা জমিদারগণকে আদায় দিয়ে আসছে। কিন্ত যে জমি তাদের কাগজে পত্রে আছে. সেটা না দেখিয়ে, অন্য আর একটা জমি তাদের দেখিয়ে দেওয়া হয়েছে। সেই সমুস্ত আদিবা**সী** लिथाभुषा ना जानात जना उथन किছुई त्युट भारत नाई। जात्रा स्मिर्ड क्षित्रत कुशान (कर्छकुर्छ), সাফ, পরিম্বার করে আবাদী জমিতে পরিণত করে চাষ করছে নিজের জেনে। আজকে সেটেসমেন্ট হতে জানা গেল, যে জাম তারা চাষ করছে, সেটা তাদের বন্দোবস্ত করা জাম নয়, ভল দেখান হয়েছে। তাদের জমি অনাবাদি অবস্থায় জণাল হয়ে পড়ে আছে। আঞ্জকে বখন সেখানে সেটেলমেন্ট হতে লাগল, তখন দেখা গেল যে জমিটা তাদের, জমিদার বন্দোবসত করেছেন সেটা ঘোরতর জ্ঞাল, আর যে জমিটা নিয়ে তারা চাষ করছে সেটা কাগজে কলমে জ্ঞাল, যদিও সেখানে জপালের গাছের একটাও শিক্ড নাই। বন্দোবসত জমিতে জপাল থাকার জনা সরকার ত

তা নিবেনই, আবার বে জমিতে আবাদ করা হরেছে, কাগজে কলমে তা জক্পল থাকার জন্য, এই জাইনের ব্যাখ্য অনুসারে তাও নিবেন। উভর জমিই বাবে। এইভাবে আমাদের এলাকার বহু আদিবাসী, যারা নিজের রক্ত দিরে, জক্পল কেটে পরিক্লার করে, আবাদি জমি তৈরি করেছে, সেই জমি থেকে তারা আজ উচ্ছেদ হতে চলেছে, এবং সম্পূর্ণভাবে উম্বাম্পুতে পরিপত হতে চলেছে। সেইজন্য বার বার মন্দ্রী মহাশরকে অনুরোধ কর্রছি, তিনি এইটা গ্রহণ করে নিন্দ্রেসমন্ত জমিতে তিন বছর ধরে চার্ষ হয়েছে, সেই সমন্ত জমি যেন জক্পালের নাম করে কেড়ে নেওয়া না হয়।

Sj. Benoy Krishna Chowdhury:

মাননীয় স্পীকার মহাশয়, দার্জিলিং জেলার যে অগুলকে পার্বতা এলাকা বলে ঘোষণা করা হবে এবং সেথানকার মধ্যস্বভূগোণীকে সমস্ত জমি ছেড়ে দেবার পক্ষে যে যুদ্ধি দেখিয়ে মন্ত্রী মহাশয় বলেছেন যে, দার্জিলিং থেকে তার কাছে রিপ্রেজেন্টেশন এসেছিল : কিন্তু, আমি জানতে চাই সে কারা এসেছিল ? তারা কি সেই দার্জিলিং পার্বতা এলাকার ভূমিহান কৃষক, যারা নিজেরা জমি চাষ করে, মধ্যস্বভূগোগী তারা ? এখানে একটা জিনিস মনে রাখতে হবে, এই জিনিসটা যাদিও ছোট্ট কিন্তু এর ভিতর যে মনোভাবটা প্রকাশ পেয়েছে বর্তমানে যাঁরা এই বিল পাইলট করছেন, তাঁরা মধ্যস্বভূগোগীদের স্বার্থ সংরক্ষণের জন্য যতথানি সচেট, অন্য দিক দিয়ে প্রধানতম যাদের স্বার্থের জন্য আইন হওয়া উচিত ছিল, সেই দরিদ্র চাষী ও কৃষকদের স্বার্থের জন্য ঠিক তত বেশি সচেন্ট নন। তাঁরা যুদ্ধি দেখিয়েছেন মোটে তো সাড়ে তিন হাজার বিঘা জমির ব্যাপার এ নিয়ে আবার কেন হাজ্যামা করছেন? কিন্তু এখানে তাঁদের একটা কথা সমরণ রাখতে বলি—তারা যে ফিগার দিয়েছেন তাতে একট্ ভূল আছে। ২২৬ জন যদি মধ্যস্বত্ব দার্জিলিংএ থাকে, যাদের ২৫ একর করে জমি আছে তাদের মোট জমি ১০ হাজার একর বলেছেন। কিন্তু তা হয় না। কারণ, ২২৬কে ২৫ দিয়ে গুণুণ করলে দাঁড়ায় ৫,৬৫০. এবং ১০,০০০ থেকে বাদ দিলে ৪,৩৫০ একর হয়।

(The Hon'ble SATYENDRA KUMAR BASU:

২২৬ জন নয়, ২৬৬ জন।)

হোক জিনিস এখানে একটা মনে রাখতে এইরকমভাবে হবে. বিভিন্ন অণ্ডল থেকে কিছু কিছু জমি যদি চলে যায় তাহ'লে দেখবেন প্রত্যেক জেলা থেকে এক হাজার এক হাজার একর জমি একচিত করে বোধ হয় ছয় লক্ষ একর জমি আপনারা পাবেন। এই প্রকার মাজিতে যদি এই জেলায় জমি ছাডেন এবং অন্য জেলায়ও এইরকমভাবে জমি ছাডতে থাকেন, তাহ'লে আপনাদের হাতে কোন জমিই থাকে না। সূত্রাং আপনাকে প্রথম মনে রাখতে হবে, যেথানে সাড়ে তিন হাজার একর জমি আপনি অকিণ্ডিতকর মনে করছেন, সেই সাড়ে তিন হাজার একর জুমি যদি অন্ততঃ পার্বতঃ এলাকার পরিবারকে দেওয়া যায়, তাহ'লে তাদের কাছে এই সাড়ে তিন হাজার একর জমি মোটেই অকিণ্ঠিতকর নয়। সেই দিক দিয়ে তাদের কথা চিন্তা করে, বিবেচনা করে ব্যবস্থা করা উচিত : কারণ, তাদের যখন আপনারা জমি দিতে চাচ্ছেন। অন্য দিক থেকে মনে রাথতে হবে. এর সাথে সাথে একেবারে নেসেসারি করলারি হিসাবে ফলো করছে যে. অন্য পার্বত্য এলাকার কোন কৃষককে জমি দেওয়ার কথা আর এখানে থাকছে না, কারণ, সেই এলাকার লোককে অনা জেলার জমি দিতে পারবেন না সেখানে স্থানীয় এলাকার জমি তাদের দিতে হবে। অন্ততঃ এই কথাটা মনে রাথতে হবে—সমদত দরিদ্র ক্লমকের কথা চিন্তা করতে হবে। ষারা রিপ্রেজেন্টেশনএ এসেছিল শুধু তাদের কথা নয়, তারা ছাড়াও আরও বহু, কুষক, জনসাধারণ ষারা রিপ্রেজেন্টেশনএ আসতে পারে নি. তাদের কথাও চিন্তা করে দেখতে হবে যে, এদের এই সমস্ত জমি ছেডে দেওয়া যায় কি না?

[11-10-11-20 a.m.]

তা ছাড়া আর একটা জিনিস মনে রাখতে হবে এ'রা অনেক যারি দেখিয়েছেন, কিন্তু আমার কথা হছে বাস্তবিক বদি ২৫ একরের জারগায় তা বাড়িয়ে বদি ৪০ একর করতে হয় তাহ'লেই বেসমুস্ত জমি বাদ বাবে তা মোটেই সতা নর। কেননা ২৬৬টা পরিবার বা আছে তার ভিতর দেখা বাবে ৩০ থেকে ৪০ একরের ভিতর অধিকাংশই পড়বে, আর তার ভিতর হয় ত ৫০।৬০টাও

পঞ্জবৈ। জমির পরিমাণ যত বাড়বে তত কম লোকের হাতে সেটা থাকুৰে। সেইজন্য ৬০।৭০টা পরিবারের যদি জমি নেওয়া হয় তাহ'লেও অন্ততঃ সেখানে ২ হাজার একর জমি বেরিয়ে আসবে, धवर त्राणे स्थानौत्र त्नात्कतारे त्यात भारत। त्रारेखना माधा खे पिक त्यानकात प्रधानकात স্বন্ধাধিকারীদের কিছু, সূবিধা হবে তা নয়, সাথে সাথে এ কথা চিন্তা করতে হবে যে, ঐ পার্বতা এলাকার যেসমুহত কৃষক আছে তাদের কাছে ১ একর জমিরও মূল্যে অনেক আছে। তা ছাড়া আমি বিশেষ করে জানি যে দান্তিলিং, কাসিরাং প্রভৃতি জায়গায় বে অচার্ডাএর কাজ হয় তাতে সেই পরিশ্রমী পাহাড়ী কৃষকেরা সেখানে কিছু জমি পেলেই তারা নিজেরা উৎপাদন করে বা মজুরী করে, রোজগার করে পরিবার প্রতিপালন করতে পারবে। সেদিক খেকে বিবেচনা করা উচিত যে, যে ২৬৬টা পরিবারের কথা বলছেন তাদের মধ্যে কারা আছে? তাদের ভিতর বর্ধমানের মহারাজ উদয়চাঁদ মহাতাব বাহাদুরে পর্যাত আছেন কিনা তা চিন্তার কথা। কারণ জমিদার হিসাবে দাহ্রিলং ও কার্সিয়াংএ তাঁর জমিদারী ছিল সেই সকল জমি আছে কিনা ভার এখনও সঠিক তথা ঠিক করতে পারি নি। তাহ লেও ঐ ২৬৬টার ভিতর ৫০০ একরের বেশি জমির মালিকও কিছু আছেন। তা যদি থাকে তাহ'লে সেখানে তাঁদের দেবার জন্য এরকম ঢালাও অর্ডার কেন: আমি জানি ঐরকম ২৭ হাজার পরিবারের মধ্যে ৫০০ পরিবারের নাম দিতে পারি থাঁদের ১ ছটাক জমিও দেবার প্রয়োজন নাই। সেই ৫০০ পরিবারের লোকের কাছ থেকে ২ লক্ষ একর পেতে পারেন। আর বাংলায় ২০ হাজার, ৩০ হাজার বিঘা জমি আছে এমন লোকের সংখ্যত কম নয়। এইরকম ৫০টা পরিবারের কাছ থেকে নিলে বহু লোককে দেওয়া যায়। কাঞ্জেই এবকম ঢালাওভাবে না ক'রে এরকম ধরনের কিছু, অল্পসংখ্যক পরিবারের কাছ থেকে সমুহত জুমি নিয়ে সেই পার্বত্য অঞ্চলের যে কুষকেরা আছে তাদের দেওয়ার মতন অভততঃপক্ষে কিছ্যু জমি পেতে পারবেন। কিল্ড এদিকে সরকার যা করছেন তার ফল হবে যে, তাতে সেখানকার প্রধানদের বা গ্র্থা লাগের জনকতককে খুশি করে রাখতে পারবেন, কিন্তু সেথানকার অবস্থা শান্ত করতে পার্বেন না, বরং অতান্ত দূর্বল ভিত্তির উপর দাঁড়িয়ে থাক্বেন এবং সে দিন আসছে যথন ক্ষকেরা এদের অধিকার আদায় ক'রে নেশে।

Sj. Jnanendra Kumar Chaudhury:

মিঃ দপীকার, সারে। আমার এই রুজে দ্টো এমেন্ডমেন্ট আছে; প্রথম এমেন্ডমেন্ট হচ্ছে দার্জিলিংএ যতগুলো জমি খাস দখলে আছে সেগুলো ছেড়ে দেবেন। এখন খাস পজেশন মানে কি: এ শব্দটা অত্যন্ত ভেগ করেছেন। এই ভেগ কথার মানেতে অনেক রকম বোঝায়। 'খাস পজেশন' বললে ভাগচাষী যারা নিজে জমি চয়ে—অথচ অনেক ভাগচাষীর নাম অনেক জমির রেকডে নাই, সেখানে মালিক তাঁরা নিজেদের খাস দখলের জমি বলে রেকড করিয়েছেন। অনেকে যারা বাংসরিক সাঁজায় চাষ করে; এক বংসর চাষ করে সাঁজায় যে ধান হচ্ছে তারজনা এদের রিসদ দেন না, সেগুলো খাস দখলের জমি বলে দিয়ে থাকেন। তারপরে বি, টি, এাাকটে বংগীয় খাজনা আইনের সেকশন ৩১৭র মতে টেনান্টএর যে ডেফিনিশন রয়েছে তাতে ভাগচাষী প্রজানয় এই বলে বাখ্যা আছে—

unless admitted by his landlord by a document and held to be cultivated by himself or by members of his family or by hired labour.

তারপরে অন্যান্য জায়গায় তাদের সপ্পে চুক্তি ক'রে নিচ্ছেন। তাকে মজ্বর বলে স্বাকার করে এগ্রিমেন্ট তৈরি করেন - যে জাম চায় ক'রে আপনার কাছ থেকে টাকা নিলাম -ধর্ন ১০ টাকা— সেই টাকা আমি থেটে শোধ করব। এইরকমভাবে দেখি যে সেই জমিগ্রলো খাস দখলে আছে। সেইজনা আমি এমেন্ডমেন্ট এনেছি যে, ইন হিজ খাস প্রজেশনএর জায়গায়—

''cultivated by himself or by members of his family or by hired labourers'' এইটা রাখা হউক। ল্যান্ড রিফর্মস বিলে পাসনাল কাল্টিভেশন বলে যে ব্যাখ্যা দেওরা হরেছে সেই ব্যাখ্যায় আছে, যে লোক নিক্ষে চাষ করে, বা বাড়ির লোক চাষ করে বা মজনুর রেখে চাষ করে সেই জিম্ম তার পাসনাল কাল্টিভেশন বলে গণ্য হবে। আমি বলি সেখানে এইটনুকু পরিবর্তন কর্ন—খাস দখলে জিম না বলে যে জিম তার পাসনাল কাল্টিভেশনে আছে, যে জিম সে নিজে চাষ করবে বা পরিবারবর্গ চাষ করবে বা মজনুর রেখে চাষ করবে সেইটনুক রাখতে পারবে।

আর দ্বিতীর এমেন্ডমেন্ট হছে হাট বাজার নিয়ে—হাট বাজার নিয়ে ধনঞ্জয় বাব্ যা বলে দিয়েছেন তা সত্য কথা। আমি জানি অনেক অনেক জমিদার এখন মিতাক্ষরায় আসতে চাইছেন। মিতাক্ষরা বললে হয় ত অনেকে ব্রুতে পায়বেন না, মিতাক্ষরা হছে পৈত্রিক সম্পত্তি হ'লেই তার অংশীদার হন। আপনার যদি ছেলে জন্মাল সে আপনার সপ্যে অংশীদার হ'ল, তার পরে ছেলের ছেলে জন্মাল সেও অংশীদার হ'ল। এইরকমভাবে ছেলে জন্মালেই সে অংশীদার হ'ল এবং পার্টিশন স্ট রুজ্ব ক'রে দিয়ে প্রত্যেক অংশ ভাগ ক'রে নেয়। সেই অংশে তারা প্রত্যেকে যদি ২৫ একর ক'রে জমি রাখতে পারে তাহ'লে বহু জমি রাখতে পারে। এ থেকে গভর্নমেন্ট কিছ্ই পাবেন না। জমিদারদের ভাগে ৭৫ পার্সেন্ট মিতাক্ষরা আইনের শ্বারা হয়। আর মিতাক্ষরায় ঐভাবে প্রত্যেকটা নাতি, নাতনী প্রত্যেকে যদি ১৫ একর ক'রে রাখে তাহ'লে গভর্নমেন্ট কিছ্ই পাবেন না—এই খাস জমির মধ্যে কিছ্ইপাবেন না।

তারপরে হাট বাজার সম্বন্ধে বলি—এটাতে কি জমিদারের স্বার্থই কেবল দেখলেই হবে, বা ইন্টারমিডিয়ারির স্বার্থ দেখলেই হবে? তা না দেখে সাধারণের স্বার্থ কেন দেখলেন না তা বৃঝি না। সাধারণের সপ্তেই ত হাট বাজারের সম্পর্ক। তারা রোজ হাট বাজার থেকে জিনিস কেনে, এবং প্রায় প্রত্যেক হাট থেকেই জিনিস না কিনলে তাদের সংসার চলে না। কিন্তু সেখানে অনেক অত্যাচার হয়। এই যে হাট বাজারের অত্যাচার তা তোলার জনাই করে থাকে। জমিদারগণ হাট বাজার 'লীজ আউট' ক'রে দেন, একজনকে বিলি ক'রে দিলেন, নিজেরা এসে দৃদ্দা দেখেন না—সেখানে কিভাবে যে তোলা আদায় হয় সেগ্লো কেউ লক্ষ্য করেন না; অথচ হাট বাজার না থাকলে পঙ্গীগ্রামের লোকের চলবে না, সেখানকার পক্ষে এটা অত্যাবশাক জিনিস।

তারপরে আমি নিজে দেখেছি যে, হাটে যে বিক্রি করছে তার কাছ থেকে তোলা আদায় করছে, আবার যে কিনছে তার কাছ থেকেও তোলা আদায় করছে। এবকম তোলা আদায় ঠিক নয়। গ্রঁরা বলবেন কিনা জানি না যে, হাট বদি গভর্নমেন্ট নিয়ে নেন তাহ'লে থরচ বেশি হবে: কিন্তু হাটে তাদের কতকগ্রিল স্ববিধা ক'রে দিতে হয়, যাতে সাধারণের স্ববিধা হয়। হাট সরকারের হাতে থাকলে লোক সে স্বিধা পায় বা পেতে পারে। তাতে অভাচার অত হ'তে পারবে না। তা ছাড়া হাটে অনেক সময় দেখা যায় বে, বসবার জায়গা নেই, অথচ জমিদারেরা সে সম্বন্ধে কিছ্ই করেন না, কিন্তু তোলা ঠিকমত আদায় হয়। এতে লোকের উপর যে উৎপড়িন হয় তা অন্ততঃ বন্ধ হবে। সেখানে জলের ব্যবস্থা নাই, স্যানিটারি ব্যবস্থাও কিছ্ নাই; সেসব সরকারের হাতে গেলে ব্যবস্থা হবে; রাস্তা তৈরি হবে এবং দেশ উল্লত হবে। এইসব দিক বিবেচনা ক'রে বর্লাছ হাটটা নেওয়া উচিত, তাতে খরচ বাড়্ক আর নাই বাড়্ক। এ সম্বন্ধে ইউ, পি, বাজেট থেকে কিছ্ব বলতে চাই:—

"as the result of decision taken at the recent Congress session at Avadi the State and Central Governments now stand pledged to work for the establishment of a socialistic pattern of society where the principal means of production are under social ownership or control and production is progressively speeded up......"

Mr. Speaker: You can say all these things during the third reading.

8j. Jnanendra Kumar Chaudhury:

এর সপো যে সম্বন্ধ রয়েছে। এই খরচ হ'লেও সেটা করা উচিত, এই আমার ধারণা। তারপরে এ বার্ড হুইসপার্ড ইন মাই ইয়ার্স—যে ওরা বলবেন হাট বাজার রাখতে হ'লে অনেক খরচ হবে। আমি বলব ওয়েলফেয়ার স্টেটএর পক্ষে খরচ হবে ব'লে বাদ দেওয়া উচিত নয়। তারপর—

"the financial policy will now, therefore, have to be modified, some of its methods which were appropriate during a period of shortage and scarcity of commodities and in Reeping with the changed circumstances adopt means which will forcibly stimulate production, promote equitable distribution, bring about a rapid rise in the standard of living of the people".

আমি এইজনা বলছি যে, এই হাটগ্র্লির উন্নতির জনা হাট বাজারগ্র্লি সরকারের হাতে নিন। এটা যাতে তাদের হাতে না যায় সে বিষয়ে আমার এমেন্ডমেন্ট আছে।

[11-20—11-30 a.m.]

Dr. Krishna Chandra Satpathi:

মাননীয় দ্পীকার মহাশয়, আমার এমেন্ডমেন্ট হচ্ছে এই যে দাজিনিং এলাকায় সমস্ত জমি ইন্টারমিডিয়ারিরা রাথতে পারবে এই কথা বলা হয়েছে, তারপরে আবার বলা হচ্ছে,

"or any part thereof as may be chosen by him".

এটার কোন আবশ্যকতা আছে বলে আমি মনে করি না, কারণ সমস্ত জমি যখন সে রাখবে তখন তার ভেতর থেকে কোনটা সে বাদ দেবে না দেবে সেটা তার ইচ্ছার উপর নির্ভার করে। সে যদি সমস্ত রাখবার দরকার মনে করে তাহ'লে সমস্তই রাখবে, যদি না রাখার প্রয়োজন মনে করে তাহ'লে সে কিছু বিক্রী করে দিতে পারে, দান করতে পারে, খয়রাতি করতে পারে, বা গভর্নমেন্টকেছেড়ে দিতে পারে। এক্ষেত্রে,

"or any part thereof as may be chosen by him".

এ কথাটার কোন আবশাকতা আছে বলে আমি মনে করি না।

তারপরে যদি মন্দ্রী মহাশয় মনে করেন যে, অধিকন্তু ন দোষায়, তাহ'লে ঠিক তেমন করে সর্বং অত্যনতং গহিত্য এটাও তাঁর মনে রাথা দরকার। অনাবশ্যক কথাগালি বাদ দেওয়ার জন্য আমি বলেছি যে, এই পোর্সনিটা অর এনি থেকে বাই হিম পর্যন্ত বাদ দেওয়া হোক।

Sj. Hemanta Kumar Basu:

প্রীকার মহোদয়, আমরা জানি আইন সবক্ষেত্রে সমানভাবে প্রযোজ্য হবে। বাংলাদেশের বর্তমান অর্থনৈতিক সমস্যার সমাধান বহু, দূরে। সেকেন্ড ফাইভ-ইয়ার শ্ল্যানে যেখানে ১০ লক্ষেব উপর বেকার রয়েছে সেথানে মাত্র ৪॥ লক্ষ লোকের বেকারসমস্যার সমাধান হবে বলে পরিকল্পিত হচ্ছে। আজকে বাংলাদেশে যে লক্ষ লক্ষ ভাগচাষী এবং ভূমিহীন চাষী রয়েছে তাদের অর্থনৈতিক উল্লতির কোন পরিকল্পনা, কি তাদের ভবিষাতের জন্য কোন পরিকল্পনা গ্রহণ কবা হচ্ছে না। আজকে দাজিলিংএর ব্যাপারে সেখানকার ইন্টারমিডিয়ারিদের স্বার্থ দেখা হচ্ছে। ইন্টার্রামডিয়ারিদের বর্তমান অবস্থা কিছুটা ভাল সে বিষয়ে কোন সন্দেহ নেই। কিন্ত যাদের ভাল অবস্থা তারা যাতে ভাল থাকে সেদিকে নজর দেওয়া হচ্ছে অথচ যারা অত্যাধিক গরীব, যারা শোষিত, যাদের দুই বেলা পরিশ্রম করে অল্ল জোটে না তাদের দিকে কোন দুলিট দেওয়া হচ্ছে না। সেদিক থেকে দাজিলিংএ যেমন অনুবের জমি আছে বাংলাদেশের অনেক জায়গায় সেইরকম অন্বর জমি আছে কিন্তু সেইসব জায়গাকে বাদ দেওয়া হয় নি, অথচ দার্জিলিংটাকে বাদ দেওয়া হয়েছে। সেই সমস্ত জুমি যদি আমরা পাই তাহ'লে সেগুলি আমরা ভাগচাষ্ট্রিনর মধ্যে, ভূমিহীন চাষ্ট্রীর মধ্যে - যাদের একদম জ্রমি নেই তাদের মধ্যে বিতরণ করতে পারি। তারা যদি ২।৫ বিঘা জমি পায় বা ৪।৫ বিঘা জমি পায় তাহ'লেপরে তাদের সংসার পরি-চালনার পক্ষে, নিজেদের উর্মাত করার পক্ষে সেগালি অনেকথানি সহায়ক হবে সেবিষয়ে কোন সন্দেহ নেই। প্রধান মন্ত্রী মহাশয় বর্লোছলেন যে এই জমিদারী এ্যাবলিশনের পরে বাংলাদেশের ৬ লক্ষ একর জমি মাত্র পাওয়া যাবে এবং আরও ১১ লক্ষ একর পতিত জমি থাকবে। যদি এই সমস্ত জমি আমরা জমিদারদের হাতে রাখি, যদি দেবত্তর করে রাখি তাদের হাতে তাহ'লে যাদের মাধায় তেল রয়েছে তাদের মাথায় বেশি করে তেল দেওয়া হবে, কিল্তু যাদের মাথায় একদম তেল নেই তাদের মাথার জন্য কিছুই ব্যবস্থা করা হবে না। কাজেই যদি ১২ লক্ষ পরিবার ষে ভাগচাষী, ভূমিহীন চাষী রয়েছে তাদের ৬ লক্ষ আর ১১ লক্ষ একর জমি ভাগ করে দিতে চাই তাহলে অন্ততঃ ১॥ একর করে তারা পাবে। তা ছাড়া দান্ধিলিংএর যে জমি আছে তা যদি আমরা নিই তাহলৈ ৩।৪ হাজার একর জমি পাব। সে জমি আমাদের নিতে হবে, ছেড়ে দিলে হবে না। তাতে অন্ততঃ র্যাদ ১০ বিঘা করে আমরা ৩০০ লোককে দিতে পারি এবং ২০ বিঘা करत ১৫০ लाकरक मिर्छ भारित छार'ल छा कम रहत ना। कास्क्ररे स्मिमक मिरत्न धरमेछेम একুইজিশন এ্যাকচ্চ সাধারণ চাষীদের মধ্যে, ভাগচাষীদের মধ্যে একটা আশা জেগেছিল। কিন্দু

আমরা দেখছি তাদের দিকে কোন দৃষ্টিই দেওয়া হচ্ছে না, তাদের উল্লতির কোন ব্যবস্থাও করা হচ্ছে না। তারা বে অম্প্রকারে আছে সেই অম্প্রকারেই পড়ে থাকবে। কাজেই অনুর্বর জমি হোক সে জমির পরিমাণ কম নর। সেইজন্য এস্টেটস একইজিশন এটাই যথন প্রথম আনা হয় তখন আমি এ কথা বলেছিলাম যে বাংলাদেশের জমিসমস্যার বদি সমাধান করতে হয় যদি ভূমিহীন ভাগচাষীকে ভূমি দিতে হক্ক তাহ'লে এসমস্ত ইন্টারমিডিয়ারি, যাদের জীবিকার অন্য ব্যবস্থা আছে, যাদের কলকারখানা বা অন্য কারবার টারবার আছে, তাদের জমি দেওয়া উচিত নয়। তাহ'লে সেই সমস্ত জমিগালি আমরা পেতাম কিন্ত দঃখের বিষয় এস্টেটস একুইজিশন এ্যাকটে সরকারের দুটি সেদিকে নেই। সেইজন্য যেভাবে আইন আনা হয়েছিল, যে উদ্দেশ্যে আইন আনা হয়েছিল, সেই উদ্দেশ্যমূলক আইন কার্যকরী করা হচ্ছে না। এই এমেন্ডমেন্টের ম্বারা তারা আরও সূখসূরিধা পাবে, তাদের আরও সূখস্বাচ্ছদ্দোর বাবস্থা করে দেওয়া হচ্ছে। কাজেই দাজিলিংএর সেই সমস্ত জাম যদি আমরা পাই তাতে বাস্তবিকই দুঃখ দারিদ্রপূর্ণ কৃষক যারা আছে তারা যদি ১ বিঘা ২ বিঘা—১ একর ২ একর জমি পায় তাহ'লে তাদের কিছু সংখ্যাবিধা হতে পারে, তাদের কিছাটা উপকার হতে পারে। কিন্তু সেই সমস্ত জমি থেকে তারা বিশ্বত হচ্ছে। কাজেই সেদিক থেকে আমার এমেন্ডমেন্ট হচ্ছে এন্টেটস একুইজিশন এ্যাক্ট অন্সারে ২৫ একর করে যেমন জমির ব্যবস্থা করা হয়েছে, সেখানে যেমন উর্বরতা, অনুর্বরতাব প্রশ্ন তোলা হয় নি, ঠিক তেমন করে দাজিলিংএর জমিগুলিও ছেডে দেওয়া উঠিত নয়, কারণ এতে এই সমস্ত গরীব লোকের জীবিকার পথ হতে পারে। কাজেই এই আইনের মধে যে ২৫ একর জমি রাখার কথা বলা হয়েছে সেদিক থেকে সেই ২৫ একর জমি না রেখে যাতে সে জমি নিয়ে অন্ততঃ কিছু লোককে দেওয়া হয় সেইজনাই আমি আমার সংশোধনী প্রস্তাবটা দিচ্ছি।

8j. Dasarathi Tah:

মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমার ২৮ এবং ৩৫ নন্বর যে এনেভেমেণ ছিল তা আমি মৃভ করছি না, কারণ আমার বন্ধু স্থান বাব্ ঐরকমই প্রস্তাব এনেছেন। সেজনা আমি সেটাকে সমর্থন করছি। আমার বন্ধুর হচ্ছে আমাদের রাজন্বমন্ত্রী নাকে কাঁদেন জমি নেই। ৩৩ একর না করে ২৫ একর করলেন, আরও কমাতে পারলেই ভাল হ'ত। কিন্তু হঠাং কেন যে তিনি দানসাগর হয়ে গেলেন তা বৃষ্ধতে পাছি না। দাজিলিংএর কথা বলছি। দাজিলিংএর যেসমস্ত হিলি জমি আছে সেখানে নাকি অন্প ফসল হয়। কিন্তু দাজিলিংএর হাওয়া ভাল এবং হাওয়া খেষেই সেখানে লোকে ন্বান্থা ভাল করতে পারে। ফ্লকপি আগে দাজিলিংএই উঠে তার এক ইণ্ডি কপির দাম ১॥ টাকা। দাজিলিংএ আল্র সিড হয় প্রচুর পরিমাণে এবং তা অতান্ত বেশি দামে বিক্রয় হয়। সে হিসাবে দাজিলিংএর জমির দাম কোন প্রকারেই কম হতে পারে না। ইহা বাজে অজ্বহাত। ঐ জমিতে ধান চাষ হয় না বলে চাষের জমি নয় বলা যাভুল্য নায়। বাতি খেতে দেওয়া হয়েছে বলে সেখানে অহাভাব' এ কথা বলা ব্যাকরণ-শৃন্ধ হতে পারে, কিন্তু ব্যক্তির কথা নয়।

[11-30-11-40 a.m.]

আমি বিশেষ করে এ বিষয়ে বিবেচনা করতে বলি। তিনি বলেছেন এই ব্যাপার মাত্র ৩.৫২৬ একরের ব্যাপার। এত জিনিস নিয়ে যে তিনি মাথা ঘামাচ্ছেন সেজন্য তাকে ধন্যবাদ দিই। আমি বিল তার একটা স্নাম থাকত যদি এই আইনটা ভালভাবে করতে পারতেন। তিনি তো ইতিহাস-প্রসিম্ধ মুর্শিদাবাদের নবাবের প্রাতন তকতে বসে ফারমান জারী করছেন বাংলাদেশ হতে জমিদারী উচ্ছেদ হোক। আইনটা ভালভাবে করতে পারলে একটি স্নাম নিশ্চরই থাকত। দেশে কি অবস্থা হতে যাছে। তা কি তিনি ব্রুতে পারছেন না? তাতে যে সর্বনাশ হয়ে যাবে। রিপ্রেক্টেশন দিলেই তারা জমি ফেরত পাবে এটা একটা অম্ভূত ব্যাপার।

এবার আমি মালদহ জেলায় আসি। কৃষি জমি ছাড়াও বহু জমি সেখানে আছে। সেধানে শত শত আমের বাগান আছে, কুসই বাগান, আমবাগান থেকেই আয় হয় বেশি। কিন্তু এক-একজনের কি প্রকান্ড প্রকান্ড বাগান! তার এরিয়া কি বিরাট! আমাদের মাননীয় উপমৃষ্টী সৌরেন মিশ্র মহাশরের ঠাকুরদাদা এরকম লক্ষ আমগাছের বাগান করেছিলেন যার এরিয়া হাজার হাজার বিঘা নিরে। আজু অবশ্য সেটা নদীর ধ্বস ভেপ্সে অনেক ভেপ্সেচ্রের কমে এসেছে কিন্তু এখনও হাজার হাজার বিঘা তাদের আমবাগান ররেছে। আমি অবশ; সেই আমবাগানের আমগাছ কেটে ধানের চাব করতে বলছি না কিন্তু সেই আমের জমিই চাবীকে দিতে হবে। গ্যান্ডেলেস সেই চাবীদের এই আমের জমি দিতে হবে।

(The Hon'ble Satyendra Kumar Basu: মালদহের আমসত্ত খেতে খুব ভাল।)

र्रो, जाल, किन्जू कर्ज त्लाक উচ্ছেদ रुख़ाइ, वर, ठायी जातक्रमा উচ্ছেদ ना रहल एवं ट्रि आयमह মিষ্টি হয় না। যে জমিতে যত অত্যাচার হয়েছে, সেই জমিতে আম তত বেশি মিষ্ট হয়। যদি চা-বাগানে, আমবাগানে, ফলের বাগানে, পোলাট্র ডেয়ারি ইত্যাদি ব্যাপারে এত জমিই ছেড়ে দেবেন তাহলৈ আর কি জমি হাতে থাকবে যে জমি বণ্টন করবেন? কোথা থেকে জমি আসবে? এত জমি এভাবে ছেড়ে রাখা ঠিক নয়! দার্জিলিং এবং মালদদহের সকল জায়গায় যে বাবস্থা করছেন, এর প অজন্মা ও অলপজন্মা অনেক স্থান আছে, তাই কেবল ঐ দুই স্থানের জন্য কন্সেশন করার কোন দরকার নাই। কৃষিজ্ঞামি অপেক্ষা ফলের জ্ঞামির আয় অনেক বেশি। মন্দ্রী মহাশয় ৬(এফ) ধারায় যে বাবস্থা করছেন তাতে মনে হচ্ছে যেন প্রোণো স্ত্রীপ্রেম জেগে উঠেছে। অর্থাৎ ৫০ বছর আগে দ্বা যথন নববধ ছিলেন, তখন যে প্রতিশ্রুতি দির্মেছিলেন, তার পর তা ভলে গিয়ে স্থার মাখ দেখা পর্যন্ত বন্ধ করে দির্মেছিলেন এমন কি কোন কোন ক্ষেত্রে কথাও বন্ধ ছিল : আজ ৫০ বংসর পরে যথন তিনি বৃদ্ধা, তথন হঠাৎ তার প্রতি প্রোত্ণ প্রেম উথলে উঠছে দেখছি। জমি আটকে রাখবার জন্য তিনি সেই স্ত্রীকে আজ বলছেন, তোমার প্রেমে ও যত্নে মূপ্র হয়ে তোমায় যে জমি দিবার প্রতিশ্রতি দিয়েছিলাম, এখন তাহা দিতেছি। রিপ্রেজেন্টেশন দিলেই যদি জমি ফেরত পাওয়া যায় তাহ'লে যে মূল নীতিতে প্রণোদিত হয়ে এই আইন এনেছিলেন সেই শ্পিরিট থাকছে কোথায়? আগে যেখানে ৩৩ একর ছিল সেখান থেকে নেমে ২৫ একরে নেমে এসেছেন: তাবপরে হয় ত আমাদের ধারু থেয়ে ১৫ একর করবেন এরকম করে নামতে নামতে সব সমতল করে দিন!! আপনারা তাহ'লেই যে সোসিয়ালিস্ট প্যাটার্ন অফ সোসাইটির কথা বলেন সেটাকে বাস্তবে আনা যাবে।

Si. Sasabindu Bera:

মাননীয় স্পীকারমহাশয়, এই ক্লজে আমার আমেন্ডমেন্ট রয়েছে। প্রথম আংমেন্ডমেন্ট ক্ল ৩(১)(এ) তুলে দিতে বলেছি। এ সম্বন্ধে সুবোধবাবু বলেছেন, অনেকেই কিছু কিছু বলেছেন। আমি তার প্নরাবৃত্তি না ক'রে অন্য কিছু বলব। এই যে কুজ ৩(১)(এ) তাতে দাজিলিংএর যে কোন ইন্টার্বামিডিয়ারিকে যে কোন পরিমাণ জমি রাথবার ক্ষমতা দেওয়া হচ্ছে। এই সাব-ক্লজ ন্তন হচ্ছে এবং মূল আইনের সেকশন ৬(১)(ডি)-এর প্রভাইসোর বদলে এই সাব-ক্ল वमात्ना २एছ। এই প্রভাইসোতে ছিল যে, কেউই এগ্রিকালচারাল ল্যান্ড চার বছর চায্যবাস না ক'রে রাখতে পারবে না। এখন এই যে পরিবর্তন সে সম্বন্ধে আলোচনা হচ্চে এর একটা বিশেষ গ্রেড় রয়েছে। এই যে পরিবর্তন, যেখানে ছিল চাষের জমি চাধ না করলে সেটা সরকার নিয়ে নিতে পারবেন তার স্থলে দান্তিলিংএ যত ইচ্চা জমি রাখবার প্রতিশন দেওয়া হ'ল। এতে আগেকার যে প্রভিশন সেটা তুলে দেওয়ায় মারাত্মক ভূল হচ্ছে। এর ফলে চাষের জমি চাষ না করলেও সে জমি সরকার নিতে পারবেন না। অবশা এর পরে ল্যান্ড রিফর্মস বিল খাসছে: তাতে এই বাবস্থা হচ্ছে যে, চাষযোগ্য জমিকে দ্' বছরের বেশি কোন চাষ না ক'রে ফেলে রাখা যাবে না। এই ব্যবস্থা পরে আসছে। এবং এই আইনে কি ব্যবস্থা থাকবে না থাকবে তা এখনও অনিশ্চিত। ল্যান্ড রিফর্ম বিল পাস হওয়ার পূর্বে তাতে একটা প্রভিশন হবে এই আশা ক'রে স্টেট অ্যাকুইজিশন আক্র- যেটা অলর্রোড ইন ফোর্স তার একটা প্রতিশন উঠিয়ে দেওয়া আদৌ যুক্তিযুক্ত নয়। ল্যান্ড রিফর্ম বিল এর পরে আসবে। এন্সেটস আাকুইজিশন আক্টএর এই প্রভাইসোটি তুলে দেওরার ফলে এই ল্যান্ড রিফর্ম বিল এফেক্টিড হওয়ার প্রে চাষের জমি চাষের কাজে ব্যবহৃত না ক'রে সেটা যদি ইন্টারমিডিয়ারি অন্য কোন কাজে ব্যবহার করে—যেমন ফিসারি প্রভৃতি অন্য কোন কিছুতে রূপাশ্তরিত করে—তাহ'লে **हारवंद्र क्रीय अंद्रकारद्रद्र निरंद्र निरंद्र निरंद्र क्रिया अंद्रिक एवं अंद्रिक क्रिया अंद्रिक निरंद्र निरंद्र** ল্যান্ড রিফর্মস আইনে একটা অনুরূপ প্রতিশন কার্যকরী হওয়ার পূর্বে এই প্রভাইলোটি

তলে দেওরা হ'লে লোকে চাবের জমি অন্যভাবে রুপাশ্তরিত করবে। এবং মূল আইনের ৬(১) ধারায় এই পরিবর্তানের স্থোগ পাবে। এই ল্যান্ড রিফর্ম বিল এফেক্টিভ হওয়া পর্যন্ত **এই যে চার বছর জমি চাষ না করলে তা সরকার নিয়ে নিতে পারবেন এই ব্যবস্থা ৰলবং** রাখা উচিত ছিল। বরং এই ল্যান্ড রিফর্ম বিলের সপ্গে কনফর্ম ক'রে সেই চার বছরকে দু' वहत कतरम जाम र'ज व'रम भरत रक्षन এইর প ফাঁক রাখায় সরকারের উদ্দেশ্য যে কি জা ব্রিঝ না। আমরা দেখলাম প্রশেনাত্তরে হাটবাজার নোটিফিকেশন ক'রে দিয়ে দিলেন ইন্টার-মিডিয়ারিকে। এস্টেটস অ্যাকুইজিশন অ্যাক্টে হাটবাজার নিয়ে নেওয়ার দ্পল্ট ব্যবস্থা আছে। আমরা জানতাম এই হাটবাজার থেকে সরকার কিছ্ব টাকা আয় পাবেন। মন্দ্রিমহাশয় আমাদের কৈফিয়ং দিলেন ৬(বি)(সি)তে হাটবাজার ছেড়ে দেওয়া হচ্ছে। আইনে ৬(বি) ও (সি)-তে ষে ফাঁক আছে সেই ফাঁকের সুযোগে সরকার ইন্টারমিডিয়ারিদের সূর্বিধা ক'রে দিলেন। আজও এই যে ফাঁকের ব্যবস্থা করা হচ্চে তার মাধ্যমে ল্যান্ড রিফর্ম বিল কার্যকরী হওয়ার পূর্বে এগ্রিকালচারাল ল্যান্ডকে অনাভাবে রূপান্তরিত যাতে ইন্টার্রামডিয়ারিরা ক'রে রাখতে পারেন এখন তাদের এই সুযোগ দেবার জন্যই এরকম করছেন কি না আমি ব্রুতে পাচ্ছি না। আমি যা বললাম এইভাবে এই ফাঁক সুণ্টি করা উচিত নয় এবং মূল আইনের প্রোভাইসোটি বাদ দেওয়া উচিত নয়, সেটা রাখা উচিত। তারপর দার্জিলিংএর জীম সম্বন্ধে যে ব্যবস্থা তাতে আমার বন্ধব্য হচ্ছে আগেকার মূল প্রভাইসো রাখা তো উচিত ছিলই, তা ছাড়া দাজিলিং এ ইন্টারমিডিয়ারিকে এত জমি দেওয়ার কোন ন্যায়সংগত কারণ থাকতে পারে না। এ সম্পর্কে বহু যুক্তিও দেখানো হয়েছে। আমার কথা হচ্ছে, একজন চার্যা নিজে সে যতথানি জমি চাষ করতে পারবে ততথানিই তার থাকা উচিত. এর বেশি তার থাকা উচিত নয়। চাষী কতথানি জমি চাষ করতে পারবে সেই মূল নীতির উপরই জমির পরিমাণ নির্ধারিত হবে। দার্জিলিং জেলায় চাষের অস্মবিধা আছে, থাকলেও কোন কৃষককে ২৫ একরের বেশি জমি দেওয়া ঠিক নয়, কারণ ২৫ একর জমিই একজনের পক্ষে বেশি। এর বেশি চাষও করা তার একার পক্ষে সম্ভব নয়। সেখানে আপনারা সেকশন ৬(ডি)-তে

agricultural land in khas possession not exceeding 25 acres as may be chosen ইত্যাদি যা বলছেন তাই যথেণ্ট অর্থাৎ ইন্টার্মিডিয়ারির পছন্দমত ২৫ একর জাম ভাল ফসল হয় এমন জাম থাকলেই যথেণ্ট। এখন তাঁর চয়েস মত ২৫ একর জামই তিনি চাষ করতে পারবেন ব'লে মনে হয় না। আমাদের এই কম জাম ও বেশি কৃষকের দেশে কোথাও একজনকে এত জাম ছেড়ে দেওয়ার ব্যবস্থা করা অন্যায়। স্ত্তরাং দার্জিলিংএ ইন্টার্মিডিয়ারিরা যত ইচ্ছা জাম রাথতে পারবে এরকম ব্যবস্থা রাখা উচিত নয়। সেজন্যই আমার এই আমেন্ডমেন্ট। 111-10—11-50 a.m.]

এই হচ্ছে ১৫নং আমেন্ডমেন্ট। নেকস্ট অ্যামেন্ডমেন্ট হচ্ছে ২৯নং। আমি এখানে কুজ ৩(১)(এ)-এর পর আর একটা আইটেম যোগ করতে চাইছি। এটা অ্যামেন্ডিং বিল। অন্য আ্যামেন্ডমেন্টএর কর্নাসকোরেন্স হিসাবেই আমার এই অ্যামেন্ডমেন্ট, কারণ মূল আইনের ৬(১)-তে আছে—

clause $\theta(I)$.—Notwithstanding anything contained in sections 4 and 5, an intermediary shall, except in the cases mentioned in the proviso to subsection (2) but subject to the other provisions of that sub-section, be entitled to retain..."

কিন্তু আপনারা এখানে একটা নৃতন সাবসেকশন ইনক্লুড করছেন প্রপোজ্ড সাব-সেকশন (৩)তে— "subject to that sub-section also the intermediary will be entitled to retain land"

সেজনা আমি বলছি-

"Subject to other provisions of the sub-section" এর পর--

"and also to the provisions of sub-section (3)"

এই কথাগ্নিল বসান দরকার। প্রোপোজ্জ্ সাব-সেকসন (৩) বে রেম্মিক্সন ইমপোজ করছে সেটা লক্ষ্য করা দরকার। এটা স্পন্ধ করা উচিত যে,

"intermediary will retain land that will be also subject to the provisions of sub-section (3)—the newly imported sub-section"

এই অ্যামেন্ডমেন্টা অত্যাবশ্যক ব'লে আমার মনে হয়। যে নীতির উপর আমারা এই বিল আলোচনা করছি, এই অ্যামেন্ডমেন্ট সেই নীতিগত প্রশ্নে নয়। সরকার পক্ষ থেকে সংশোধনী এসেছে, এই অ্যামেন্ডমেন্ট তারই কর্নাসকোরেন্সিয়াল হিসাবে—এটা গ্রহণ করা উচিত ব'লেই মনে করি। এর পরে আমার অ্যামেন্ডমেন্ট নং ২৯এ। সেকশন ৬(১)(সি)-তে প্রভাইসো রয়েছে যে,—

"Provided that the total area of land retained by an intermediary under clauses (a) and (c) shall not exceed twenty acres"

আমার আামেন্ডমেন্টে এই (এ) অ্যান্ড (সি)-এর সঞ্চো (বি)-টাও যোগ ক'রে দিতে চাচ্ছি এই বলে যে, সেখানে ২০ একরের যে লিমিট এই লিমিটএর মধ্যে অন্তত্ত—

"land comprised in or appertaining to buildings and structures--"

এটাও এর মধ্যে প্রবেশ করিয়ে দেওয়া অত্যন্ত উচিত ব'লে মনে করি। কারণ ইন্টার্মিডিয়ারিদের যে স্যোগস্বিধা দেওয়া হচ্ছে জমি রাথবার এত স্থোগ তাদের দেওয়া উচিত নয় ব'লে মনে করি। তারপর আমেন্ডমেন্ট নং ৩৩।

33 is a new amendment.

এখানে আমি মূল আইনের সেকশন ৬ ক্লজ (১) (ই)(এফ) আান্ড (জি) তুলে দেওয়ার কথা বলেছি। এখানে আমি অনেক কথাই শ্নেছি- এটা আামেন্ডিং বিল—চেঞ্জড সারকামন্টানসেসের সংগ্য, দেশের পরিবর্তিত অবস্থার সংগ্য খাপ খাওয়ার জন্য বিলেরও পরিবর্তন হয়। কাজেই এই সংশোধনীর বিলের জন্য চিন্তিত হবার কারণ নেই ইত্যাদি। আমি এখানে একথা বলতে চাই যে, দেশের পরিবর্তিত অবস্থার সঙ্গে খাপ খাওয়ানোই যদি উদ্দেশ্য তাহ'লে মূল আইনের সেকশন ৬(১)-এর অধিকাংশ বাদ দেওয়া উচিত। মূল আইন যখন পাস হয়েছিল তখনকার অবস্থা থেকে এখন অবস্থার অনেক পরিবর্তন হয়েছে। আমাদের সরকার সোসিয়ালিজমএর পথে পা বাড়াবেন বলছেন। সোসিয়ালিজম প্রবর্তিত করাই যদি উদ্দেশ্য হয় তাহ'লে এখানে জমিদারদের যেসব অন্যায় স্যোগসম্বিধা দেওয়া হচ্ছে তার প্রথমেই সঙ্কাচ করা উচিত। বিভিন্ন আইটেমএর নামে জমিদার ও ইন্টারমিডিয়ারিদের যেসব ল্যান্ড ছেড্ দেওয়া হয়েছে তা আর তাদের রাখতে দেওয়া মোটেই উচিত নয়। মূল আইনে সেকশন ৬(১)-(ই)(এফ) আনন্ড (জি) মারফং যে জমি ছেড়ে দেওয়ার ব্যবস্থা ছিল সেটা বাতিল করবার জন্য এই সংশোধন প্রস্থাত। এবার আমার

amendment Nos 46,47—clause 3. sub-clause (2), proposed sub-section (3) তে আমি কিছু সংশোধন দিতে চাই। সেখানে রয়েছে মিল, ফ্যাক্টরি, ওআর্ক'সপ এবং টি গার্ডেনি এই ক্রেকটি ক্ষেত্রে ইন্টারমিডিয়ারিরা ঠিক প্রয়োজন অনুখায়ী লান্ড রাখতে পারবে, তার বেশি রাখতে পারবে না। এই যে মিল, ফ্যাক্টরি, ওআর্ক'সপ ইত্যাদি সম্বন্ধে সরকার একটা রেসম্ভিকসন করেছেন সেটা ভালই করেছেন। কিন্তু এখানে আমার কথা হচ্ছে, এইসব উদ্দেশ্যে কতটা পর্যাবত জাম রাখতে পারা যাবে তার সমাম যেমন কতকটা নির্দিট্ট ক'রে দেওয়া হচ্ছে অর্থাৎ ফ্যাক্টরি, ওআর্ক'সপ ইত্যাদির কাজের জন্য ঠিক যতট্বুকু দরকার তত্তিকুই রাখা যাবে, ঠিক তেমানভাবে অরচার্ড, ফিসারি, পোল্টি ফার্মিং, ডেয়ারি ইত্যাদির বেলায়ও একটা রেস্ট্রিকসন করা দরকার যাতে এই সকল উদ্দেশ্যেও ঠিক যতট্বুকু দরকার তার বেশি জাম কেউ না রাখতে পারেন। বিলে যে বাবন্ধ্য আছে তাতে ইন্টারমিডিয়ারিরা ট্যান্ক ফিসারি, অরচার্ড ইত্যাদির নাম করে বহু জাম, এমন কি এগ্রিকালচারাল ল্যান্ডও রেখে দিতে পারবেন। পোল্টি ফার্মিং, লাইভ স্টক বিডিংএর নামেও এইভাবে বহু জাম রাখবার সূযোগ তাঁরা পাবেন।

Poultry farming, livestock breeding, mill factory, workshop, dairy

ইত্যাদির জনা বাস্তবিক ষত্টা জমি ব্যবহৃত হয় সেই জমি বাদে প্রয়োজনের অতিরিক্ত জিল

ৰা ফেলে রাখা হয় সর্বক্ষেত্রে সেসব জমি সরকার নিয়ে নিতে পারবেন এ ব্যবস্থা করাও অত্যক্ত দরকার। এইজনাই আমার সংশোধনী প্রস্তাব। এগার্নি অত্যস্ত ব্রন্তিসপ্গত প্রস্তাব। আশা করি, সরকার এগার্নি গ্রহণ করবেন।

Sj. Subodh Choudhury: "

মাননীয় স্পীকারমহাশয়, আমি প্রথমে ৪২নং আ মেন্ডমেন্ট সন্বন্ধে বলছি। এই ৪২নং আমেন্ডমেন্ট সাব্দেশে বলছি। এই ৪২নং আমেন্ডমেন্ট সাব্দেশে বলছে। মৃত্রাং আমি এই দুইটি সন্বন্ধে বলতে চাই। প্রথম কথা হচ্ছে, এখানে সংশোধন আনা হয়েছে দেবান্তর সম্পত্তির নামে যে সমস্ত শলট আছে তার সংগ্য সংগ্য ইন্ডিভিজ্য়াল পার্সাস্য ও হাটের উন্দেশ্যে বিনা খরচায় জমি রাখতে পারবে। বাকি যা জমি থাকবে তাই শৃধ্ নিতে পারবে। আমার আর একটা কথা আছে। সেটা হচ্ছে, এই যে এখানে বলা হয়েছে দেবান্তর সম্পত্তির নাম ক'রে জমি রেখে দিতে পারবে। এটা একটা সামন্ততান্ত্রিক প্রথা এবং এটা আজকের নয়, আবহমান কাল থেকে চ'লে আসছে। এইসব খ্রিস্ততে যদি চ্যারিটেবল আন্ড রিলিজিয়াস পারপাসএর নামে যদি জমি ছেড়ে দেওয়া হয় তাহ'লে সেটা বন্ধ করার কোন অজ্বাত ভবিষাতেও হবে না। এই বিল আনার সময় মন্তিমহাশয় বলেছিলেন সমস্ত এগ্রিকালচারাল লাান্ডকে ইকনমিক হোভিঙ্গে পরিণত করাই তাঁদের উন্দেশ্য।

111-50-12 noon]

আমার মনে হয় এত জমি রেখে দেওয়ার কোন কারণ থাকতে পারে না। সমস্ত সম্পত্তি তাঁরা নিয়ে আস্ন এবং যদি প্রয়োজন হয়, তাদের যে ইনকাম, সেই ইনকামটা পার্র পিচুয়াল আন্রাটি হিসেবে তাদের যাতে দেওয়া হয় তার বাবস্থা কর্ন। তার জনা আমি মনে করি, এই পারপাসএ বিলের মধ্যে সেই বাবস্থা করা উচিত। তাহ'লে এই পার্সন ইনক্স্ড করার কোন কারণ থাকতে পারে না। কারণ পার্সন ইনক্স্ড করতে গেলে আমরা জানি বাংলাদেশের বহু জমিদার— এমন জমিদারের সংখ্যা কম নাই—যার নিজস্ব দেবোত্তর নাই, তাঁরা বহু পরিমাণ জমি এই দেবোত্তরের নাম ক'রে রেখে দিতে পারবেন। এর দ্বারা দেবতা কতট্কু স্ব্বিধা পাবেন, সেকথা আপনারা ভেবে দেখবেন। তা থেকে নিজেদের অপবায় করা, খরচ করা, যা চ'লে আসছে, তাই হ'তে থাকবে। সেই কারণে এটা উঠিয়ে দেওয়া উচিত।

তারপর ৩০ নন্বর অ্যামেন্ডমেন্ট সন্বন্ধে অন্যান্য সদস্যেরা বলেছেন। আমি আর একটা কথা বলতে চাই এই মেছোঘেরী সম্বন্ধে। প্রথম যথন এই এস্টেটস অ্যাকুইজিশন অ্যাক্ট পাস হয় তথন বহু আবেদননিবেদন এই ট্যাৎক ফিসারির ডেফিনিশন সম্বন্ধে মন্ত্রিমহাশয়ের কাছে করা হয়েছে, সরকারের কাছে করা হয়েছে। কিন্ত আজ পর্যন্ত তার প্রতিকার তো হয় নাই, উপরন্ত ষে আামেন্ডমেন্ট তারা নিয়ে এসেছেন তাতে মেছোঘেরীর মধ্যে খার্লবিল যাতে ইনকুডেড করা হয় তার জন্য তারা চেষ্টা করছেন। এই যে অ্যামেন্ডমেন্ট নিয়ে এর্সোছ, আমাদের দু?' বছরের যে এক্সপিরিয়েন্স হয়েছে, সেই অনুযায়ী যাতে ভাল করতে পারি, তার জন্য আমেন্ডমেন্ট নিয়ে এসেছি এই মেছোঘেরী সম্বন্ধে। তিন লক্ষ বিঘা জাম ২৪-পরগণা জেলায় রয়েছে। এ সম্বন্ধে সেটলমেন্ট রিপোর্টে যে তাদের টার্মাস ভায়োলেট করছে সেটা দেখিয়ে দেওয়া সত্ত্বেও তারা হিসেব অনুযায়ী জমি ছেড়ে দেয় নি এবং সরকারও কোন ব্যবস্থা করেন নাই। শ্ধ্ জমিদার-एमत यार्ट वा: भक्छारव न्वार्थ तक्का २८७ भारत, स्मेट वावन्था जांता कतरहन। वा: नारम अ_रर्ड খালবিল বহু জায়গায় আছে: যেখানে নদীর কোর্স অনেক জায়গায় ঘুরে গেছে সেখানে তারা সেই নদীটা ভোগ করছে। উপরন্ত যেসব দু' হাজার, তিন হাজার বিঘার জলা জমি আছে তাও তারা ভোগ করছে। আমি এগুলো সরকারকে নিতে বলছি। তা না হলে প্রচর পরিমাণ জমি এইভাবে জমিদাররা রাখতে পারবেন। ট্যাঞ্চ ফিসারি যদি করা হয়, তাহলে জমিদাররা निरक्षता रमणे कनम्योकभन कतरवन. এমব্যাঞ্চমেন্ট দেবেন। মেছোছেরীর নাম করে লোনাজ**ল** ঢ্বাকিয়ে দিয়ে বিরাট পরিমাণ চাষের জমি নন্ট করা হচ্ছে। এ সম্পর্কে সরকারের অবহিত হওয়া । তবর্তি

Sj. Saroj Roy:

মিস্টার স্পীকার, স্যার, আমার আমেন্ডমেন্ড হ'ল যেখানে এ'রা দিয়েছেন টি-গাডে'ন, স্ব্যাক্টরি, ওয়াক'সপ, মিল ইত্যাদি আমি সেখানে যোগ দিয়েছি—

"tea garden, orchard, tank fishery, mill factory or workshop and land used for the purpose of livestock breeding, poultry farming or dairy".

আর যেখানে তাঁরা বলেছেন.

"in the opinion of the State Government;"

সেটা তুলে দিয়ে আমি বলেছি "আজে ইজ আকচুয়ালি ইউজড"। এদেশে জমিদারী উচ্ছেদ আইন পাস হবার পর এদেশের জমিদাররা যতরকম অনায় উপায়ে জমি রাখতে স্বা করল তার মধ্যে একটি হ'ল এই টাঙক ফিসারি। সে সম্পর্কে অনেকেই বলেছেন, আমি আর বিশেষ কিছু বলব না। অন্য আর একটি বিষয়ে বলছি জমিদাররা এই অরচার্ড এর নাম ক'রেও বহু জমি রাখছেন। এটা শ্র্ম নর্থ বেংগলের মালদহে হয়েছে, তা নয়: অন্যান্য জায়গায়ও তা হছে। একজন সভ্য একটা মাণে ব'লে গেছেন, আমাদের ডেপ্টি মিনিস্টার সোরীন মিশ্রমান্যশম্ম যেখানে থাকেন সেখানে তার সংসারেও এই অরচার্ড এর নামে কয়েক হাজার বিঘা জমি রেখে দিয়েছেন। যেখানে এক লক্ষ্ণ গাছের বাগান বলে রেখেছেন সেখানে হয়তে। ৫০।৬০ হাজার গাছ আছে কি না সন্দেহ। অথচ বিরাট জমি ছিরে রাখা হয়েছে বাগান ব'লে। মালদহে হাজার বিঘা জমিও বাগানের নামে রেখে দেওয়া হয়েছে। মালদহ ছাড়া মান্দিবাদ, নদীয়াযও অনেক বাগান আছে। কিল্টু এবার দেখা গেল মেদিনীপ্র জেলার বহা জায়গাতে তাঁরা অরচার্ড করে জমি রাখছেন। তাঁরা ছোট ছোট কলমের চারা নিয়ে ১২।১৪ হাও ফাঁক ফাঁক ক'রে লাগিয়েছেন বহা জায়গা নিয়ে। এইরকমভাবে গাছ লাগিয়ে তাঁরা বহা জনি ছিনে রাখবার ব্যবহ্য। সেইজনা এই অরচার্ড এর কথাটা বিবেচনা করতে বলছি।

আর একটা কথা তারা দিয়েছেন।

"in the opinion of the State Government;"

এই স্টেট গভর্মনেন্টএর র্যাদ ওপিনিয়ন নিয়ে কাজ করতে হয় (সেইজনা আমি যে সামগ্রিক-ভাবে আমেন্ডমেন্ট নিয়ে এসেছি) তাতে পরিন্দার ক'রে দেখা যাবে কি ক'রে জ'মদার ও জোতদারদের সপক্ষে আরও বেশী জাম রাখতে পারবেন তার চেষ্টা সববক্ষ এই স্টেট গভন মেন্ট করছেন। স্টেট গভন মেন্টএর ওপিনিয়নই হবে এই ওপিনিয়নটা স্টেট গভন মেন্ট ভবিষাতে এই মিল, ফাাক্টরি, টি-গার্ডেন প্রভৃতিতে কি ক'রে তাঁরা আরও বহু জায়গা রেথে দিবেন। কারণ এই আইনেই তাদের ওপিনিয়ন পরিন্কারভাবে বোঝা যাচ্ছে। যখন মলে বিল আনা হয়েছিল তখন একটা কথা মন্তিমহাশয় বলেছিলেন এই আইনকে খনে ভেনেচিতেত ইমণ্লিমেন্ট করা হবে যাতে উদ্বৃত্ত জমি বেশী বেরিয়ে আসে। কিন্তু আভা তিনি এমনভাবে ইমিন্সিমেন্ট করতে যাচ্ছেন যাতে বেশী জাম বেরিয়ে যায় জাখদাব-জোডদারদের হাতে। এই তো স্টেট গভন মেন্টএর ওপিনিয়ন। অবশা ল্যান্ড রিফমর্স বিল যেটা আসভে তাতে তিনি ভাল কথা বলেছেন যে, তাঁরা জাম ডিসার্ট্রাবউট করবেন। কিন্তু কিভাবে সেই জাম ডিসার্ট্রাবউট করবেন এবং করে করবেন তা বলেন নি। কিন্ত এই ডিসট্রিবউশনএর পরের্ব যে নীতি তারা গ্রহণ করেছেন, যেভাবে তারা জাম বডলোকদের জনা রাখতে আরম্ভ করেছেন, ভাতে উম্বৃত্ত জমি যা পাওয়ার সম্ভাবনা আছে, সেট্কুও কি ক'রে জমিদারদের হাতে আরও বেশী করে রাখতে পারেন সেই জিনিসই আজকে তাঁদের পর্ম্বতিতে পরিকারভাবে ফটে উঠেছে। এখানে একটা কথা মন্ত্রিমহাশয়কে স্মরণ করিয়ে দিই। যদি আজকৈ গ্রামের কৃষকদের এক বিষাও জমি দিতে পারেন তাহ'লেও আজকে দীন, ভূমিহ'ীন কৃষকদের একটা নিম্নতম ভরসা, মিনিমাম সিকিউরিটি অফ লাইফ আপনারা দিতে পারবেন। কিন্তু সেদিকে নজর না দিয়ে প্রত্যেকটি ক্ষেত্রে তাঁরা চেন্টা করছেন কিভাবে আইন ইর্মাণ্লমেন্ট করে কিকরে আরও বেশী জমি জমিদার ও জোতদারদের তারা দিতে পারেন। এই ট্যাণ্ফ ফিসারি, অরচার্ড প্রভৃতির ম্বারাই অনেক জমি তাদের হাতে দিয়ে দিচ্ছেন। সহজেই একথা বলা চলে যে, বাংলাদেশের

ভিকাডেন্ট জমিদারদের রক্ষা করবার জন্য এই বিলে একটা হাঁনতম প্রচেন্টা হচ্ছে। এই রে জমিদারদের বিরুদ্ধে আজ বাংলাদেশে একটা তাঁর আন্দোলন চলছে, যার চাপে প'ড়ে সরকার যে বিলটা আনলেন, তাতে তাঁরা এই ভিকাডেন্ট জমিদারদের স্বার্থকে রক্ষা করবার চেন্টাই করছেন ও শেষ পর্যন্ত করবেন। তাঁরা যেভাবে অ্যামেন্ডমেন্ট নিয়ে এসেছেন তাতে পরিম্কার দেখা যাছে তাঁদের একমাত্র লক্ষ্য, একমাত্র দৃশ্ভি হাল কি ক'রে জমিদারদের হাতে আরও বহু পরিমাণ জমি দিবেন। তাই আমি বলছি—

"in the opinion of the State Government;"

যে কথাগুলি তাঁরা বলেছেন সেই জায়গায় আমি "আজ ইজ আকচুয়ালি ইউজড" কথাগুলি রাখতে বলছি। প্রকৃত প্রয়েজন হিসাবে জমি রাখাটাই যুক্তিসগত কাজ হবে। তা না হ'লে মন্দ্রিন্দাশয়ের যে মতলব আছে মূল বিলে—কৃষকদের জমি দিবেন, মঞাল করবেন, তাঁর সে মহদুদ্দোশ্য বার্থ হয়ে যাবে এবং এটাই বোঝা যাবে যে, চাপে প'ড়ে এই বিল এনেছেন, কোন সং উদ্দেশ্য প্রকৃতপক্ষে নাই।

[12-12-10 p.m.]

8j. Cangapada Kuar:

মাননীয় প্পীকারমহোদয়, সেকশন (৩)-তে দ্'টা অ্যামেন্ডমেন্ট আমি দিয়েছি। একটা কুজ (এ) অমিট করতে বলা হয়েছে, আর একটায় কুজ (বি) অমিট করতে বলা হয়েছে। এই দ্'টো অমিট করতে বলাছ এই কারণে যে, এই দ্'টো ন্তন কুজ সামিবেন্তি ক'রে একদিকে যেমন জামিদার ও জাতদারদের প্রতি অশোভন পক্ষপাতিত্ব দেখানো হয়েছে, অপর দিকে তেমনি দরিদ্র ভূমিহীন কৃষকদের প্রতি চরম অবহেলা দেখানো হয়েছে। কুজ (এ)তে প্রাতন যে প্রভাইসো ছিল তার প্রদেল ন্তন প্রভাইসো দেওয়া হয়েছে। তার ফলে দেখাছ প্রাতন প্রভাইসোতে ছিল একাদিকমে চার বছর জামি পতিত থাকলে স্টেট গভর্নমেন্ট নিয়ে নেবেন। এখন তকে উঠিয়ে দেওয়া হছে এবং ন্তন ধারায় এইরকম যে বিধান রাখা হছে তাতে সংগ্র সংগ্র ন্তন ক'রে ডিসক্রিমনেশন জোতদার ও জমিদারদের মধ্যে আনা হছে।

গতকাল মাননীয় মন্ত্রিমহাশয় প্রথম পর্যায়ের সমালোচনার উত্তরে যে জবাব দিয়েছেন সেই জবাবের মধ্যে সারবত্তা খুঁজে পাই নি। তিনি বলেছেন সেখানে চাষবাসের অস্বিধা হয়। এবং যত জমিই থাক না কেন তাতে বিশেষ কোন লাভ হয় না। তিনি হিসাব দিয়েছেন যে, প্রায় ২৬৬ জন এই ধরণের মধাস্বত্বাধিকারী রয়েছেন।

Mr. Speaker: In Support of which of your amendment are you speaking?

Sj. Cangapada Kuar:

উনি যেসব কথা বলেছেন সেইসব একসংশ্য করে বলছি। উনি বলেছেন মাত ৬,৬৫০ একর জমি এই ২৫ একর হিসাবে দিলে তারা রাখবে আর বাকি আমরা পাব ৩,৩৫০ একর। আর এটা গেলেও বিশেষ কিছু আসবে যাবে না। আমি জিল্পাসা করি, দার্জিলিংএ যেমন মধাবিওদের সমস্যা রয়েছে, সেখানে ভূমিহীন কৃষক বা অলপ জমির মালিক যারা সেইরকম কৃষকের সমস্যা আছে কি না। যদি সেখানে ভূমিহীন কৃষক থাকে বা সেখানে যদি অলপ জমির মালিক থাকে তা হ'লে তাদের অলপ জমি থাকার দর্ন বা জমি না থাকার দর্ন একই ধরনের অস্বিধা ভোগ করতে হচ্ছে। তা হ'লে তাদের কথা বিবেচনা করবেন না কেন? এই ২৫ একর করে হিসাব করে দিলেও যে ৩,৫০০ একর জমি বাকি থাকবে তা দ্ব' একর করে যে সমস্ত চাষীর জমি তাদের যদি ধরা যায় এবং ভূমিহীনদের যদি ধরা যার, তাহ'লে সেখানে প্রায় ১,৬৭৫ জন ভূমিহীন বা অলপ জমির মালিক বারা তাদের জমি দেওয়া যেতে পারে। তাহ'লে যে সমস্ত ছোট ছোট চাষী বা ভূমিহীন কৃষক রয়েছে তাদের কথা কেন চিন্তা করছেন না? সেইজন্য আমাদের যথেন্ট গারীই আবার সেশগালিজমএর নামে এইরকম

ভূরা সোশ্যালিজম প্রতিভিত করতে যাচেছন; সত্তরাং এর যা নজির তা দার্জিলিংএই প্রমাণিত হচ্ছে।

[At this stage the read light was lit.] স্যার, আমাকে আর দুটা মিনিট স্থায় দিতে হবে।

Mr. Speaker:

আপনি কোন আমেন্ডমেন্টে বলছেন? ৩৭ তো হয়ে গেল।

Si. Cangapada Kuar:

এখন ১৩-১৮ সম্বশ্ধে বলবার রয়েছে। এতে আরও কয়েকটা কথা বলার আছে। একই ইন্টারমিডিয়ারির যদি দার্জিলিং এবং অন্য জেলাতেও জমি থাকে, সেরকম জায়গায় এক জেলায় ২৫ একর এবং দার্জিলিংএ যত খাস জমি আছে সবই দখল করতে পারবে এইরকম যে আরেই বাবস্থা রয়েছে তাতে আমাদের যে সন্দেহ রয়েছে সে সম্পর্কে মিল্ফাহাশয় নিরসন ক'রে দেখেন যে, আইনে ল্পাহোল থেকে যাছেছে কি না। সেখানে অন্য জেলার যে ইন্টারমিডিয়ারি তিনি এখানে সব জমি রাখতে পারছেন এবং তার সুযোগ নেবেন। এতে যথেণ্ট ক্ষতি হবে।

তার পরে এই স্বিধা যদি দাজিলিংএর ইন্টারমিডিয়ারিদের দেওয়া হয়, তাহ'লে পশ্চিম-বাংলার অন্যানা জায়গায় যেখানে প্রতি বছর ফসল হানি হয় অথবা যেখানে অনুর্বর পার্বতা অঞ্চল রয়েছে সেখানেও ইন্টারমিডিয়ারিদের এইরকম স্বিধা দেওয়া দরকার। সেইজনা এই যে ডিসাজিমিনেশন এতে কেবলমাত্র ম্ভিমেয় কয়েকজন ইন্টারমিডিয়ারির জন্য তাদেরই স্বিধা ক'রে দেওয়া হচ্ছে। কাজেই এটার আমি সমর্থন করি না।

আর একটা আমেন্ডমেন্ট আছে। ক্রন্জ (ডি) অমিট করতে বলা হয়েছে। আগেকার যে বিধান ছিল \cdot

where the intermediary is a corporation or an institution established exclusively for a religious or a charitable purpose or both.

এখানে সে জায়গায় "পার্সান" আনা হয়েছে। আমার অভিজ্ঞতা থেকে জানি যে, ইন্টারমিডিয়ারিদের মধ্যে শতকরা ৮০ জনের এইরকম ধরনের কিছুনা কিছু দেবোতর জমি আছে।
আমরা যদি উন্বান্ত জমি নিয়ে চাষাদের মধ্যে বন্টন করতে চাই, যদি ভূমিহান চাষাদের
ভূমিগুলো দিতে চাই, তাহালে তা কি কারে হাতে পারে যদি এইভাবে বিভিন্ন ছিদ্র পথে
সমস্ত ইন্টারমিডিয়ারিদের যত খুশি জমি পেতে দেওয়া যায়? এটা আমি মোটেই সমাচান
মনে করি না। আমরা দেবসেবা চাই, কিন্তু দেবসেবার সাথে সাথে জনসেবা যদি হয় তাহালে
দিতে হবে। জনসেবা না হয়ে দেবসেবা চলবে তা উচিত নয়। যেখানে দেবসেবার বাবন্থা
থাকবে সেথানে কপোরেশন বা ইন্সাটিটিউনন বা মান্টএর মাধামে হয় এইটাই আমরা চাই।

সেইজন্য আমি দু'টো ক্লজ অমিট করবার জন্য মন্তিমহাশ্রকে অনুরোধ জানাচ্ছি।

Si. Natendra Nath Das:

মাননীয় স্পীকারমহাশয়, আমি ৩৮এ, ৩৮বি, এবং ৪২এ সবগুলো আ্যামেন্ডমেন্ট সন্বন্ধে একসংপা বলতে চাই। অনেক কিছু পূর্বস্তবী বন্ধারা বলৈ গেছেন। আমি কয়েকটা নৃতন বিষয়ের প্রতি আপনার দূল্টি আকর্ষণ করতে চাই। সাবেকে ছিল রিলিজিয়াস অর চারিটেবল অর বোথ; আমি সে জ্বায়্লায় তার বিরুদ্ধে ছিলাম। কেন না, শ্ব্ব রিলিজিয়াস বললে অনেক ফাঁকিবাজি চলে; সেইজন্য চাই রিলিজিয়াস আন্ড চারিটেবল থাক। রিলিজিয়াস আন্ড চারিটেবল বলায় ষেটা রিলিজিয়াস সেটা শ্ব্ব রিলিজিয়াস নায়, চ্যারিটেবলও যেন হয়। কেন না, রিলিজিয়াস বললে ঠাকুরের নাম করে সকলে ভাগ করে থাবে; কিন্তু বদি গরীব দৃংখীদের দেওয়া হয় ভাহলৈ তার মানে হয়। সেইজনা বলছি রিলিজিয়াস বা চ্যারিটেবল পারপাস অর বোখ—এর জায়গার "চ্যারিটেবল অর এ রিলিজিয়াস আন্ড চ্যারিটেবল" করা হউক এই কথা বলছি।

আর একটি কথা, স্পীকারমহাশয়। যেটা প্র্বকতী বন্ধা বলেছেন, যে, আমাদের দেশে ওনার্স ব'লে যেটা জ্বড়ে দেওয়া হছে সেটায় ফাঁক রয়েছে। ১৯৫৩ সাল থেকে হস্তান্তর হ'লে সেখানে ঠাকুরের নাম উল্লেখ করা হয় নি। ফাদার আদেড সান, হাসব্যান্ড আদেও ওয়াইফ, ব্রাদার্স —এইরকমভাবে হয়েছে; ঠাকুরের নাম করা হয় নি। কাল্পেই ১৯৫৩ সালের আইনের ফাঁক দিয়ে বেরিয়ে যাবে। তা ছাড়া, আমাদের দেশে সিম্পদেবতা ও পারিবারিক দেবতা আছেন। সম্পদেবতার অনেক জায়গায় রেফ ফ্রি থাকে, কিন্তু পারিবারিক দেবতার রেল্ট ফ্রি থাকে না; এখন পারিবারিক দেবাতার রেল্ট ফ্রি করে দিছেল। রেল্ট ফ্রি ছিল না, তাকে ন্তন করে রেল্ট ফ্রি আইনের বলে ক'রে দিছেন। এটায় মন্ত বড় সন্দেহ করবার জিনিস আছে। অনেকের রাতারাতি দেবতায় ভল্কি এসে গেছে। বহু লোক নান্তিক ছিল, সহসা তাদের দেবতার প্রতি শ্রম্পা এসে গেছে। ১৯৫৪ সালের আইন পাস হওয়ার পর বহু দেবতার স্টিট হয়েছে। ১৯৫০ সালের যেগ্রলো রেল্টযুক্ত ছিল সেগুলো রেল্ট ফ্রি হ'ল। সব তার ফাঁক দিয়ে হয়ে গেল। তার ভিতর পার্সন' যা আছে সেই পার্সনি তুলে দিয়ে সাবেক জিনিস রাখ্ন। রিলিজিয়াস আদেড চারিটেবল এইটাই করা হউক।

[12-10-12-20 p.m.]

Si. Tarapada Dey:

স্পীকার, স্যার, এই ধারাতে আরও বেশি ক'রে মধ্যস্বস্থভোগীদের রিলিজিয়াস এবং চ্যারিটেবল পারপাসএ অনেক বেশি জমি দেওয়ার সম্ভাবনা ক'রে দেওয়া হয়েছে। আগে কপোরেশনএর কথা ছিল। সেইজন্য যাতে ব্যক্তিগতভাবে এই জমি নিজেদের স্বার্থে বাবহার করতে না পারেন সেইজন্য আমি আমার আমেন্ডমেন্টএ দিয়েছি

without reservation of any pecuniary benefit to the person concerned. এটা আমি টোকাতে বলছি। আমি জানি, দেবোত্তর সম্পত্তির নামে বহু, জমি, প্রচুর জমি তাঁরা রেখে দিতে পারেন। বর্ধমান টাউনে বর্ধমানের মহারাজার এইরকম হাজার হাজার বিঘা জমি আছে। অনেক জমি এমনিভাবে তাঁরা পেয়ে যাবেন ব্যক্তিগত সম্পত্তি হিসাবে। অবশ্য বলতে পারেন. "এক্সক্রসিভাল" কথাটা ঢুকিয়ে দেওয়া হয়েছে। আমরা দেখেছি যে, আগে বোনা ফাইডি कालींग्रेट्डिंग्रें कथांगे त्य हिल त्में त्वांना कार्रीड कथांगे नित्य वर, लालमाल रहार्छ। तिश्व ভাগ ক্ষেত্রে হাজারের মধে। ১৯৯টি ক্ষেত্রে জমির মালিকরা জমি পেয়েছে। তেমনিই এখানেও সেই গোলযোগ হবে। যাতে সেই অবস্থা আরু না হয় সেজন্য আমি আমেন্ডমেন্ট দিয়েছি। আশা করি, মন্ত্রিমহাশয় অনুগ্রহ করে সেটা গ্রহণ করবেন। যারা ভাগচাষী, যারা বর্গাচাষী, যাদের জাম নেই, তারা যাতে জাম পার সেদিকে আমাদের লক্ষা হওয়া উচিত। কিন্তু দেখা গিয়েছে প্রায় সন্সত বিলে তাদের জমি না দিয়ে যাতে ইন্টারমিডিয়ারিদের যত বেশি জমি দেওয়া যায় তার ব্যবস্থা করা হয়েছে। যারা মিলের মালিক, যারা টি-গার্ডেনএর মালিক, যাদের আয় লক্ষ্ণ লক্ষ্ণ টাকা, তারা থত খুদি জমি রাখতে পারেন, কোন বাধা নেই। এইরকম যদি হয় তাহ'লে সাধারণ কৃষকদের জমি দেবেন কোথা থেকে? তারপর যে ধারা রাখা হয়েছে রিলিভিয়াস আন্ডে চ্যারিটেবল পারপাসএর জনা তাতে এইভাবে বহু, জমি ইন্টারমিডিয়ারিরা রাখতে পাববেন। বকেয়া আদায়ের সময় বাড়িয়ে দিয়েছেন, তার ফলে ৫০ পারসেন্ট আদায় করবার কথা ছিল সেটা ৮০ পারসেন্ট আদায় করবার বাবস্থা করে দিয়েছেন। আমি স্মরণ করিয়ে দিতে চাই যে, তিনি বলেছিলেন যে যদি ব্যাপক চাষী উচ্ছেদ হয়, বিশেষ করে বর্গাদার উচ্ছেদ হয়, যাদের কোন ডকুমেন্ট নাই, কিন্তু ২০।২৫ বছর ধরে চাষ করে আসছে তাদের ব্যবস্থা করবেন। দর্ভাগ্যের কথা, এই বাংলাদেশের রাজ্ঞর সচিব, তিনি বাংলাদেশের যে চাষীরা কোন ভক্মেন্ট বা র্মিদ না দিয়ে চাষ করে সেটা উনি জানেন না এবং তার জনা কোন আইনও আনলেন না। আর আইন আনলেন কোথায়, না জমিদারদের বাকি বকেয়া যাতে ভাল করে আদায় করতে পারেন সেই ব্যবস্থা করে দিলেন। সেইজন্য আমি বলছি যে, ইন্টারমিডিয়ারিদের অনেক বাবস্থা উনি করেছেন, প্রচর বাবস্থা করেছেন। হোমস্টেডএর নামে, এগ্রিকালচারাল ল্যান্ডএর নামে, হাটবাজারের নামে, বহু, জমি তাঁরা রাখতে পারবেন। তারপর আবার রিলিজিয়াস একং চ্যারিটেবল পারপাসএর নামে আরও বহু জমি তাঁরা রাখতে পারবেন সেই ব্যবস্থা করেছেন। সেটা যাতে না হয় তার জনা আমার আমেন্ডমেন্ট রাখছি।

Si. Madan Mohon Khan:

মাননীর স্পীকারমহাশর, আমি বলতে চাই আমে এই এস্টেটস আ্যাকুইজিশন আ্যাষ্টা পাস হরে যাবার পর কলকাতাকে বাদ দেওয়া হয়েছল ব'লে সেটা নিয়ে পেপার প্রভৃতিতে কয়েলট করা হয়েছিল। কিন্তু আজকে যখন দাজিলিং ডিস্মিষ্টটাকে বাদ দেবার জন্য ব্যবস্থা হছে তখন কংগ্রেস পক্ষ থেকে কোন গোলমাল বা কোন পেপার কয়েলট কিছুই দেখছি না। আমি এটা বলতে চাচ্ছি যে, উনি হিল ট্রান্টস, পার্বতা দেশ হিসাবে দাজিলিংটাকে ছেড়ে দিছেন। আমি এটা বলতে চাচ্ছি যে, উনি হিল ট্রান্টস, পার্বতা দেশ হিসাবে দাজিলিংটাকে ছেড়ে দিছেন। কাজেই অপরাপর যে সমস্ত পার্বতা দেশ আছে যেখানে জমির প্রোডাকশন গড়ে কয়. সে সমস্ত অঞ্চলগ্রিকে কিছ্ কিছু করে ঐভাবে ছেড়ে দেবার ব্যবস্থা করা হ'ক। তারপর উনি আমবাগানগ্রিকে ছেড়ে দিছেন। আপনি বোধ হয় জানেন, মিয় স্পীকার, আম থেকে গ্রেড়া আম তৈরি করে বিদেশে চালান দেবার জন্য সরকার পরিকল্পনা করেছেন এবং তার জন্য প্রচুর টাকা খরচ ক'বে একটা ফল্য এখানে আনিয়েছেন। সেখানে আমি মনে করি, যেখানে কোন পরিকল্পনা থেকে আমাদের প্রচুর টাকা আয় হবে এবং রাজ্যে প্রচুর টাকা আসবে, সেখানে এই সমস্ত প্রচুর, হিউজ আমবাগানগ্রিল ছেড়ে দেওয়ার কোন কারণ থাকতে পারে না। সেইজন্য আমার মনে হয় যে, আমবাগানগ্রিল সরকার নিয়ে সেই আম থেকে গ্রেড়া আম তৈরি ক'রে বাইরে চালান দিয়ে প্রচুর টাকা আসতে পারে—একথাই আমি বলব।

Ej. Bibhuti Bhushon Chose:

মাননীয় স্পীকারমহাশয়, আমার আমেন্ডমেন্টটাতে আমি পরিন্দার ব'লে দিয়েছি যে **ঐ** দার্জিলং ডিস্টিক্টটাকে ব্যাপক ক্ষমতা দেওয়া হয়ে যাচ্ছে। এই আইনের আওতায় থেকে এটাকে বেব ক'রে দেবার জনা সেই সমসত চাষের জমি জমিদার-জ্যোতদারদের দিয়ে দেওয়া হচ্ছে। সেই প্রতিশন্টাকে আমি এই আইনের আওতায় ইনক্সড করার জন্য ব'লে দিয়েছি। আমি এটক কেবল বলতে চাচ্ছি--অনেকেই এ সম্বন্ধে আলোচনা করেছেন আমরা দেখতে পাচ্ছি কি না এই সমস্ত জমিদারদের আওতায় থেকে আজকে ভাগচাষীরা নানারকম অত্যাচারে অত্যাচারিত হয়ে জানর দিক থেকে তাদের যেটকু অধিকার আছে তা থেকে তারা বঞ্চিত হচ্ছে। হাজার হাজাব লক্ষ্ণ লক্ষ্ণ মান্য এইভাবে উতাত্ত হয়েছে। আজকে জমিদারদের কাছ্ন থেকে রিপ্রেন্টেশন পেয়ে মন্ত্রিমহাশয় যেমন দাজিলিংএর সমস্ত জমি এই সমস্ত জমিদার এবং জোতদারদের হাতে তলে দেবার ব্যবস্থা করছেন কোন ডিস্টিকিমনেশন না রেখে কোন ডিমারে শন না রেখে, তেমনি আজ চাষীদের তরফ থেকে যদি রিপ্রেক্তেন্টেশন দেওয়া হয় মন্তি-মহাশয়ের কাছে, তাহ'লে তিনি কি তাদের ঠিক সেই প্রতিপ্রতি দেবেন? আজকে ভাগচাষীদের যেভাবে উত্যক্ত করা হয়েছে, আজকে যেভাবে তাদের উপর অত্যাচার ক'রে ভাগচার্যার অধিকার থেকে এদেব বণ্ডিত করা হচ্ছে, সে ক্ষেত্রে তিনি কি তাদের ভাগচাবের অধিকারটকে দেবেন? জমি তো তাদের এক ফোঁটা দিতে পারেন না, কারণ তিনি যেরকম দাতা হয়ে সমুহত জুমি বের ক'রে দিতে আরম্ভ করেছেন তাতে ক'রে এই জমিদারী দখল আইনটা একটা প্রহসনে পরিণত হবে। একমাত্র মধাস্বন্ধভোগীরা যে খাজনা পেত গভর্নমেন্ট সেট্রকু পাবে। জমি বণ্টন এই সমস্ত কিছা হবে ব'লে আমি মনে করি না এবং বিশ্বাসও করতে পারা যায় না। আজ দাজিলিংকে এর আওতা থেকে বের ক'রে দিলেন, কাল মালদাকে এর আওতা থেকে বাদ দিয়ে দেবেন, তারপরে হাওড়াকে দেবেন, হুগলিকে দেবেন,—এই করে তিন গাড়িয়ে তাল তাল ক'রে এমন অবস্থা আসবে যখন এক ফোটা জমি আপনাদের থাকবে না সাধারণ মানুষকে দেবার জন্য। অবশ্য সাধারণ মানুষ বলতে আমি জোতদার-জনিদারদের কথা বলছি না। সে মান,ষের হাতে এক ছটাক জমিও যাবে না. তখন আপনাদের ভাঁড়ে ঘি শুনা হয়ে যাবে।

[12-20-12-30 p.m.]

উনি এই যুক্তি দেখিয়ে দান্ধিনিংকে বাদ দিয়ে দিলেন। কারা ডেপ্টেশনএ এসেছিল সেকথা অনেক বক্তাই ব'লে গিয়েছেন। জমিদাররাই এসেছিল, কারণ আমরা বিশ্বাস করি, চাষীদের রিপ্রেজেন্টেশন তাঁরা গ্রাহ্য করবেন না। স্ত্রাং কয়েকটি মুন্তিমেয় জমিদারদের স্বার্থ রক্ষা করার জনাই তাঁরা এই বৃদ্ধি দেখিয়েছেন। কোম্পানির মিলমালিকদের বেলাও তাঁরা এই করেন; এখানেও জমিদারদের স্বার্থ রক্ষা করতে গিয়েই তাঁরা এই দার্গিলিংকে

এই বিলের মধ্যে থেকে বাদ দিয়ে দিলেন। কিন্তু এইভাবে বদি তাঁরা চলেন তাহ'লে পর বখন বর্ধমানের রাজা ও জমিদাররা রিপ্রেজেন্টেশন দেবেন তখন তিনি কি করবেন? বর্ধমানের সমস্ত জমিদারী কি এই আইনের থেকে বাদ দিয়ে দেবেন? সৃতরাং এ'দের কোন সুষ্ঠা নীতি নেই যার শ্বারা এ'রা পরিচালিত হ'তে পারেন। এ'দের নীতির মধ্যে গলদ রয়ে গিরেছে। সরষের মধোই ভূত রয়ে গিরেছে। তা ছাড়া. এভাবে চললে তাঁরা জমি বণ্টন করবেন কি ক'রে? তাঁদের হাতে একট,কো র্জীম থাকবে না যা তাঁরা বন্টন করতে পারবেন। এখানে তিনি বলেছেন যে, হিলি এরিয়াতে এ'দের হাতে এই সাড়ে তিন হাজার একর জমি র্ফোশ থাকবে। দার্জিলিংএ সাড়ে তিন হাজার একর জমি চলে গেল, তারপর বর্ধমানের রাজার রিপ্রেজেন্টেশনএ সাত হাজার একর চলে যাবে তারপর অন্যান্য জমিদাররা রিপ্রেজেন্টেশন দিলে আরও হাজার হাজার জমি এই চার লক্ষ একর জমি থেকে বেরিয়ে যাবে। তাহলে আপনাদের হাতে কত জমি থাকবে এবং কি পরিমাণ জমি আপনারা দিতে পারবেন? তাই আপনারা যুক্তি যা দিয়েছেন তা অতি দূর্বল। পার্বতঃ অঞ্চলে চাষের কথা বলেছেন যে সেখানে চাষ্টাদের অত্যন্ত পরিশ্রম ক'রে খাদা উৎপন্ন করতে হয়। একে তো বড় বড় চা-বাগান-গালির মালিক তারা তাদের জমি রাখতে পারবে, তারপর এইজন্য যদি জমি ছেড়ে দিতে হয় তাহ'লে অন্য জায়গাতেও তাকে এইরকম এক্সেপশন করতে হবে। একটা জেলার জন্য যদি করেন তাহ'লে বাঁকুড়ায় বহু পার্বতা জায়গা আছে, সেখানে এক্সেপশন করতে হয়। এখানে এই বিলের মূল উদ্দেশ্য কি? মূল উদ্দেশ্য হচ্ছে জমি দখল করে সেই জমি বণ্টন করে ক্ষি সমস্যার সমাধান করা। এই যদি মলে উদ্দেশ্য হয় তাহলে যে প্রহসন শ্রু করেছেন সেই প্রহসনের স্বারা এই সমস্যার সমাধান হবে না। সতাই যদি জমিদারী প্রথা উচ্চেদ করে নিজেদের হাতে বেশি জমি আনতে পারেন তবেই এই সমস্যার সমাধান হবে. নইলে হবে না। সেইজন্য আশা করি, এই প্রভিশন তুলে দিয়ে সাধারণ মানুষের যাতে উপকার হয় সেদিকে मुच्चि दमद्यन।

8j. Cangadhar Naskar: Sir, I want to speak.

Mr. Speaker: Forty-nine speakers have already spoken on this clause. If those who have not tabled amendments also want to speak, then there will be no end to the debate.

8j. Rakhahari Chatterjee: Sir, I have one amendment and I want to speak.

Mr. Speaker: I think you need not press to speak after so many speakers have spoken.

8j. Bankim Mukherli:

